# কেন আমরা ধর্মসম্প্রদায় নই ?

আমি অনুমান করি, প্রায় তিন মাস অনুপস্থিত থাকার পর পুনরায় এখানে বেদীতে ফিরে আসার সৌভাগ্য হয়েছে। কাঠবিড়ালিদের কঠিন সময় পার হয়েছে, আমারও তাই। ওহ, এটা স্বস্তিদায়ক, যদিও, এখন, এবং আপনি পুনরায় সেবাতে আরো অধিক প্রবেশ করার মতো অনুভব করছেন। এবং এখন এই আগামী সপ্তাহে শুরু করার আশা করছেন, আগামী বুধবার রাতে, একটি—একটি পুনরুজ্জীবন সভা এখানে ট্যাবারনাকেলে। আর যদি ঈশ্বর ইচ্ছা করেন, আমার কাছে এক ধরনের...প্রভু আমাকে একটি ভিন্ন এবং নতুন ধরনের সেবাকার্যের প্রতিশ্রুতি দিয়েছেন। এবং যদি তিনি তা করতে সন্তুষ্ট হন, আমি এটি শুরু করার আশা করি এই—এই নতুন ধরনের সেবাকার্য আগামী সপ্তাহে, এখানে ট্যাবারনাকেলে, প্রথম স্থানের জন্য।

2 আর তারপরে, এই আসন্ন জানুয়ারির জন্য আমার কোনও নির্ধারিত সভা নেই, তবে শুধু অস্ট্রেলিয়া এবং নিউজিল্যান্ডে। আর তারপরে ভাই অসবর্ন একটি যৌথ সভা আহ্বান করছেন যা আমি তাকে এখানে কিছুক্ষণ আগে, তুলসায় প্রতিশ্রুতি দিয়েছিলাম, কিন্তু একটু পরে, কিন্তু আমরা এখনও সেই বিষয়ে নিশ্চিত নই।

3 এটা অবশ্যই খুব ভালো, ভাই জেফ্রিস, এখানে আপনার সঙ্গে হাত মিলাতে পেরে, এবং আপনার ছেলেকে সেই গানটি গাইতে শুনতে এবং আপনাকে বাজাতে দেখতে পেরে। আমি এটা ভালোবাসি, পিতা এবং পুত্র। আপনি কি এটা পছন্দ করেন না? "একটি শিশুকে সেভাবে লালন-পালন করুন যেভাবে এটি হওয়া উচিত।" সেটা ঠিক, মহাশয় গুয়েন্থার, আপনি—আপনি জানেন যে এটা ঠিক, আপনারা উভয়ই। "একটি শিশুকে সেভাবে লালন-পালন করুন যেভাবে এটি হওয়া উচিত, এবং যখন সে বৃদ্ধ হবে তখন এটি চলে যাবে না।" এবং এটি সত্য। কখনও কখনও এমন হতে পারে যে সে এটি থেকে চলে যেতে পারে, তবে এটি তার কাছ থেকে চলে যাবে না। দেখুন? এটি—এটি সবসময় তার সঙ্গে থাকবে। সেই প্রাথমিক প্রশিক্ষণ এবং যা কিছু করার জন্য তাকে বড় করা হয়েছে, সেটা—সেটা অবশ্যই তার সঙ্গে থাকবে। এখন, এই...

4 আমি সেখানে ভাই জেফ্রিসের সঙ্গে দেখা করেছি এবং আমি বলেছিলাম, "ভাই জেফ্রিস..." আমি ভেবেছিলাম, আপনারা জানেন, আমি আমার পরিদর্শনকারী ভাইদের একজনকে দেখে সর্বদা আনন্দিত হই, কিন্তু এত রাতে একজন পরিদর্শনকারী ভাই আসার জন্য! এই পুনরুজ্জীবনের ঠিক আগে, এটি সেই রাত যারা ট্যাবারনাকেলে আসেন। এটি সেই রাত...আমরা আজ রাতে নিতে চাই, এবং আগামীকাল সকালে, এবং আগামীকাল রাতে, আমরা এখানে ট্যাবারনাকেলে যা বিশ্বাস করি তার উপর, পুনরায়—পুনরায় অভ্যাস করার জন্য। আমাদের কিছু ভয়ঙ্কর অদ্ভুত বিশ্বাস আছে, খুব অদ্ভুত, কিন্তু কোনো না কোনোভাবে আমরা সেগুলো বাইবেলে খুঁজে পাই। তারা সেখানে সব ঠিক আছে বলে মনে হয়।

5 আর এখন, যদি সেখানে একজন অদ্ভুত ভাই অথবা বোন থাকেন, যিনি একটি নির্দিষ্ট ধর্মসম্প্রদায়ের অন্তর্গত, অথবা—অথবা অসম্মত হন, আজ রাতে এখানে বসে আছেন, আমরা আপনাকে বলতে চাই যে আপনি সম্পূর্ণরূপে স্বাগত। দেখুন, আপনাকে সম্পূর্ণরূপে স্বাগত জানানো যাচ্ছে। কিন্তু এখন আশা করছি...এবং আমরা এটি সুন্দর রুক্ষ করে তুলি। সুতরাং যদি মনে হয় যে আপনি এটির সঙ্গে একমত নন, ঠিক আছে, এখন, আমি যেমন করি ঠিক তেমনি আপনি করুন যখন আমি যখন চেরি পাই খাই। আর যখন আমি চেরি পাই খাই, যেটি আমার প্রিয়, আমি সবসময়, যখন আমি...আমি যখন পাই খাই, যদি আমি একটি বীজ মুখে দিয়ে ফেলি, আমি পাইটি ফেলে দিই না। আমি—আমি শুধু বীজটি ফেলে দেই আর শুধু পাই খেতে থাকি। সুতারং, অথবা মুরগির মাংস খাওয়ার মতো। এখন, আপনারা সবাই মুরগির মাংস পছন্দ করেন, দেখুন। আর যখন আপনি হাড় মুখে দিয়ে ফেলেন, আপনি ছেড়ে দেন না, আপনি শুধু হাড়ের চারপাশ থেকে মুরগির মাংস খেতে থাকেন। ঠিক আছে, আপনি আজ রাতে এইভাবে করুন, আমি এখানে যা বলছি, আপনি শুধু...যখন আপনি কিছুতে আঘাত করেন, আপনি বলেন, "এখন, আমি—আমি শুধু করব না...আমি এই পরের তিনটি সভাতে, একটি ছোট চার্চের মতবাদ হিসাবে বসে আছি। তারা শুধু এক ধরনের মহড়া করছে তারা যা—তারা যা বিশ্বাস করে, এবং এটির উপর দিয়ে যাচ্ছে।"

6 আর একমাত্র উপায় যেভাবে আপনি একজন ব্যক্তিকে এটি প্রায় বিশ্বাস করাতে পারেন, তা হল তাকে দ্রুতবেগে ঘরে নিয়ে আসুন যতক্ষন না তারা জানতে পারেন যে সেটাই সেই বিষয় যেটি সঠিক। এটিই একমাত্র উপায় যেভাবে আপনি এটিকে আটকাতে

পারেন। ঠিক আমার একজন বন্ধুর মতো, মিস্টার উডের সঙ্গে আমি ছিলাম; আপনি যদি অর্ধেক একটি পেরেক প্রবেশ করান, এবং তক্তাটি আলগা থাকে, তবে বাতাস এটিকে খুব শীঘ্রই উড়িয়ে নিয়ে যাবে। কিন্তু আপনাকে তাকে সম্পূর্ণ প্রবেশ করাতে হবে, এটিকে শক্তভাবে আটকানোর জন্য। তাই এখন যদি আমি এই স্থানগুলির মধ্যে কোনটিতে সত্যিকারের রুক্ষ হই, এবং আজ রাতে আপনারা দর্শকেরা যারা বসে আছেন, আমি—আমি আপনাদের ফেলে দেওয়ার চেষ্টা করছি না। আমরা যা বিশ্বাস করি আমি শুধু এই মণ্ডলীকে ঘরে নিয়ে যাওয়ার চেষ্টা করছি। সকলে এখন তা ভালো করে বুঝতে পেরেছেন, বলুন, "আমেন।" [মণ্ডলী বলল, "আমেন।"—সম্পাদকীয়] ঠিক আছে। সেটা—সেটা ঠিক আছে। আর এখন আমার হাত থেকে এটি সরিয়ে নিন। আর তারপর—এরপর...তারা এটি রেকর্ড করছে, এবং আরও অনেক কিছু, যদি পরে, তারা যদি পরে জানতে চান আমরা আসলে কিসের পক্ষে দাঁড়িয়েছি, এবং আমরা কি ভিত্তিতে দাঁড়িয়েছি, এই রেকর্ডিং তা বলে দিবে। আর তারপরে আমরা প্রায়শই এটি করি, কারণ সেখানে নতুন লোকরা আসেন এবং—এবং আমরা এগিয়ে যাই। আর এখন আমরা সমস্ত চার্চের মতবাদের উপর যেতে সক্ষম হব না, তবে তাদের মধ্যে কিছু যা আমরা চাই—কথা বলতে চাই। আর এখন, বুধবার রাতে, যদিও, শুরু হয়...

7 এখন, সোমবার এবং মঙ্গলবার, আমি দূরে যাচ্ছি, প্রার্থনা করতে, আরোগ্যদান সভার জন্য প্রস্তুত হতে। আর আপনি ফোন করতে পারেন, অথবা আপনি যা করতে চান, এবং এই আসন্ন পুনরুজ্জীবনের সভার জন্য আপনি যে কাউকে আনতে পারেন। এবং তাদের এখনই তাড়াহুড়ো করে আসতে বলবেন না, আসতে বলবেন না, বলুন, "ঠিক আছে, এখন আমি দৌড়ে প্রবেশ করতে যাচ্ছি এবং আজ রাতে আমার জন্য প্রার্থনা করা হবে। এবং আগামীকাল রাতে, এটি সব..." আপনি এটি করবেন না। আপনি ভিতরে আসুন এবং কিছুক্ষণ শুনুন, কারণ আমরা আমাদের সময় নিতে চাই এবং সেই বাক্যটিকে এত কাছাকাছি রাখতে চাই যেন শয়তান কখনও নড়াচড়া করার জন্য একটি সামান্য স্থানও পাবে না। আর তারপর যখন আপনি আপনার বিশ্বাসকে তার শেষ পর্যন্ত আসতে দেন, যতক্ষণ না আপনি বিশ্বাস করতে শুরু করেন, তারপর আপনার অবচেতনাকে কার্য করতে দিন, তখন ঈশ্বরের বিশ্বাস এটিকে সমর্থন করবে। তারপর আপনি সরাসরি বাইরে যাবেন। দেখুন ?

কারণ, আপনার বিশ্বাস খুব বেশি করবে না। আপনার অবচেতনাকে সেদিকে যেতে হবে যেদিকে আপনার বিশ্বাস যাচ্ছে, এবং তারপর ঈশ্বরের বিশ্বাস পিছনে চলে আসে এবং সবকিছু নিশ্চিত করে। দেখুন ? কিন্তু, যদি এটি আপনার বিশ্বাস হয়, "ওহ, হ্যাঁ, আমি এখনই এটা পেয়েছি!" এমনকি আপনার অবচেতনাও, এখানে ফিরে এসে বলছে, "আমি বিস্ময়বোধ করি এটা আমার উপর কাজ করবে কিনা।" এটা তা করবে না, ঠিক তখনই। দেখুন ? তাই আমরা চাই এটি একটি প্রকৃত আরোগ্যদান সভা হোক। এবং আমি কাউকে কক্ষে নিয়ে আসার আগে, এবং আরও অনেক কিছু, আরোগ্যদানের জন্য, অথবা এই নতুন সভার জন্য, আমি চাই যেন তারা সত্যই বুঝতে পারেন তারা এখানে কিসের জন্য এসেছেন। তাই শুধু মনে রাখবেন, আর আসুন এবং আমাদের সঙ্গে দেখা করুন, আর আমরা আপনাকে পেয়ে খুশি হব।

8 এখন মনে রাখবেন, এখন, আজ সকালে, আমরা চার্চের শিক্ষার সম্বন্ধে কথা বলা অবিরত রাখতে যাচ্ছি। আর আগামী কাল রাতেও একই ভাবে। আর আপনাকে উপস্থিত হওয়ার জন্য স্বাগত জানাই, আর যে কেউ আসতে পারেন। আমরা সবসময় কাউকে দেখে আনন্দিত হই। কিন্তু এখন এটি, আজ রাতে, এখানে ট্যাবারনাকেলের লোকদের জন্য ঘরে ফেরা নির্দেশিত হয়েছে, যা—যা এই শিক্ষায় উত্থাপিত হয়েছে। কারণ, বাইরে ক্ষেত্রে, সুসমাচার প্রচারের ক্ষেত্রে, আমরা শুধু ধর্মগ্রন্থের প্রকৃত মৌলিক, সুসমাচারমূলক শিক্ষা গ্রহণ করি। কিন্তু এখানে ট্যাবারনাকেলে, আমরা আমাদের নিজস্ব চিন্তাভাবনা এবং আমাদের নিজস্ব বিশ্বাস পেয়েছি, একটি—একটি—একটি মণ্ডলী হিসাবে, আর আমরা আজ রাতে সেটি দেখব।

9 আর আমরা তাঁর আশীর্বাদপূর্ণ বাক্য খোলার আগে, আমরা কি প্রার্থনার জন্য আমাদের মাথা নত করতে পারি না ?

10 সর্বশক্তিমান এবং পরাক্রমশালী ঈশ্বর, যিনি, পৃথিবীর প্রথম পরমাণুতে ঘুরতে শুরু করার পূর্বে, আপনি ঈশ্বর ছিলেন। আপনি একটুও বদলান নি। আর যখন এটি ধরে রাখার জন্য আর কোন পরমাণু থাকবে না, এবং ধরে রাখার মতো আর কোন জগৎ থাকবে না, তখনও আপনি ঈশ্বর থাকবেন। আপনি চিরকালের জন্য, এবং অনন্তকাল থেকে। আপনিই ঈশ্বর। আপনার কখনই জীবনের শুরু ছিল না, জীবনের শেষও ছিল নাই। আপনি সবসময় আছেন। এবং, পিতা, আপনি অসীম, এবং আমরা সসীম, আর আমরা আপনার ঐশ্বরিক করুণা প্রর্থনা করি, ঈশ্বর, এই উপলব্ধি

করি যে আমাদের এই আত্মা অনন্তকালের মধ্যে মিশে যাবে, এই সময়ের উপাদানগুলি থেকে, অনন্তকালের মধ্যে। অতএব, প্রভু, আমরা এখানে আমাদের পরিত্রাণের বিষয়ে পরীক্ষা করতে এসেছি, আমরা কীভাবে আপনার বাক্যের সামনে দাঁড়িয়ে আছি তা দেখতে, এবং আমরা আমাদের অভিজ্ঞতায় কিভাবে অবস্থিত তা দেখতে। আমরা কি এমন জীবনযাপন করছি যা আপনাকে খুশি করে ? আমাদের আত্মা আপনার আত্মার সঙ্গে কি সাক্ষ্য বহন করে ? এবং আমাদের শিক্ষা কি এই বাইবেলের সঙ্গে সাক্ষ্য বহন করে ? আর, পিতা, আমরা যেন এই পরবর্তী তিনটি আসন্ন সভাতে উভয়কেই ঘনিষ্ঠভাবে পরীক্ষা করতে পারি। এটি প্রদান করুন, প্রভু।

11 আশীর্বাদ করুন এখানকার পালককে, ডিকনদের, তত্ত্বাবধায়কদের এবং সমস্ত সাধারণ মানুষকে, যারা এই মণ্ডলীতে আসেন। আমার এখানে আসার পর থেকে, প্রভু, এমন অনেক আছে, যাদের নামও আমি জানি না, অথবা তারা কোথা থেকে এসেছেন, কিন্তু আমি নিশ্চিত যে আপনি তাদের সম্পর্কে সব কিছু জানেন। আর আমরা এখানে সেই একটি উদ্দেশ্য নিয়ে এসেছি, আজ রাতে, প্রভু, লিখিত বাক্যের আশেপাশে সহভাগিতা করার জন্য। আর আমাদের জীবনে পবিত্র আত্মা প্রদান করুন, যাতে আমরা শান্তিতে, এবং শান্তভাবে এবং ঈশ্বরের ভয়ে বসতে পারি, এবং তাঁর বাক্য দ্বারা আমাদের জীবন পরীক্ষা করতে পারি। এটি প্রদান করুন, প্রভু।

12 আর এই ভবনে, আজ রাতে, প্রভু, সেখানে আমার ভাইরা রয়েছে চার্চ—চার্চের বিভিন্ন পর্যায় থেকে। এবং, প্রভু, আমি খুবই কৃতজ্ঞ যে তারা এখানে সহভাগিতা করতে এসেছেন। হয়তো আমরা মতবাদের নীতিমালার উপর দ্বিমত পোষণ করতে পারি। কিন্তু সেই একটি মহান প্রধান নীতিতে, আমরা ঐক্যবদ্ধ ভ্রাতৃবৃন্দ হিসেবে সামনে দাঁড়িয়ে আছি। যেন, হে ঈশ্বর, যেন এটা আমাদের—আমাদের সহভাগিতাকে শক্তিশালী করে, আর আমাদের...এবং ঈশ্বরের করুণা এবং ভালবাসার বন্ধনগুলি আমাদের উপর ভরপুর থাকে। এখন, প্রভু, এটি বুঝতে পেরে যে এটি একজন মানুষের পক্ষে অনেক বেশি কাজ, কারণ আমরা এখানে বিবেচনাধীন আছি, আজ রাতে, আত্মার গন্তব্য যা অনন্তকালের জন্য আবদ্ধ। তাই আমরা প্রার্থনা করি যেন পবিত্র আত্মা সরাসরি বাক্যে প্রবেশ করেন, এবং এটিকে বিন্যস্ত করবেন এবং তাঁর নিজস্ব উপায়ে এটি ব্যাখ্যা করবেন, আমাদের কাছে, যা তিনি আমাদের জানাতে চান। এটি প্রদান করুন, প্রভু। আর যখন তিনজন...

সভার সময় শেষ হয়ে যায়, আমরা যেন একটি শক্তিশালী মণ্ডলী হিসাবে যেতে পারি, একসাথে একত্রিত হয়ে, আমাদের হৃদয় এবং আমাদের লক্ষ্যগুলিকে একত্রিত করতে, ঈশ্বরের রাজ্যের আমাদের সহ নাগরিকদের সঙ্গে, এবং পূর্বে এমন হয়নি সেভাবে এগিয়ে যেতে পারি।

13 আমি আপনাকে ধন্যবাদ জানাতে চাই, প্রভু, এখানে মণ্ডলীর এবং—এবং এখানে থাকা লোকদের উপস্থিতিতে, যে আপনি এখন আমাকে বেশ কয়েক সপ্তাহ ভালো বিশ্রাম দিয়েছেন। আপনার উপস্থিতি এবং আপনার আশীর্বাদের জন্য আমি আজ রাতে খুব ভালো অনুভব করছি। হে ঈশ্বর, আমরা এখানে ভাইয়ের জন্য প্রার্থনা করি, আমাদের ভাই যিনি বিদেশে যাচ্ছেন, সেই অন্ধকার, ঘোলাটে দেশগুলিতে যাচ্ছেন, যেখানে তার জীবনের লক্ষ্য আছে। হে প্রভু, আমাদের ভাই জেফরিকে আশীর্বাদ করুন যখন তিনি যাচ্ছেন, এবং তার ছেলে, এবং তার স্ত্রীকে, আর তাকে মহান অগ্রগতি দিন। যতক্ষণ না সুসমাচারের আলো দূর-দূরান্তে আলোকিত হবে ততক্ষণ পর্যন্ত তিনি অন্ধকারের মধ্য দিয়ে যেন গর্ত কাটতে পারেন। আমাদের শ্রবণ করুন, পিতা, আমরা আপনার পুত্র প্রভু যীশুর নামে এই আবেদনটি প্রার্থনা করছি। আমেন।

14 এখন, আজ রাতে, আমার ছোট স্কোফিল্ড বাইবেলে পড়ছি। সম্প্রতি আমি পঁচিশ বছর পেরিয়েছি। আর আমি এখনও এটি পড়তে পারি, কিন্তু এটি বেশ ম্লান হয়ে যাচ্ছে। তাই আমি যখন অধ্যয়ন করি তখন আমি আমার জন্য পড়ার চশমা ব্যবহার করি, এবং আমি প্রথমবারের মতো আজ রাতে এটি কীভাবে কাজ করে তা দেখতে যাচ্ছি।

এখন আমার কাছে বিষয় আছে, যেমন, "মণ্ডলী অবশ্যই..." ওহ, অনেক কিছু, যদি আমরা তাদের নিতে পারি। তাদের একটি, "কেন আমাদের মণ্ডলী বলা হয়? কেন আমরা একটি ধর্মসম্প্রদায় নই? কেন—কেন আমরা বিশ্বাসীদের আত্মার চিরন্তন নিরাপত্তায় বিশ্বাস করি? কেন আমরা নারী প্রচারকদের দোষারোপ করি? কেন আমরা জলে ডুবিয়ে বাপ্তিস্ম দিই? এবং মণ্ডলীকে কি ক্লেশ এর মধ্যে দিয়ে যেতে হবে?" এবং এখানে এইরকম অনেক বিষয়, আমি অনুমান করি আমি পনেরোটি অথবা আঠারোটি নিয়েছি, পরবর্তী কয়েকটি রাতের জন্য।

15 তাই আমি ভাবছি, আজ রাতে, শুরু করার জন্য, শুরু করার জন্য, এটা মনে হয় যে প্রভু আমার হৃদয়ের উপর অবস্থান করছেন

শুধুমাত্র এই বিষয়টির জন্য...*কেন আমরা ধর্মসম্প্রদায় নই* ? যে কারনে...এখন, অন্যান্য ধর্মসম্প্রদায়ের বিরুদ্ধে আমাদের কাছে কিছুই নেই। তাদের বিরুদ্ধে আমাদের কাছে কিছুই নেই, কিন্তু আমি ব্যাখ্যা করতে চাই কেন আমরা কখনই কোনো ধর্মসম্প্রদায়ের সঙ্গে যাইনি। আমি একটি ছোট ব্যাপটিস্ট চার্চে নিযুক্ত হয়েছিলাম, আপনারা জানেন। এবং ব্যাপটিস্ট একটি ধর্মসম্প্রদায় নয়, সম্প্রতি পর্যন্ত ছিল না, এবং এখন এটি বাকিদের মতোই ঠিক ধর্মসম্প্রদায় হয়ে উঠছে। কিন্তু, যে কারণে আমরা কখনই ধর্মসম্প্রদায় হয়ে উঠি নি...

16 এখন, আমরা একটি সংগঠন। আমরা একটি সংগঠন, এখানে নথিভুক্ত—আদালতে, একটি সংগঠন হিসাবে, মানুষের একটি দল যারা খ্রীষ্টের উপাসনা করার জন্য একত্রে সংগঠিত হয়েছে, কিন্তু আমরা একটি ধর্মসম্প্রদায়ের মধ্যে নেই। কেউ আমাদের উপর কর্তৃত্ব করতে যাচ্ছে না, আপনারা দেখুন। এটি একটি ধর্মসম্প্রদায় নয়। এটা—এটি শুধুমাত্র একটি সংগঠন, খ্রিস্টান বিশ্বাসীদের মধ্যে একটি সহভাগিতা। লোকেরা এখানে মণ্ডলীতে আসেন। এবং এটি তাদের গৃহ মণ্ডলী হয়ে যায় যদি তারা আসতে চায় তবে, যতদিন তারা জীবিত থাকেন।

17 আর তারা এখানে আসতে পারেন এবং আমরা যা প্রচার করি তার সঙ্গে দ্বিমত পোষণ করতে পারেন। এটা পুরোপুরি ঠিক আছে। আপনি এখনও, যতক্ষণ আপনি একজন খ্রিস্টান, আপনি সহভাগিতা পেয়েছেন, এবং বাকিদের মতোই একটি বিতরণ-পত্র পেয়েছেন। দেখুন ? যদি আমি বলি আমি জলে ডুবিয়ে বাপ্তিস্ম দিতে বিশ্বাস করি, আর আপনি ছিটানোয় বিশ্বাস করেন এবং তাতেই থাকেন, আমরা এখনও ঠিক একই রকম থাকব যদি আমরা দুজনেই সম্মত হই। আমরা হয়ত একইভাবে চোখে চোখ রেখে দেখতে সক্ষম হতে পারব না। কিন্তু যতক্ষণ আপনি একজন খ্রিস্টান ভাই বা বোন হন, আপনি সম্পূর্ণরূপে স্বাগত, দেখুন, সকলেই।

18 তাই আমাদের কোনো ধর্মসম্প্রদায় নেই, কারণ আমি মনে করি সেই ধর্মসম্প্রদায় ভ্রাতৃত্বকে আলাদা করে। তাদের কেউ কেউ বলবে, "ঠিক আছে, সেই পুনরুজ্জীবন সম্বন্ধে আমাদের কিছুই করার নেই। সেটা মেথডিস্ট পুনরুজ্জীবন।" "ঠিক আছে, সেটা ব্যাপটিস্ট। আমরা পাইনি...আমরা মেথডিস্ট। এর সঙ্গে আমাদের কিছু করার নেই।" ভাই, খ্রীষ্ট যদি এর মধ্যে থাকেন, আমাদের—আমাদের সকলেরই এটা সঙ্গে করা উচিত। আমরা আমাদের...এটি—এটি খ্রীষ্টের দেহ যে—যে কষ্ট পাচ্ছে। এবং আমি আজকে দেশে

এত কিছু দেখতে পাচ্ছি, কীভাবে আমাদের আছে...এখন, খ্রীষ্ট কখনোই করেননি, কোনো সময়ে, কোনো ধর্মসম্প্রদায় সংগঠিত করেননি। এখন, সেটা শুধু ভালো করে আশ্বস্ত করা যাক।

19 এখন, এখন, আমি আগামীকাল রাতে আপনাকে জিজ্ঞাসা করতে যাচ্ছি, যদি এই বিষয়গুলির মধ্যে কোনটি আপনি জানতে চান, যেমন কিছু ইতিহাস যা আমি উদ্ধৃত করছি, অথবা অন্য কিছু। আমার কাছে এটি সম্পূর্ণ ঢেলে দেওয়ার সময় নেই, আমি অন্য বিষয়ে যাব না, কারণ আপনি সেই একই বিষয়ে সপ্তাহ কাটাতে পারেন। কিন্তু আপনি যদি স্থানটি অথবা কোন কিছু জানতে চান তবে আমাকে জিজ্ঞাসা করুন, এবং এটি এখানে—এখানে টেবিলে রেখে যান, আর আমি আপনার জন্য এর উত্তর দিব।

20 এখন, প্রাচীনতম ধর্মসম্প্রদায়, এবং আমাদের কাছে প্রথম ধর্মসম্প্রদায় চার্চটি হল ক্যাথলিক চার্চ। এবং এটি শেষ প্রেরিতের মৃত্যুর প্রায় তিনশত বছর পরে সংগঠিত হয়েছিল। আর এটা ঠিক। আপনি এটি প্রারম্ভিক নাইসিয়া ফাদার বইতে পাবেন, আর আপনি এটি জোসেফাসের লেখায় পাবেন, আর, ওহ, অনেক—অনেক মহান ঐতিহাসিকের। দেখুন ? এবং যতদূর পর্যন্ত সেই—সেই...যে কোন মণ্ডলীর যুগে, শেষ প্রেরিতের মৃত্যু পর, আর প্রেরিতদের যুগের তিনশো বছর পর, কোন ধর্মসম্প্রদায় ছিল না। এবং ক্যাথলিক হল চার্চের একটি প্রথম ধর্মসম্প্রদায়।

21 এবং প্রোটেস্ট্যান্ট গির্জা হল সেই ধর্মসম্প্রদায় যা একটি ধর্মসম্প্রদায় থেকে বেরিয়ে এসেছে। প্রথম সংস্কার আসে, ছিলেন লুথার; লুথারের পরে জুইংলি আসেন, জুইংলির পরে ক্যালভিন আসেন, এবং এইভাবে নীচে যেতে থাকে। আর পরে ওয়েসলিয়ান রিভাইভ্যাল, এবং আরো নীচে আলেকজান্ডার ক্যাম্পবেল, জন স্মিথ, এবং আরও কে, দেখুন, নীচে যেতে থাকে। এবং আমরা এখন যে শেষ গতিবিধি পেয়েছি তা হল পেন্টিকোস্টাল যুগের এক ভিন্ন পর্যায়।

22 আর আমি বিশ্বাস করি যে ঈশ্বর প্রতিটি যুগের সঙ্গে ব্যবহার করেছেন। কিন্তু আপনি কি কখনও লক্ষ্য করেছেন, প্রত্যেকবার একটি গির্জা ব্যর্থ হয়, যখন তারা ধর্মসম্প্রদায় তৈরী করে ঠিক তখন থেকে তারা ব্যর্থ হতে শুরু করে ? এবং যখনই তারা ব্যর্থ হয়, ঈশ্বর আর কখনও সেই মণ্ডলীকে উত্থাপন করেন না। এটা সরাসরি বীজে যায়। এখন আপনি শুধু...আপনি যদি তার ইতিহাস জানতে চান, আমরা—আমরা তা প্রকাশ করতে পারি, যে—যে কোন মণ্ডলী,

মণ্ডলীর ইতিহাসে কখনোই হয় নি, যে কোন মণ্ডলী পড়ে যাওয়ার পর পুনরায় উত্থিত হয়েছে। ব্যাপটিস্ট, মেথডিস্ট, প্রেসবিটারিয়ান, লুথারেন, যাই হোক না কেন, যখন তারা পড়ে যায়, তারা শেষ হয়ে গেছে। এখন, সেটা ঠিক। এখন, এই, আমি—আমি এখন আপনাদেরকে বলেছি, বস্ত্র পরিধান করুন, কারণ আমরা এটি স্থির করতে যাচ্ছি। দেখুন ? কখনোই নয়, একবারও নয়। যখন একজন ব্যক্তি স্বতন্ত্রভাবে বেরিয়ে এসে একটি গির্জা সংগঠিত করেন, তখন এটি শুরু হয়।

23 ঈশ্বর প্রত্যেক ব্যক্তির সঙ্গে ব্যক্তিগত ভাবে আচরণ করেন, ধর্মসম্প্রদায়ের সঙ্গে নয়। কোন যুগেই ঈশ্বর কখনও একটি ধর্মসম্প্রদায়ের সঙ্গে আচরণ করেননি। তিনি সর্বদা একজন ব্যক্তির সঙ্গে আচরণ করেছেন। পুরাতন নিয়মে, তিনি ব্যক্তির সঙ্গে ব্যক্তিগত ভাবে আচরণ করেছিলেন। নতুন নিয়মে, তিনি ব্যক্তির সঙ্গে ব্যক্তিগত ভাবে আচরণ করেছিলেন। যে কোনো যুগে, তিনি সর্বদা প্রত্যেক ব্যক্তির সঙ্গে ব্যক্তিগত ভাবে আচরণ করেন, ধর্মসম্প্রদায়ের সঙ্গে নয়। সুতরাং, অতএব, ঈশ্বর যদি ধর্মসম্প্রদায়ের মধ্যে না থাকেন, তাহলে আমার কাছে এটির সঙ্গে একটি ধর্মসম্প্রদায়ের সম্পর্ক রেখে লাভ কী ? এখন, আমি সেই ধর্মসম্প্রদায়ের লোকদের কথা বলছি না, আমি ধর্মসম্প্রদায়ের বিষয়ে কথা বলছি, কারণ ঈশ্বরের লোকেরা এই সমস্ত ধর্মসম্প্রদায়ের মধ্যে রয়েছে।

24 এখন, ঈশ্বর কখনই কিছু ঘটতে দেন না, যদি না তিনি সতর্ক করেন। আমি বিশ্বাস করি না যে কিছু আছে যা...

25 এখন, আমাদের যেমন সমস্যাগুলি বেরিয়ে আসে, মণ্ডলীগুলিতে, যেমন রক্ত এবং তেল সম্পর্কে সম্প্রতি আমাদের একটি হয়েছিল এবং আরও অনেক কিছু। এবং আপনারা জানেন "প্রিয় ভাই ব্রানহাম" পত্র, ইত্যাদি। কিন্তু যে কারণে আমি এর বিরুদ্ধে দাঁড়িয়েছি, কারণ এটি বাক্যে নেই। এবং সেই কারণেই আমি ধর্মসম্প্রদায়ের বিরুদ্ধে, কারণ এটি বাক্যে নেই। এবং এটির এমন কিছু থাকতে হবে যার উপর আমাদের বিশ্বাস ভিত্তি করে। এবং যদি আমরা কোন ধর্মসম্প্রদায়ের উপর ভিত্তি করতে না পারি, তবে আমাদের এটিকে ঈশ্বরের বাক্যের উপর ভিত্তি করে রাখতে হবে। কারণ এটাই একমাত্র ভিত্তি, ঈশ্বরের বাক্য।

26 আর তারপরে যদি ঈশ্বরের বাক্য কোনও ধর্মসম্প্রদায়ের কথা না বলে, কিন্তু ধর্মসম্প্রদায়ের বিরুদ্ধে কথা বলে, তাহলে আমাদের

অবশ্যই বাক্যের সঙ্গে কথা বলতে হবে। বিশপ কি বলেন, অন্য কেউ কি বলেন, কেউ কি মনে করেন, একজন ভালো মানুষ কি বলেন, যে যাই কিছু বলেন না কেন, যদি এটা ঈশ্বরের বাক্য অনুযায়ী না হয়, তাহলে এটা ভুল। দেখুন? এটা হতেই হবে, বাক্য শেষ বিষয় হতে হবে। ঈশ্বরের বাক্য অবশ্যই চূড়ান্ত আমেন হতে হবে।

27 এখন মনে রাখবেন, আমি কাউকে অখ্রিস্টীয়করণ করছি না (আপনারা তা বোঝেন) ধর্মসম্প্রদায়ের মধ্যে। এই সমস্ত ধর্মসম্প্রদায়ের মধ্যে হাজার হাজার মূল্যবান আত্মা রয়েছে, যারা ঈশ্বরের সন্তান। তবে তাদের আলাদা করতে এবং পৃথক করার জন্য, আমি এর বিরুদ্ধে। এবং ঈশ্বরের বাক্য এর বিরুদ্ধে।

28 এবং আমি বিশ্বাস করি যে আজ দেশে এমন কোন মতবাদ নেই, সেই দেশে কোনো মতবাদ কখনও ছিল না, কিন্তু ঈশ্বরের বাক্য দ্বারা ভবিষ্যদ্বাণী করা হয়েছিল যে সেটা আসছে। আমি বিশ্বাস করি যে ঈশ্বরের বাক্য আমাদের যা যা প্রয়োজন তা এখানেই বাক্যের মধ্যে সরবরাহ করে। আদি থেকে...আমাদের আদি থেকে অন্ত পর্যন্ত, এটা ঈশ্বরের বাক্যে পাওয়া যায়। এবং তারপর আমি—আমি বিশ্বাস করি যে এটি যদি ঈশ্বরের বাক্যে থাকে তবে আমাদের উচিত...এটা ভবিষ্যদ্বাণী করে। এবং ঈশ্বরের বাক্য একটি সতর্কবাণী।

29 এখন, যেভাবে আপনি একটি সংবাদপত্র পড়েন সেভাবে আপনি ঈশ্বরের বাক্য পড়েন না। আপনি পবিত্র আত্মার দ্বারা ঈশ্বরের বাক্য পড়েন, দেখুন, কারণ পবিত্র আত্মা নিজেই খ্রীষ্টের মাধ্যমে কথা বলেছেন। খ্রীষ্ট ঈশ্বরকে ধন্যবাদ জানালেন যে তিনি বিজ্ঞ ও বুদ্ধিমানদের দৃষ্টি থেকে এই জিনিসগুলি গুপ্ত রেখেছিলেন, এবং সেগুলি শিশুদের নিকট প্রকাশ করেন যেন তারা শিখতে পারে। সুতরাং, আপনারা দেখুন, কখনও শিক্ষিত হওয়ার কোনও উপায় নেই, কখনও ধর্মসম্প্রদায় তৈরী করার কোনও উপায় নেই। সঠিক হওয়ার একমাত্র উপায় আছে, তা হল, ঈশ্বরের আত্মার দ্বারা পরিচালিত হওয়া। এবং যে অভিজ্ঞতা আপনার আছে তা এই বাক্যের সঙ্গে এক হতে হবে। দেখুন? তাহলে আপনি এটা পেয়েছেন। দেখুন?

30 যেমন আমরা যখন এখানে আসলাম কয়েক মিনিট হয়ে গেছে, আমরা এমন লোকদের সঙ্গে আদান-প্রদান করছি যারা—যারা... তাদের মধ্যে কিছু মৌল ক্যালভিনবাদী, তাদের মধ্যে কিছু মৌল আর্মিনিয়বাদী, এবং—এবং বিভিন্ন পথ। এখন, সেখানে সবসময়, আপনি এটি যতই পাতলা করে কাটুন না কেন, এর দুটি দিক থাকবে।

এটা একদম ঠিক। এবং তাদের উভয়ই তর্কের বিষয় পেয়েছে। কিন্তু, ব্যাপারটা হল, এর সত্যতা কোথায় ? সেখানেই আমরা আসছি, যেখানে আমরা মনে করি, ঈশ্বরের অনুগ্রহ দ্বারা, আমরা আপনাকে এর সত্যতা দেখাই। এখন শুধু নেওয়া যাক...এবং এখানেই আমি এই চার্চের কিছু মতবাদ লিখেছি।

31 আসুন আপনার বাইবেলে প্রবেশ করি, মাত্র কয়েক মিনিট, এখন আপনারা সবাই। আর আসুন প্রকাশিত বাক্যে, ১ম অধ্যায়; অথবা প্রকাশিত বাক্য, ১৭তম অধ্যায়, শুরু করার জন্য। আর আসুন পড়া শুরু করি এবং এখনই খুঁজে বের করি যে এই গীর্জাগুলি কোথায় শুরু হয়েছিল এবং কে—এটা কে শুরু করে। এখন, বাইবেল সবকিছু পূর্বেই সতর্ক করে। এটি সেই দিনগুলির পূর্বাভাস দেয় যেখানে আমরা—আমরা বসবাস করছি। আর এখন, প্রকাশিত বাক্য, ১৭ অধ্যায়, যদি আপনি চান। আমি ১৩ বলেছিলাম, আমি এটা বলতে চাইনি, সেটা...আমরা কিছুক্ষণ পরে এটিতেও আসছি, এটি মার্কিন যুক্তরাষ্ট্রের ভবিষ্যদ্বাণীতে রয়েছে। কিন্তু এখন খুব মনোযোগ সহকারে শুনুন।

> *পরে ঐ সপ্ত বাটি যাঁহাদের হস্তে ছিল, সেই সপ্ত দূতের মধ্যে এক জন আসিয়া আমার সঙ্গে আলাপ করিয়া কহিলেন,...আইস; বহু জলের উপরে বসিয়া আছে যে ঐ মহাবেশ্যা, আমি তোমাকে তাহার বিচারসিদ্ধ দণ্ড দেখাই... দেখাই:*

32 এখন মনে রাখবেন, এটি রহস্যময় শোনাচ্ছে। এখন এই অখ্যাত মহিলা, এখন, যদি আমরা এটি শেখাতে যাই, আপনাকে প্রথমে এই প্রতীকগুলির অর্থ কী তা খুঁজে বের করতে হবে। এখন, একজন *নারী*, বাইবেলে, “মণ্ডলীর” প্রতিনিধিত্ব করে। কতজন তা জানেন, যে আমরা এক কন্যা ? মণ্ডলী হল কন্যা।

33 “এখানে আসুন এবং আমি আপনাকে বিচার দেখাব।” এখন, সেই মহাবেশ্যা, যে অশুচি মহিলা বহু জলের উপর বসে আছে, তার বিচার হবে। এখন, *নারী* প্রতিনিধিত্ব করে একটি “মণ্ডলীকে,” এবং *জল* প্রতিনিধিত্ব করে “মানুষদের।” এখন, আপনারা যদি এটি লক্ষ্য করেন, এছাড়াও, দেখুন, আপনি সেখানে থাকাকালীন ১৫তম পদ, ১৫তম পদ, একই অধ্যায়ের।

> *আর তিনি আমাকে কহিলেন, তুমি যে জল দেখিলে, ঐ বেশ্যা যাহাতে বসিয়া আছে, সেই জল প্রজাবৃন্দ... লোকারণ্য,...জাতিবৃন্দ ও ভাষাসমূহ।* (দেখুন ?)

34 এখন, এই মহান গির্জা, মহান মহিলা, এখন মনে রাখবেন তিনি একজন অখ্যাত মহিলা। এবং যদি নারী মণ্ডলীর প্রতিনিধিত্ব করে, (এবং খ্রিস্টের মণ্ডলী হল ভার্য্যা, পবিত্র ভার্য্যা), তাহলে এখানে একজন অপবিত্র নারী রয়েছে। তাহলে তাকে হতে হবে একটি অপবিত্র, ভন্ড, ভার্য্যা। দেখুন ? এখন, এবং সে কি করে ? "সে বসে আছে," অথবা *উপরে* থাকা মানে, "অনেক জলের উপর শাসন করে।" অন্য ভাষায়, তার সমস্ত জাতি এবং ভাষা এবং মানুষের উপর ক্ষমতা আছে। সে একজন মহান ব্যক্তি, এই নারী।

> এখন, *যাহার সহিত পৃথিবীর রাজগণ ব্যভিচার করিয়াছে,...*

35 "কারণ পৃথিবীর রাজারা ব্যভিচার করেছে," ধনী মানুষরা, মহান পুরুষরা আছে। আপনি কিভাবে প্রতিশ্রুতিবদ্ধ হবেন, কিভাবে একজন রাজা প্রতিশ্রুতি করবেন, একটি মণ্ডলীর সঙ্গে ব্যভিচার ? এটা আধ্যাত্মিক ব্যভিচার। আধ্যাত্মিক ! ব্যভিচার কি ? এটা, ঠিক আছে, এটা একজন ভার্য্যা যে তার স্বামীর প্রতি অসত্য জীবনযাপন করছে। স্বামী থাকাকালীন সে অন্য পুরুষের সঙ্গে বসবাস করছে। আর এই মণ্ডলী, তারপর, খ্রীষ্টের ভার্য্যা হওয়ার ভান—ভান করছে, যখন সে পৃথিবীর রাজাদের সঙ্গে ব্যভিচার করছে, তার নোংরা জীবনযাপন, অপবিত্র পেশা নিয়ে। ওহ, এটি গভীর এবং এটি সমৃদ্ধ। আমি শুধু বাক্য ভালোবাসি। এখন লক্ষ্য করুন।

> *...যাহার সহিত পৃথিবীর রাজগণ ব্যভিচার করিয়াছে, এবং পৃথিবী-নিবাসীরা যাহার বেশ্যাক্রিয়ার মদিরাতে মত্ত হইয়াছে।*

36 তার "মদ" সে যা দিচ্ছিল, তার উদ্দীপনা, "আমরা মণ্ডলী ! আমরা যারা এটা পেয়েছি।" দেখুন ? এখন, আপনার মনে তা এখন অঙ্কন করে রাখুন। ঠিক আছে। "তাই সে বহন-..."

37 এখন, দূত যোহনকে বললেন, "এই মহান চার্চের বিচার আমি আপনাকে দেখাব।" এখন দেখুন।

> *পরে তিনি আত্মাতে আমাকে প্রান্তর মধ্যে লইয়া গেলেন: তাহাতে আমি এক নারীকে দেখিলাম, সে সিন্দূরবর্ণ পশুর উপরে বসিয়া আছে,...*

38 বাইবেলে *সিন্দূরবর্ণ*, প্রতিনিধিত্ব করে "রাজকীয়দের।" *সিন্দূরবর্ণ* মানে "লাল।" এবং *পশু* প্রতিনিধিত্ব করে "ক্ষমতাকে।"

আপনি কি লক্ষ্য করেছেন, জন্তুটি সমুদ্র থেকে উঠে এসেছে, যেটি প্রকাশিত বাক্য, ১৩তে রয়েছে। এবং যখন আপনি পশুটিকে

সমুদ্র থেকে উঠে আসতে দেখেন, এটা বোঝায় যে এই শক্তি মানুষের মধ্যে উত্থাপিত হয়েছিল।

কিন্তু প্রকাশিত বাক্য ১৩তে, যখন এই মেষশাবক এসেছিলেন, তিনি পৃথিবীর বাইরে এসেছিলেন, কোন মানুষ থেকে নয়, মার্কিন যুক্তরাষ্ট্র। কিন্তু তারপর, পরে, তার দুটি ছোট শৃঙ্গ ছিল, নাগরিক এবং ধর্মযাজকীয় ক্ষমতা। এবং তারপরে তিনি শক্তি পেয়েছিলেন এবং নাগের মতো কথা বলেছিলেন তার সামনে। তাই আপনাকে শুধু এটি চিহ্নিত করতে হবে, বহু বছর আগে তারা পৌত্তলিক রোমে যে কাজগুলো করেছিল, সেই একই জিনিস দ্বারা আমরা ধর্মীয় নিপীড়নের মধ্যে প্রবেশ করছি, কারণ **সদাপ্রভু এই কথা কহেন**।

এখন এটা দেখুন। "একটি পশুর উপর বসে আছে, একটি শক্তি।"

39 আপনি কি রিবিকাকে লক্ষ্য করেছেন ? ইলীয়েষ যখন তাকে খুঁজে পেলেন, তখন সন্ধ্যার সময়, এবং সে (রিবিকা) উটদের জল পান করায়। কারণ, ইলীয়েষ বলেছিলেন, "যে কন্যা এসে এই উটদের জল পান করায়, সে হবে...এবং আমাকে জল পান করায়, প্রভু, সেই হবে, আপনার দাস ইস্হাকের বধূ হওয়ার জন্য আপনি যাকে মনোনীত করেছেন।" তিনি যখন প্রার্থনায় ছিলেন, তখন রিবিকা এসে জল তুলে তাঁকে পান করালেন এবং উটদের জল পান করালেন। লক্ষ্য করুন, উটটি একটি পশু ছিল। এবং সেই একই জানোয়ার যাকে সে জল পান করাচ্ছিল, সে-ই তাকে ইস্হাকের কাছে নিয়ে যায়।

40 এবং, আজ, পবিত্র আত্মার শক্তি, যাকে মণ্ডলী জল দিচ্ছে এবং উপাসনা করছে, এই পৃথিবী থেকে তাকে তিনি তুলে নিয়ে যাবেন, বধূর সঙ্গে সাক্ষাৎ করার জন্য। অবশ্যই, ইস্হাক বাইরে ক্ষেত্রে ছিলেন, সন্ধ্যাকালে। আমরা প্রভুর সঙ্গে মহিমাতে দেখা করব না। ইফিষীয়, ৫ম অধ্যায় বলে যে আমরা আকাশে তাঁর সঙ্গে সাক্ষাৎ করব। ওহ্, এটি মেথডিস্টদের চিৎকার করার জন্য প্রস্তুত করে তোলে। এটা ভাবুন ! দেখুন ? প্রভু...

ইস্হাক তার পিতার বাড়ি থেকে বেরিয়ে এসে ক্ষেত্রে ছিলেন, যখন তিনি রিবিকাকে উটে আসতে দেখেছিলেন। এবং সে (রিবিকা) তাকে (ইস্হাক) প্রথম দেখাতেই ভালোবেসে ফেলেছিলেন এবং উট থেকে নেমে তার সঙ্গে দেখা করতে দৌড়ে গেলেন। সেটা ঠিক। সেখানেই আমরা প্রভুর সঙ্গে দেখা করি। এবং যে উটটিকে সে জল দিয়েছিল, তাকে তার স্বামীর কাছে নিয়ে যায়।

এবং মণ্ডলী যে শক্তির আরাধনা করছে, যাকে পৃথিবী ধর্মান্ধতা বলে, মণ্ডলী যার আরাধনা করছে, সেই শক্তি হবে যা মণ্ডলীকে আকাশে নিয়ে যাবে, "আকাশে প্রভুর সঙ্গে দেখা করতে।" পবিত্র আত্মা! দেখুন? এখানে...

আর দেখুন, রিবিকা কুমারী ছিলেন।

41 আর এই মহিলা একজন বেশ্যা, আমরা এখানে কথা বলছি। এখন, শক্তি এখন আপনারা কী বুঝতে পেরেছেন? শক্তি—শক্তি, কি মানে, যে, পশু। সে সিন্দূরবর্ণ বস্ত্র পরিধান করে ছিল। এখন, এটা কি ধরনের পশু হতে পারে? *সিন্দূরবর্ণ*, এটি হবে "ধনী" শক্তি। সে এখন কি ধরনের চার্চ হতে যাচ্ছে? সে একটি ধনী চার্চ, আর সে একটি মহান চার্চ, এবং সে একটি শক্তিশালী চার্চ, এবং তার প্রভাব লোকবৃন্দের এবং লোকেদের প্রভাবিত হয়। এবং পৃথিবীর রাজারা তার সঙ্গে আধ্যাত্মিক ব্যভিচার করেছে, তারা পৃথিবীর মহাপুরুষগণ। এখন আমরা এক মিনিটের মধ্যে সে কে তা খুঁজে বের করতে যাচ্ছি এবং এই ধর্মসম্প্রদায় সম্পর্কে জানতে পারব।

> *আর সেই নারী বেগুনিয়া বস্ত্র পরিহিতা* (রাজকীয়), ... *বেগুনিয়া ও সিন্দূরবর্ণ বস্ত্র পরিহিতা,...এবং সুবর্ণে ও মূল্যবান্ মণিতে ও...মুক্তায় মণ্ডিতা, এবং তাহার হস্তে সুবর্ণময় এক পানপাত্র আছে, ইহা ঘৃণার্হ দ্রব্যে ও তাহার বেশ্যাক্রিয়ার মালিন্যে পরিপূর্ণ* :

42 তার হাতে কি ছিল? তার শিক্ষা, সে লোকবৃন্দের সামনে কি রেখেছে, "আমরা চার্চ। আমরা *এটা*।" আর সে পৃথিবীর রাজাদেরকে তার সঙ্গে মত্ত করে রেখেছে। "আমরা *এটা*। আমরা বৃহৎ শক্তি! আমরা প্রতিটি জাতির উপর প্রভাব বিস্তার করি। আমরা সেখানে সবচেয়ে বড় চার্চ। আসুন, আমাদেরটা পান করুন... এখানে, এর থেকে সামান্য কিছু ঢেলে দিয়ে। *তুমি* এটা নাও। *তুমি* এটা নাও।" সেখানে এটা, দেখুন। এবং তার হাতে একটি পানপাত্র ছিল। দেখুন।

> *আর সেই নারী বেগুনিয়া ও সিন্দূরবর্ণ বস্ত্র পরিহিতা,... এবং সুবর্ণে ও মূল্যবান্ মণিতে ও মুক্তায় মণ্ডিতা, এবং তাহার হস্তে সুবর্ণময় এক পানপাত্র আছে, ইহা* ঘৃণার্হ দ্রব্যে *ও তাহার বেশ্যাক্রিয়ার মালিন্যে পরিপূর্ণ:*

43 এখন বন্ধুরা, আমরা দৈনিক পত্রিকা পড়ছি না। আমরা ঈশ্বরের চিরন্তন এবং আশীর্বাদপূর্ণ বাক্য পড়ছি। আকাশের ও পৃথিবীর লোপ হইবে, কিন্তু সেই বাক্য চিরস্থায়ী থাকবে। সেটা ঠিক।

*আর তাহার ললাটে এই নাম লিখিত আছে, নাম লেখা ছিল,* বরং, ***মহতী বাবিল, পৃথিবীর বেশ্যাগণের ও ঘৃণাস্পদ সকলের জননী।***

44 এখন, এখানে কিছু সময় আগে, আমি মনে করি না এখানে মণ্ডলীতে, তবে আমি একটি বিষয়ের উপর প্রচার করেছি, *দেওয়ালের উপর হস্তলেখ,* এবং ব্যাবিলনের ঐতিহাসিক অবস্থান সম্পর্কে বলেছিলাম। এখন, প্রতিটি ধর্ম যা কখনও উঠে এসেছে, প্রতিটি ধর্ম এবং প্রতিটি ধর্মমত যা আজ পৃথিবীতে রয়েছে, আদি থেকে শুরু হয়েছিল। এখন, আপনি যদি হিসলপের *দুটি ব্যাবিলন* পুস্তকটি পান, যদি আপনি এটিকে ইতিহাসে খুঁজতে চান, অথবা সেই বইগুলির মধ্যে কিছু, আপনি যে মতবাদ খুঁজতে চান তা আপনি খুঁজে পেতে পারেন। আমি আপনাকে কয়েক মিনিটের মধ্যে সেখানে নিয়ে যাব, মহিলা প্রচারকদের বিষয়ে, দেখুন, এবং আপনাকে দেখাব যে এটি প্রথম কোথা থেকে শুরু হয়েছিল, দেখুন, আদি থেকে। এবং এই বিভিন্ন বিষয়ের উপর, ঠিক কিভাবে তারা আদি থেকে বেরিয়ে আসে। *আদি* মানে "উৎপত্তি।" এটা ঠিক কতজন তা জানেন ? আদি হল উৎপত্তি। সুতরাং, যা কিছু আছে, তার একটি উৎপত্তি থাকতে হবে।

45 আমি যখন একটি গাছের দিকে তাকাই...আমি কয়েক, তিন, প্রায় দুই মাস ধরে বনে ছিলাম। আমি একটি গাছকে দেখি, কত সুন্দর। আমি এটা দেখতে থাকি, এটা নিচে চলে যায়; অন্য একটি তার স্থানে আসে, অবিরত। এবং আমি সেটা ভাবি। কিন্তু কোথাও সেই গাছের উৎপত্তি ছিল। তার আদি থাকতে হবে। এবং একমাত্র উপায় এটিকে একটি গাছ, অথবা একটি ওক গাছ, অথবা বিচ গাছ, অথবা পপলার গাছ, অথবা একটি পাম গাছ বলে অভিহিত করা যেতে পারে, অথবা যাই হোক না কেন, এর পিছনে একটি প্রধান বুদ্ধিমত্তা থাকতে হবে। অথবা যদি একটি মাত্র থাকত, একটি ওক গাছ থাকলে, বিশ্বের সবগাছ ওক গাছ হতো। কিন্তু কিছু, মহান, প্রধান বুদ্ধিমত্তা, এটিকে ক্রমানুসারে স্থাপন করে।

তাঁর পবিত্র নাম ধন্য হোক ! তিনিই সেই ব্যক্তি যিনি সৌরজগতে চাঁদ ও নক্ষত্র স্থাপন করেন। তিনি সবকিছু ক্রমানুসারে স্থাপন করেন। এবং তিনি তার মণ্ডলীকে বাক্য অনুসারে স্থাপন করবেন। এটা ঠিক সেভাবে ঘুরবে যেভাবে তিনি তাকে ঘুরতে চান; পূর্ব, পশ্চিম, উত্তর, অথবা দক্ষিণ, অথবা তিনি যেই দিকে দিক প্রদর্শন করেন। যখন আমরা এই ধর্মসম্প্রদায়ের ধারণাগুলিকে আমাদের মন থেকে বের করে দিতে পারি এবং নিজেকে সম্পূর্ণরূপে কালভেরীতে সমর্পণ

করতে পারি। তিনি এটিকে বাক্য অনুসারে স্থাপন করবেন, যদি আমরা বৃক্ষ এবং তাঁর অন্যান্য সৃষ্টির মতো অনুগত হই। আপনি কখনো চাঁদকে এটা বলতে শুনবেন না যে, "আমি আজ রাতে জ্বলতে যাচ্ছি না। তোমরা কিছু তারারা আমার স্থানে দীপ্তি প্রদান কর।" কিন্তু আমরা, ওহ, আমরা আলাদা, আপনি দেখুন।

46 এখন, বাবিল, দেখুন কিভাবে বাবিল উপস্থিত হয়। এটি বাইবেলের প্রথমাংশে দেখা যায়। এটি বাইবেলের মধ্যাংশে দেখা যায়। এবং এটি বাইবেলের শেষাংশে দেখা যায়। এখন, সেখানে কিছু আছে। এখন, এটি নিম্রোদের সঙ্গে শুরু হয়। নিম্রোদ টাইগ্রিস নদী এবং ইউফ্রেটিস নদীর মধ্যবর্তী শিনিয়র উপত্যকায় বাবিলের প্রতিষ্ঠা করেছিলেন। আর ইউফ্রেটিস মাঝ বরাবর প্রবাহিত হয়। এবং—এবং প্রতিটি রাস্তা কিভাবে, সমস্ত দেশের মধ্য দিয়ে, সরাসরি বাবিলের দিকে অগ্রসর হয়। আর সেই দ্বারগুলির প্রত্যেকটি ছিল প্রায় দুশো ফুট জুড়ে, সেই দ্বারগুলির পিতলের তৈরি ছিল। এবং আপনি যখন বাবিল শহরের ভিতরে প্রবেশ করেন, তখন প্রতিটি রাস্তা সোজা সিংহাসনের দিকে নিয়ে যায়।

47 এখন, আপনি রোমে যেতে পারেন, আজ, এবং প্রতিটি রাস্তা রোমের দিকে নিয়ে যাবে। এবং সেখানে ছোট্ট কুমারী মরিয়ম রাস্তার মোড়ে মোড়ে প্রতিটি কোণে দাঁড়িয়ে আছে, তার হাতে একটি খ্রীষ্ট শিশু রয়েছে, রোমের দিকে সেই পথ নির্দেশ করে। দেখুন? এটি বাইবেলের প্রথমাংশে প্রদর্শিত হয়; এটি বাইবেলের মধ্যাংশে প্রদর্শিত হয়; এবং এখানে এটি বাইবেলের শেষাংশে প্রদর্শিত হয়েছে।

এখন আমি কয়েক মিনিটের জন্য পড়তে চাই, যেন আপনারা এর পটভূমি পান। দেখুন? ঠিক আছে। "আর আমি দেখিলাম সেই নারী," এখন দেখুন, "চার্চ।" যখন আপনারা দেখেন *নারী*, মনে করুন "চার্চ" দেখুন?

> ...*আর আমি দেখিলাম, সেই নারী পবিত্রগণের রক্তে ও যীশুর সাক্ষিগণের রক্তে মত্তা,...*

48 এখন, *পবিত্রগণ* শব্দটি কোথা থেকে এসেছে? *পবিত্রগণ* শব্দটি থেকে এসেছে "পবিত্রকৃত একজন," অথবা "পবিত্র করা হয়েছে এমন একজন," পবিত্রকৃত। ঠিক আছে।

> ...আর আমি তাকে দেখিলাম *পবিত্রগণের রক্তে মত্তা,...*

49 এখন, যদি এই মহিলা চার্চ হয়, সে পবিত্রগণদের নির্যাতিত করেছে। এবং সে সর্বশ্রেষ্ঠ চার্চ। সারা পৃথিবীতে তার ক্ষমতা আছে। সে অনেক জলের উপরে সে আছে। এবং সে...পৃথিবীর রাজারা

তার সঙ্গে ব্যভিচার করে। ঠিক আছে, সে কে ? এক ধরনের রহস্য। এখন আত্মা...আপনারা জানেন, মণ্ডলীতে নয়টি আধ্যাত্মিক দান থাকার কথা; প্রজ্ঞা, একজনকে বোঝার ক্ষমতা, আরেকজনকে আরোগ্যদানে ক্ষমতা, আরেকজনকে *ইত্যাদি*।

*...যীশুর সাক্ষিগণের রক্তে মত্তা:...*

50 দেখে মনে হচ্ছে তারা যেন যীশুর কথায় কর্ণপাত করেন না। চার্চ যা বলেছে। সেটা ঠিক। আর এটাও ঠিক।

*...তাহাকে দেখিয়া আমার অতিশয় আশ্চর্য্য বোধ হইল।*

51 "আমার অতিশয় আশ্চর্য্য বোধ হল। আমি...এটা ছিলো একটি—একটি—একটি তার বিষয়ে আশ্চর্য্য বোধের বিষয়, আমি আশ্চর্য্য বোধ করি কিভাবে সে..." এখন আমাকে শুধু যোহনের স্থান নিতে দিন এবং এটিকে একটু খোলার চেষ্টা করি, দেখুন। যোহন বলেছেন, "সেখানে সে বসে আছে। সে একটি খ্রিস্টান চার্চ হওয়ার ভান করছে। তাঁর কাছে বিশ্বের সমস্ত অর্থের উপর প্রবেশাধিকার রয়েছে। পৃথিবীর রাজারা তাঁর পায়ের কাছে রয়েছে। সে একটি সমৃদ্ধ এবং রঙিন জিনিস, এবং কিভাবে সে যীশুর সাক্ষিগণের সহিত মত্ত হতে পারে ? সে কিভাবে পবিত্রগণদের তাড়না করতে পারে ? কিভাবে সে খ্রীষ্টের সেই সাক্ষিগণের হত্যা করতে পারে ? এবং সে নিজেকে একজন খ্রিস্টান, নিজেকে, একটি খ্রিস্টান চার্চ বলে দাবি করে।" এখন দেখুন।

*আর সেই দূত আমাকে কহিলেন, তুমি আশ্চর্য্য জ্ঞান করিলে কেন ? আমি ঐ নারীর ও উহার বাহনের অর্থাৎ যাহার...সপ্ত মস্তক ও দশ শৃঙ্গ, সেই পশুর নিগূঢ়তত্ত্ব তোমাকে জানাই।*

52 এখন, এটি এখানে শুধু সাধারণ পাঠ। আপনারা এটি লক্ষ করুন। এটি খুবই সহজ হবে।

*তুমি যে পশুকে দেখিলে, সে ছিল, কিন্তু নাই; সে অগাধলোক হইতে* নামিবে*...উঠিবে, ও বিনাশে যাইবে: আর পৃথিবী-নিবাসী যত লোক তখন আশ্চর্য্য জ্ঞান করিবে, যাহার নাম জগতের পত্তনাবধি জীবন-পুস্তকে লিখিত হয় নাই, তাহারা যখন—যখন সেই পশুকে দেখিবে...যে ছিল, এখন নাই, পরে হইবে।*

53 এখন, এখন এটি চেপে ধরবে, তাই এখানে আছে। তিনি বলেছেন, এখন লক্ষ্য করুন, "যখন সকলে," অল্প সংখক নয়, কিন্তু, "সকলে যারা পৃথিবীতে বসবাস করে তারা সবাই আশ্চর্য্য

হবে।” তারা সকলে আশ্চর্য্য হবে। সারা বিশ্ব এই নারীর বিষয়ে আশ্চর্য্য বোধ করবে। শুধুমাত্র একটি দল আছে যারা এই বিষয়ে আশ্চর্য্য বোধ করবে না, এবং তারা হলেন যাদের নাম মেষশাবকের জীবন-পুস্তকে লেখা আছে।

54 এখন, আমি ঠিক এখানে এটিকে চেপে ধরতে পারি, কারণ আমরা কয়েক মিনিটের মধ্যে এটিতে প্রবেশ করতে যাচ্ছি। দেখুন? কখন তাদের নাম মেষশাবকের জীবন-পুস্তকে রাখা হয়েছিল? (কখন?) যখন তারা শেষ পুনরুজ্জীবনে যোগদান করেছিল? যে রাতে তারা বেদীর কাছে গিয়েছিল? যে রাতে তারা মণ্ডলীতে যোগদান করে? আমি আপনাদেরকে আঘাত করার চেষ্টা করছি না। কিন্তু, আমি আপনাদেরকে বলছি, বাইবেল বলেছে, “তাহাদের নাম জগৎপত্তনের সময়াবধি মেষশাবকের জীবন পুস্তকে লিখিত।” একদম ঠিক! ঈশ্বর যখন আদিতে দেখলেন যে তিনি তাঁর পুত্রকে পাঠাবেন, এবং তিনি একজন পাপীর স্থান গ্রহণ করবেন, যখন ঈশ্বরের পুত্রের রক্ত বাহিত হয়। বাইবেল বলে যে তার রক্ত পৃথিবীর ভিত্তিমূলের পূর্বেই বাহিত হয়েছিল। কতজন জানে যে বাইবেল বলে, “খ্রীষ্টের রক্ত জগৎপত্তনের সময়াবধির পূর্বে বাহিত হয়েছিল”? যখন সেই রক্ত বাহিত হয়েছিল, সেই শরীরের প্রতিটি সদস্য, যাদের নাম সেই রক্ত দিয়ে লেখা হয়েছিল, মেষশাবকের জীবন-পুস্তকে, জগৎপত্তনের সময়। এত ভয় কিসের? ওহ, ভাই! সেটা দ্বার খুলে দেয়, তাই না?

55 ঠিক আছে, এখন আসুন এটি এখানে পড়া যাক এবং দেখা যাক যে এটি যা বলে তা ঠিক কিনা। দেখুন? “আর সেই দূত আমাকে কহিলেন, ‘তুমি আশ্চর্য্য...’” আমি বিশ্বাস করি এটি ৮ পদ, “তুমি যে পশুকে দেখিলে...” ঠিক আছে। এটাই।

> *তুমি যে পশুকে দেখিলে, সে ছিল, কিন্তু নাই; সে অগাধলোক হইতে উঠিবে ও বিনাশে যাইবে,...*

এখন, আমরা এটিতে ফিরে আসছি, তবে আমি অন্যটি নিতে চাই, কারণ আমরা এটিতে ফিরে আসব।

> *...ও বিনাশে যাইবে: আর পৃথিবী-নিবাসী যত লোক তখন আশ্চর্য্য জ্ঞান করিবে, যাহার নাম জগতের পত্তনাবধি জীবন-পুস্তকে লিখিত হয় নাই,...*

56 “পৃথিবীতে অনেকে হতে চলেছে,” অন্য কথায়, “যারা প্রতারিত হতে যাচ্ছে,” কারণ সে তাদের প্রতারিত করে। এবং শুধুমাত্র একটি দল ছিল যারা প্রতারিত হয়নি, আর সে হল সেই জন

যাদের নাম জগৎপত্তনের সময় থেকে জীবন-পুস্তকে ছিল। আমরা একটু পরে সেটাতে আসছি।

57 এখন এই মহিলাটিকে লক্ষ্য করুন, চার্চ, সে ছিলেন "*মহতী বাবিল*।" আমরা তাকে নিম্রোদের দ্বারা উত্থাপিত হতে দেখি। নিম্রোদের উদ্দেশ্য কি ছিল? নিম্রোদ একটি শহর প্রতিষ্ঠা করেছিলেন এবং অন্যান্য শহরগুলিকে এই শহরের প্রতি শ্রদ্ধা নিবেদন করতে বাধ্য করেছিলেন। আমরা কি আজ এমন একটি জিনিস দেখতে পাচ্ছি ? আজ কি এমন স্থান আছে ? বিশ্বের প্রতিটি জাতির উপর আধিপত্য আছে এমন কি কোন গির্জা আছে? অবশ্যই। আজ কি এমন একটি স্থান আছে যে প্রতিটি জাতিকে শ্রদ্ধা নিবেদন করতে বাধ্য করে ? এমন কোন স্থান কি আছে ?

চলুন এগিয়ে যাই এবং এর বাকি অংশটি একটু পড়ি, যাতে আপনারা এর সম্পূর্ণ চিত্রটি পান। ঠিক আছে।

> *...যখন সেই পশুকে দেখিবে যে ছিল,...এখন নাই, পরে হইবে।*

> *এস্থলে জ্ঞানযুক্ত মন দেখা যায়।*

58 এখন, কতজন জানেন যে জ্ঞান আত্মার অন্যতম দান ? এখন, তাহলে তিনি কোন দলের বিষয়ে কথা বলছেন? তিনি নিশ্চয়ই সেই দলের লোকদের বিষয়ে কথা বলছেন যাদের কাছে আত্মার—আত্মার দান আছে আর মণ্ডলীর মধ্যে পরিচালিত হচ্ছে।

> *...এস্থলে জ্ঞানযুক্ত মন দেখা যায়।*

59 এখন, আপনারা থামুন, এখানে এই সমস্ত মণ্ডলীর যুগের মধ্য দিয়ে দেখুন। টেনে বের করছে, পবিত্র আত্মা কথা বলছে, কিভাবে সেই দান শেষ দিনে কাজ করবে। এখন, আমরা আরোগ্যদানে দান পেয়েছি। উহু, এটা—এটা ভালো। ঠিক আছে, ভাই, সেখানে আরও দান আছে। এটি তাদের মধ্যে একটি মাত্র। এটা একটা সামান্য বিষয়। ঠিক আছে, এখানে একটি অনেক বড় দান ঠিক এখানে আছে। যেটি সর্বশ্রেষ্ঠ হবে, জ্ঞানের পবিত্র আত্মার দান, ঈশ্বরের বাক্যকে একত্রিত করে এবং মণ্ডলীকে দেখাতে যে আমরা কোথায় দাঁড়িয়ে আছি, কাউকে শুধু সুস্থ করার থেকে ? আমরা সকলেই সুস্থ থাকতে চাই। কিন্তু আমি যে কোনো সময় আমার শরীর ভালো রাখার চেয়ে আমার আত্মাকে ভালো রাখতে চাই। ওহ, আমার !

যোহনের মাধ্যমে পবিত্র আত্মাকে কথা বলতে শুনুন, পাট্‌ম নামক দ্বীপে, বলেছেন, "এস্থলে জ্ঞান দেখা যায়। তাকে এটি শুনতে

দিন।" এখন আমরা এখানে একটি ছবি ফুটে উঠতে দেখতে পাচ্ছি। "এখানে..."

*এস্থলে জ্ঞানযুক্ত মন দেখা যায়। ঐ সপ্ত মস্তক সপ্ত পর্ব্বত, তাহাদের উপরে ঐ নারী বসিয়া আছে।*

60 পৃথিবীতে একটাই শহর আছে, যেটা আমি জানি...আমি জানি সেখানে দুটি শহর আছে, যেখানে সাত বা তার বেশি পাহাড় রয়েছে। সিনসিনাটি তার মধ্যে একটি, যা সিনসিনাটির কল্পকাহিনী হওয়ার কথা। এটা মা নেকড়ে, আপনারা জানেন, যে...ইত্যাদি। কিন্তু তার মধ্যে এর থেকেও বেশি রয়েছে। কিন্তু সিনসিনাটিতে কোনো গির্জার আধিপত্য নেই।

সমগ্র পৃথিবীতে একটি মাত্র স্থান রয়েছে, যেখানে সাতটি পাহাড়ের উপর একটি গির্জা স্থাপন করা হয়েছে, যা সমগ্র বিশ্বকে আধিপত্য করে। এখন, আমি সেখান থেকে এসেছি। ঐ সব বিষয়গুলি।

এবং আমি সেখানে দেখেছি যেখানে বলা হয়েছে, "এস্থলে জ্ঞান দেখা যায়।" প্রকাশিত বাক্য ১৩। "যে বুদ্ধিমান্, সে ঐ পশুর সংখ্যা গণনা করুক, কেননা তাহা মনুষ্যের সংখ্যা।" একগুচ্ছ মানুষ, একদল মানুষ নয়, কিন্তু "একজন" মানুষ। "আর তাহার সংখ্যা ছয় শত ছেষট্টি।"

61 আমি প্রায়ই শুনেছি যে, রোমের পোপের সিংহাসনের উপর "VICARIVS FILII DEI" লেখা আছে। আমি প্রায়ই ভাবতাম যে এটি সত্য কিনা। একটি রেখা টানুন, এবং এটিকে লম্বালম্বি লিখুন, রোমান সংখ্যায় এবং দেখুন এটি আছে কিনা। এটি একদম সত্য। আমি পোপের তিনটি মুকুটের *এত* কাছাকাছি দাঁড়িয়েছিলাম, কাচের মধ্যে রাখা, "নরক, স্বর্গ এবং পারগেটোরীর অধিক্ষেত্র।" দেখুন? সুতরাং, সেই জিনিসগুলি, আমি এইমাত্র সেখান থেকে এসেছি, এইমাত্র রোম থেকে এসেছি এবং জানি এটি সত্য। এখন আমরা জানি এটি চিত্রিত হয়েছে।

*এবং* এখানে *সেই সপ্ত রাজা: তাহাদের পাঁচ জন পতিত হইয়াছে* (যা সেই সময়ে হয়েছিল), *এক জন আছে* (এটি এখন আসতে চলেছে, যিনি সিজার ছিলেন), *আর* এক জন এ পর্য্যন্ত *আইসে নাই* (যেটি হেরোদ ছিলেন, যিনি দুষ্ট ছিলেন);...

62 এখন দেখুন। এটা কত নিখুঁত দেখুন।

*...আসিলে তাহাকে অল্পকাল থাকিতে হইবে।*

63 কেউ কি জানেন হেরোদ কতদিন রাজত্ব করেছিলেন ? ছয় মাস। তাঁর মাকে রাস্তায় টেনে নিয়ে যায়, একটা ঘোড়ার সঙ্গে বেঁধে নিয়ে। এবং শহর জ্বালিয়ে দেয়; এবং খ্রিস্টানদের উপর দোষারোপ করে। এবং মিথ্যা দোষারোপ করে যখন তারা পাহাড়ের উপর... শহর জ্বালিয়ে দেওয়ার সময়। ছয়—ছয় মাস। আর দেখুন, "আর যে পশু..." এখন লক্ষ্য করুন, লক্ষ্য করুন সে কিরকম বদমাশ ছিল। দেখুন ? এখন দেখুন।

> *আর যে পশু ছিল, এখন নাই, সে...আপনি অষ্টম, সে সেই সাতটীর একটী* (সপ্তম প্রকৃতির), *এবং সে বিনাশে যায়।*

64 যে কেউ জানে *বিনাশ* মানে কি, "নরক।" এবং দেখুন সে কোথা থেকে উঠে এসেছে, "নরক।" এটা কি ? অতল গর্ত। ক্যাথলিক শিক্ষার কোন ভিত্তি নেই। ক্যাথলিক শিক্ষার জন্য কোন বাইবেল নেই। ক্যাথলিক শিক্ষার বাইবেল বলে কোনো জিনিস নেই, একেবারেই নয়। তারা দাবি করে না। যাজক সেখানে ছিলেন, এই ছোট যাজক এখানে স্যাক্রেড হার্ট চার্চে সেখানে এসেছিলেন। তিনি বলেছিল, "ওহ, তিনি..." আমি তাকে মেরি এলিজাবেথ ফ্রেজিয়ারকে বাপ্তিস্ম দেওয়ার কথা বলছিলাম। তিনি বলেছিল, "ওহ, আপনি যেভাবে প্রথম ক্যাথলিক চার্চ বাপ্তিস্ম দিত সেভাবে তাকে বাপ্তিস্ম দিয়েছেন।"

আমি বললাম, "কখন সেটা ?"

তিনি বললেন, "বাইবেলে, আপনার বাইবেলে।"

65 আমি বললাম, "ক্যাথলিক চার্চ কি সেই বাপ্তিস্ম দিয়েছিল ? এটা কি ক্যাথলিক চার্চের শিক্ষা ?"

"হ্যাঁ।"

66 আমি বললাম, "ক্যাথলিক চার্চের অসম্পূর্ণতায়, কেন এত পরিবর্তন হয়েছে ?" দেখুন ?

67 তিনি বললেন, "ঠিক আছে, দেখুন, আপনারা সবাই বাইবেলে বিশ্বাস করেন। আমরা চার্চে বিশ্বাস করি।" দেখুন ? "বাইবেল কি বলে তা আমরা গ্রাহ্য করি না। এটা চার্চ কি বলে।" এটা একদম ঠিক। আপনি কখনও মুখোমুখি আসেন, এটি একবার পরখ করে দেখুন, বুঝলেন। বাইবেল কি বলে তারা তা গ্রাহ্য করে না; এর সঙ্গে কিছুই করার নেই। তারা চার্চ কি বলে সেটা গ্রহণ করে। বুঝলেন ?

68 কিন্তু আমরা চার্চ কি বলে তা পরোয়া করি না। ঈশ্বর কি বলেন আমরা তা বিশ্বাস করি। আমেন। বাইবেলে, এটা লেখা আছে, "প্রতিটি মানুষের বাক্য মিথ্যা হউক, আর আমার বাক্য সত্য হউক।" সেই জন্য আমরা ধর্মসম্প্রদায় নই।

69 এখন দেখুন। এটা শুনুন, এক মিনিট। "পাঁচ জন রাজা পতিত হয়েছে, পাঁচ জন রাজা।" আপনি যদি এটি ইতিহাস থেকে চান, তবে আমি আপনাকে এটি দেখাব। "এক জন আছে, আর এক জন এ পর্য্যন্ত আইসে নাই।"

এখন দেখুন, "সেই পশু।" এখন, পশুটি রাজা ছিল না। সে ছিল "যে আছে, কিন্তু নাই; কিন্তু পরে হইবে, কিন্তু নাই; কিন্তু সে আছে, কিন্তু নাই।" এটা কি ? পোপদের উত্তরাধিকার, একটি শক্তি, একটি পশুর শাসন। তখনই পৌত্তলিক রোমকে পাপাল রোমে রূপান্তরিত করা হয়েছিল। পৌত্তলিক রোম রূপান্তরিত হয়েছিল, এবং তারপর এটি পোপের শাসনে পরিণত হয়েছিল, যা, তাদের একজন রাজার পরিবর্তে একজন পোপ ছিল, এবং পোপ হলেন আধ্যাত্মিক রাজা। এই কারণেই সে একজন মুকুটধারী, আধ্যাত্মিক রাজা, নিজেকে যীশু খ্রিস্টের প্রতিনিধি (ভিকার) বলে দাবি করে। সেখানে এটা। এখন লক্ষ্য করুন।

70 এবং আমরা সেই ক্যাথলিক শিক্ষাকে সেখান থেকে বের করে আনতে যাচ্ছি এবং আপনাদেরকে দেখাবো কিভাবে এটি সরাসরি প্রোটেস্ট্যান্ট চার্চের মধ্যে ঢুকে যায়, দেখুন, কীভাবে সে এখনও প্রোটেস্ট্যান্ট চার্চে শুয়ে আছে, এর অনেক কিছু। বিপরীত, ঠিক, বাইবেলের, একেবারে বিপরীত। এখন, "একটি পশু যে ছিল, কিন্তু নাই।" এখন মনে রাখুন, "তারা সকলেই পৃথিবীতে প্রতারিত হবে, যাহাদের নাম জগৎপত্তনের সময়াবধি হতে লিখিত নাই।" আসুন দেখা যাক।

> *আর যে পশু ছিল, এখন নাই,* (১১তম পদ) *সে আপনি অষ্টম; সে...সেই সাতটীর একটী, এবং সে বিনাশে যায়।* (পথের শেষে অতল গর্তে না পৌঁছানো পর্যন্ত সে অব্যহত থাকবে।)

> *আর তুমি যে দশ শৃঙ্গ দেখিলে, সে দশ রাজা,...*

এখন এখানে লক্ষ্য করুন। আপনি যদি আকর্ষণীয় কিছু দেখতে চান, তবে এটি দেখুন।

*...সে দশ রাজা, তাহারা এ পর্য্যন্ত রাজ্য প্রাপ্ত হয় নাই, কিন্তু এক ঘন্টার নিমিত্তে সেই পশুর সহিত রাজাদের ন্যায় কর্ত্তৃত্ব পাইবে।*

71 তারা মুকুটধারী রাজা নয়; তারা স্বৈরশাসক। দেখুন, তারা কখনও রাজার মুকুট পায়নি, কিন্তু তারা রাজা হিসাবে ক্ষমতা পায়, এক ঘন্টা, পশুর রাজত্বে। এটি ঠিক এই মুহূর্তে এই সামান্য ছায়াময় সময়ে যেখানে স্বৈরশাসকরা জেগে উঠছে। দেখুন ? "সেই পশুর সহিত রাজাদের ন্যায় কর্ত্তৃত্ব পাইবে।" এখন, ঠিক আছে।

*তাহারা একমনা, এবং আপনাদের পরাক্রম ও কর্ত্তৃত্ব সেই পশুকে দেয়।*

*তাহারা মেষশাবকের সহিত যুদ্ধ করিবে, আর মেষশাবক তাহাদিগকে জয় করিবেন:* (মহিমা !) *কারণ তিনি প্রভুদের প্রভু ও রাজাদের রাজা: এবং যাঁহারা তাঁহার সহবর্ত্তী, আহূত ও মনোনীত ও বিশ্বস্ত।*

72 ইচ্ছা করছে যদি আমি এই মুহূর্তে এর উপর একটি উপদেশ প্রচার করতে পারতাম, "মনোনীত, জগৎপত্তনের পূর্বে থেকে, এবং তাদের আহ্বানে বিশ্বস্ত।" হালেলুইয়া ! এটাই। "তাদের বলা হয়, মনোনীত, এবং বিশ্বস্ত।" *এবং* এটি একটি সংযোজক, দেখুন, "মনোনীত, এবং বিশ্বস্ত।" তাঁহারাও জয় করিবেন। তারা যতই মহান হোক না কেন।

73 এবং এই বৃহৎ সাম্যবাদ, সাম্যবাদ আন্দোলন আমরা যা আজ পেয়েছি, এটা নিয়ে চিন্তা করবেন না। এটা ঠিক ঈশ্বরের হাতে কাজ করছে। আমি এই বাইবেল দ্বারা এটা প্রমাণ করতে পারি। সে তাকে কষ্ট দিতে চলেছে, প্রত্যেক সাক্ষীকে যাকে সে কখনও হত্যা করেছে, তার জন্য। হ্যাঁ, মহাশয়। আপনারা দেখুন এই রাজারা সকলে একমনা, এবং তাকে ঘৃণা করবে। এবং সমগ্র জাতি, সমগ্র বিশ্ব, সুদূরপ্রসারিত সাম্যবাদ। কেন, এটি ঈশ্বরের একটি পদক্ষেপ হতে হবে, তাকে শাস্তি দেওয়ার জন্য। আপনারা বলেন, "এক মিনিট অপেক্ষা করুন, ভাই ব্রানহাম। সাম্যবাদ, ঈশ্বরের একটি পদক্ষেপ ?" একেবারে, অবশ্যই, এটি ঈশ্বরের একটি পদক্ষেপ। বাইবেল তাই বলে। কিন্তু এটি একটি অধার্মিক এবং অসম্মানজনকভাবে অবৈধ লোকেদের উপর রায় ঘোষণা করতে চলেছে। কি বাকি আছে এই পৃথিবীতে ? আমরা কি পেয়েছি ? এখানে অন্য দিন...

74 আমি আমার বিষয়ে এক মিনিট থামব, যদি এটি সম্ভব হয়। আমি শাস্ত্রে একটি বাক্য পড়ছিলাম যেখানে একটি অবৈধ সন্তান চৌদ্দ

প্রজন্ম পর্যন্ত প্রভুর সমাজে প্রবেশ করবে না। কতজন সেটা জানেন? এটা ঠিক, দ্বিতীয় বিবরণ ২৩; একটি অবৈধ সন্তান। যদি একজন মহিলা মাঠে ধৃত হন, পুরুষের সুরক্ষা থেকে দূরে, আর একজন পুরুষ সেই মহিলাকে বশীভূত করে, সেই পুরুষকে তাকে বিয়ে করতে হবে। এবং সে যদি পতিতা হয়ে যায়, তার মৃত্যু পর্যন্ত তাকে তার সঙ্গেই থাকতে হবে। এবং যদি এই মহিলা তাকে বিয়ে করে, এই কারণে যে সে একজন কুমারী, এবং সে নয়, তাহলে তাকে এর জন্য হত্যা করা হতে পারে। আর যদি একজন পুরুষ ও একজন নারী যারা বিবাহিত এবং তারা একটি অবৈধ সন্তান প্রসব করে, যে, প্রভুর সমাজে সে প্রবেশ করবে না, চৌদ্দ প্রজন্ম পর্যন্ত। আর চল্লিশ বছরে একটি প্রজন্ম। ইস্রায়েলের কাছ থেকে সেই পাপ মুক্ত হতে চারশো বছর লাগবে।

75 ঈশ্বর পাপ ঘৃণা করেন! আপনি কিভাবে প্রভু যীশুর পবিত্র রক্তের উপর হাঁটার কথা ভাবছেন, শুধুমাত্র আপনি একটি নির্দিষ্ট ধর্মসম্প্রদায়ের অন্তর্গত, আপনি আশা করেন ভিতরে প্রবেশ করবেন? আপনি ঈশ্বরের ভূমিতে আসতে যাচ্ছেন অথবা আপনি আসবেন না। ঠিক। ডিকন, প্রচারক, আমরা যাই হই না কেন, এর সাথে কিছু করার নেই। আপনি ঈশ্বরের শর্তাবলীতে আসুন।

76 চৌদ্দ প্রজন্ম। এখন সেই ব্যক্তি বসে আছেন যিনি আমার সাথে এটি নিয়ে আলোচনা করছিলেন। বলছিলেন, "তাহলে আমরা কিভাবে জানব যে কে পরিত্রাণ পাবে?"

77 আমি বললাম, "সেখানে আপনার একজন ভাল ক্যালভিনপন্থী হওয়া উচিত।" জগৎপত্তনের পূর্বে পুস্তকে আপনার নাম লেখা হয়েছে। ঈশ্বর সেই রক্তের স্রোত গ্রহণ করেন। এটা তাঁর উপর নির্ভর করে। বুঝলেন?

"কিন্তু তাতে কি আছে..."

78 শুনুন। আজ আপনারা যুবকেরা, আমি জানি না তোমরা এই মণ্ডলীতে এসেছো কি না, অথবা কোথা এসেছো, তোমরা অল্পবয়সী ছেলে ও মেয়েরা। আপনারা কি বুঝতে পেরেছেন, আপনারা যে জিনিসগুলি করছেন, যদি অন্য প্রজন্ম থাকে, আপনারা কি করছেন তার জন্য আপনাদের সন্তানদের বিচার করা হবে? আপনাদের কি শালীনতা নেই? আপনারা মেয়েরা যারা এই ছোট ছোট কাপড় এবং অন্যান্য জিনিসগুলি পরিধান করে এখানে এসেছেন, আপনারা জানেন, এটি আপনার মেয়ের উপর প্রতিফলিত হয়েছে। আপনি কি জানেন আপনার পিতামহী

একজন—একজন শালীনতার ভান করে এমন এক মহিলা ছিলেন, আর আপনার মা একজন গায়িকা, আর এই কারণেই আপনি আজ এক নগ্ন নর্তকী ? অবশ্যই। আপনার সন্তানরা কি হবে ? হ্যাঁ, মহাশয়। ঈশ্বর বলেছেন যে পিতামাতার অন্যায় তাঁর সন্তান এবং তাদের সন্তানদের উপর পিতামাতার অন্যায়ের আরোপ করবেন, তিন এবং চার প্রজন্ম পর্যন্ত।

79 আর আপনি কি বুঝতে পারছেন, আমার ভাই, আপনি যখনই ভালো কাজ করেন, তখনই তা আপনার সন্তানদের উপর পরিদর্শিত হবে ?

80 এখানে দেখুন, ইব্রীয়, ৭তম অধ্যায় নেওয়া যাক। বাইবেল বলে, যখন—যখন রাজার বধ থেকে ফিরে যখন মল্কীষেদক অব্রাহামের সাথে দেখা করলেন এবং তাকে আশীর্বাদ করলেন, এবং এটা বলে, এখন, "লেবি..." তিনি দশমাংশ দেওয়ার বিষয়ে কথা বলছেন। বলেছে, "লেবি তার ভাইদের কাছ থেকে দশমাংশ গ্রহণ করার জন্য প্রভুর কাছ থেকে একটি বিধি পেয়েছিল। এবং লেবি যিনি দশমাংশ গ্রহণ করেন, তিনি দশমাংশ প্রদান করেন, কারণ তিনি তখনও অব্রাহামের কটিদেশ ছিলেন যখন তিনি মল্কীষেদকের সঙ্গে দেখা করেছিলেন।" আর অব্রাহাম ছিলেন তাঁর প্রপিতামহ। অব্রাহাম ইস্‌হাককে জন্ম দেন, ইস্‌হাক যাকোবকে জন্ম দেন, যাকোব লেবির জন্ম দেন; লেবি, পিতা, পিতামহ, প্রপিতামহ। "আর যখন লেবি অব্রাহামের কটিদেশ ছিলেন," বাইবেল বলে, "তিনি মল্কীষেদককে দশমাংশ দেন।" হালেলুইয়া!

81 কেউ যেন আপনাকে বলতে না পারে যে পৃথিবীর যেকোন ধরনের পদক্ষেপই ঈশ্বরের মহান জ্ঞানকে হস্তক্ষেপ করতে পারে। সে ঠিকই এগিয়ে যাচ্ছে! আদিতে সেখানেই পরিকল্পনা করা হয়েছিল। সেখানে শয়তান নেই অথবা যথেষ্ট শয়তান নেই যে তাঁর কর্মসূচিতে হস্তক্ষেপ করতে পারে।

82 এখন, বাইবেল বলে নি "সম্ভাব্য" তিনি এটা প্রদান করেছেন। বাইবেল বলেছে, "তিনি দশমাংশ প্রদান করেছেন," যখন সে তার প্রপিতামহের কটিদেশ ছিলেন। মহিমা! এটাই আমার প্রভু। ওহ, তিনি তা জানতেন, এমনকি, পৃথিবী সৃষ্টি হওয়ার আগেই। তিনি সবকিছু জানতেন। এবং অব্রাহামের মাধ্যমে, তিনি দশমাংশ প্রদান করেছিলেন।

83 আর বোন, ভাই, আপনি সেখানে কীভাবে পালিয়ে যেতে পারেন, এবং লোকেরা বসবাস করে এবং পুরুষের স্ত্রীদের সঙ্গে

ঘুরে বেড়ায়, এবং স্ত্রীরা ঘর ভাঙছে, এবং আপনারা যেভাবে জীবনযাপন করছেন, আপনি পরবর্তী প্রজন্মের কী হবে বলে আশা করেন? এখানে এটা কি। এটা এখন শুধু একগুচ্ছ জারজ, বিশৃঙ্খলভাবে জন্মানো, দূষিত হয়ে উঠেছে। এবং এটির জন্য একটি জিনিস বাকি আছে, এবং এটি সেই পারমাণবিক দিন যাতে আমরা বাস করছি। এটা একদম ঠিক। আমরা শেষ সময়ে আছি।

84 আজ সকালে বসে, কেন্টাকি পাহাড়ের ওপারে, একটা ছোট ছেলে, আপনি তার কাছে দশ ফুটের মধ্যেও প্রবেশ করতে পারেন নি, জোয়ার ঝোলাগুড় তৈরী করার সময়। সম্ভবত জানত না কোনটি ডান হাত আর বাম হাত। যখন সে শুনলো...আমি একটি স্থানে ছিলাম। আমি কোথায় ছিলাম জানতাম না। আমি কিছু ফাঁপার মধ্যে ছিলাম। এবং আমি সেখানে কাঠবিড়ালি শিকারে যাচ্ছিলাম। এবং যখন আমি সেখানে ছিলাম, আমি তার সাথে কথা বলতে থাকি। আর এই ছেলেটি বলছিল সে সেনাবাহিনীতে যাচ্ছে। এবং জানতে পারে, আমরা প্রভুর সম্পর্কে কথা বলতে থাকি, এবং সে বলল, "প্রচারক, আপনি কি বিশ্বাস করেন না যে আমরা শেষ সময়ে এসেছি?" সেখানে পাহাড়ের উপরে।

85 আমি বললাম, "অবশ্যই, আমরা। অবশ্যই, বালক, আমরা শেষ সময়ে এসেছি।"

86 আমরা এখানে। এটাই সেই সময় আমরা জীবিত আছি, ভাই। আমরা সেই স্থানে আছি। আপনি কি দেখতে পাচ্ছেন না যে সেই মায়েরা কীভাবে অদূরে, এবং পিতারা, পিতামহ ও পিতামহী, তারা কীভাবে জীবনযাপন করেছিলেন? আপনি কি দেখতে পাচ্ছেন না বাবা আর মা জীবনযাপন করেছিলেন? আশ্চর্যের কিছু নেই যে আমরা আজ নৈতিক অধঃপতনে আছি। আশ্চর্যের কিছু নেই, আপনি প্রচার করতে পারেন; তারা একই রকম ছোট ছোট কাপড় পরবে, আর আপনার মুখে থুথু ফেলবে। তারা সিগারেট খাবে এবং আপনার উপর ধোঁয়া ছাড়বে, বলবে, "আপনার নিজের ব্যবসায় ধ্যান দিন।" কেন? কারণ তারা সেই গোত্র থেকে বেরিয়ে এসেছে। আমি এটাতে যাচ্ছি, সরাসরি, *সর্পের বংশ*। আমরা খুঁজে বের করব যে সে কোথায় যায়, তারা কেন এমন আচরণ করে তা দেখুন। জগৎপত্তনের সময় থেকেই তারা শয়তানের সন্তান। সেটা ঠিক। এবং কিছুই নেই, এটির জন্য বাকি, শুধু বিচার বাকি আছে। বিচার ছাড়া আর কিছুই থাকতে পারে না। ঈশ্বর তাকে আঘাত করবেন। আর মানুষ নিজেরাই করেছে। ঈশ্বরের উদ্দেশ্য ছিল না যে এটি এমন হবে, কিন্তু তিনি জানতেন যে এটি এমন হবে। এই কারণেই

তিনি বলেছিলেন যে তিনি করবেন, "পৃথিবীতে যারা বসবাস করেন তাদের সবাইকে প্রতারিত করবে, যাহাদের নাম জগৎপত্তনের পূর্বে মেষশাবকের জীবন পুস্তকে রাখা হয়েছিল তাদের ব্যতিরেকে।"

87 আসুন এটা দেখি। এখন আরেকটু পাঠ করি। এখন, এখন আমি বিশ্বাস করি আমরা ১২ পদে আছি।

> *আর তুমি যে দশ শৃঙ্গ দেখিলে, সে দশ রাজা, তাহারা এ পর্য্যন্ত রাজ্য প্রাপ্ত হয় নাই; কিন্তু এক ঘন্টার নিমিত্তে সেই পশুর সহিত রাজাদের ন্যায় কর্ত্তৃত্ব পাইবে।*
>
> *তাহারা একমনা, এবং আপনাদের পরাক্রম ও কর্ত্তৃত্ব সেই পশুকে দেয়।*
>
> *তাহারা মেষশাবকের সহিত যুদ্ধ করিবে, আর মেষশাবক তাহাদিগকে জয় করিবেন: কারণ তিনি প্রভুদের প্রভু ও রাজাদের রাজা: এবং যাঁহারা—যাঁহারা তাঁহার সহবর্ত্তী, আহূত ও মনোনীত ও বিশ্বস্ত, তাঁহারাও জয় করিবেন।*
>
> *আর তিনি আমাকে কহিলেন, তুমি যে জল দেখিলে, ঐ বেশ্যা যাহাতে বসিয়া আছে, সেই জল প্রজাবৃন্দ,... লোকারণ্য,...জাতিবৃন্দ ও ভাষাসমূহ।*
>
> *...আর তুমি যে ঐ দশ শৃঙ্গ এবং পশুটা দেখিলে তাহারা সেই বেশ্যাকে ঘৃণা করিবে,...*

88 এখন এটা দেখুন, এই "দশটি শৃঙ্গ," এই দশটি রাজ্য। দেখুন, যা সম্পূর্ণ পড়ে যাচ্ছে, এই স্বৈরশাসকগুলি। দেখুন যেভাবে স্বৈরশাসকরা ঝুঁকে পড়ে। তারা কোথায় ঝুঁকে আছে? শুধু—শুধু আমাকে একজন স্বৈরশাসক দেখান যিনি সাম্যবাদের দিকে ঝুঁকে পড়েন নি। বুঝলেন? এবং তারা ঘৃণা করবে (কি?) "সেই বেশ্যাকে," মহিলা, চার্চ। কিন্তু কি? এটা কি করতে যাচ্ছে দেখুন।

> *...তাহারা সেই বেশ্যাকে ঘৃণা করিবে, এবং তাহাকে অনাথা ও নগ্না করিবে, তাহার মাংস ভক্ষণ করিবে, এবং তাহাকে আগুনে পোড়াইয়া দিবে।*

89 তারা সেই জিনিসটিকে মানচিত্র থেকে উড়িয়ে দেবে, ঠিক ততটাই নিশ্চিত যেমন আমি এখানে দাঁড়িয়ে আছি। আমাদের কাছে সেই চার্চের বিষয়টি সেখানে নেওয়ার জন্য এবং শাস্ত্রের ভিতরে যাওয়ার জন্য সময় ছিল, যেখানে বলা হয়েছে, পড়ুন, "আর প্রত্যেক কর্ণধার, ও জলপথে যে কেহ গমন করে, এবং সকলে, বিলাপ করিল, কারণ এক ঘন্টার মধ্যেই সেই মহতী বাবিল

ধ্বংস হইল।” এক ঘন্টা, তার সময় এসে গেছে! এবং, ওহ, এটি কীভাবে বলে, “হে পবিত্রগণ, হে ভাববাদিগণ, তোমরা তাহার বিষয়ে আনন্দ কর কেননা সে তোমাদের প্রতি যে অন্যায় করিয়াছে, ঈশ্বর তাহার প্রতীকার করিয়াছেন।” দেখুন, সেটা ঠিক। নিশ্চিত, সাম্যবাদ ঈশ্বরের হাতে বাজছে। ঠিক যেমন রাজা নবূখদ্‌নিৎসর তার হাতে খেলেছিলেন, এসে ইহুদিদের নিয়ে যেত, যখন তারা চলে যায়!... ?...

90 আর পাপ ক্রমাগত কলুষিত হতে পারে, ধার্মিক বীজ সেখানে থাকতে পারে এবং বীজ ক্রমাগত কলুষিত হতে পারে, এবং ক্রমাগত কলুষিত আর কলুষিত হতে পারে যতক্ষন তা ফুরিয়ে যায়। এটি এমন একটি স্থানে পৌঁছায়, কারণ তাদের মা এবং বাবা এবং আরও অনেকে আমাদের আগে এমনভাবে জীবনযাপন করেছেন, আর সেইভাবে, যতক্ষণ না আমাদের জন্য কিছুই অবশিষ্ট না থাকে। আর যীশু কি বলেছেন আপনারা জানেন? আর সেই দিনের সংখ্যা যদি কমাইয়া দেওয়া না যাইত, তবে কোন প্রাণীই রক্ষা পাইত না।

91 আপনারা কি দেখতে পাচ্ছেন? আপনারা দেখতে পাচ্ছেন কেন আমরা এদের পেয়েছি (আমি মন্তব্য করছি না।) আর্থার গডফ্রে, এবং সবাই, আপনারা জানেন, দেখুন, এবং এলভিস প্রিসলির, এবং—এবং কোমর নিচে, ওভারঅল কাপড়, আর চুল তাদের ঘাড় নিচে ঝুলন্ত, আর এই সব, কিশোরেরা যেভাবে জীবনযাপন করছে? কে এটা করায়? এটা কি? কারণ এটি পূর্বপুরুষ, অবৈধ লোকদের একটি দল থেকে বেরিয়ে আসছে। কিছুই বাকি নেই! ওহ, তারা দাঁড়াবে আর গাইবে, “নিকটে, আমার ঈশ্বর, আপনার,” যেমন পি-পিকার আর্নি এবং অন্যদের মতো, একটি কোন ধরনের স্তোত্র গাও, আর এর মত ইত্যাদি। ভাই, আপনি কি জানেন? এটা, এটা একেবারে ভণ্ডামি। হ্যাঁ, মহাশয়।

92 এই বেদীতে সেই মানুষদের কোনো কার্য নেই যেটা সেখানে বাইরে বের হয় রক-এন্ড-রোল এবং বুগি-উগি এবং সব ধরনের বিষয়। এখানে তার এক বিন্দুও দরকার নেই। এই যাজকত্বের বিষয়ে, ঈশ্বরের দ্বারা আহূত। ঈশ্বরের দ্বারা আহূত সেবকেরা এখানে এর পিছনে অন্তর্গত। আর এই রকম লোকেরা এর পিছনে অন্তর্গত নয়। আজকে এর সঙ্গে ব্যাপারটা তাই, তারা চার্চকে একটি লজ ছাড়া আর কিছু তৈরী করেনি। লজ ঠিক আছে, আপনি এটা করতে চান, এটা আপনার উপর নির্ভর করে। কিন্তু আমি আপনাকে বলি, অনেক পার্থক্য আছে...একটি লজ এবং একটি মণ্ডলীর মধ্যে। হ্যাঁ, মহাশয়। আপনি একটি লজে এই জিনিসগুলি করতে চান, এবং সমস্ত

ধরণের পার্টি এবং আরও অনেক কিছু করতে চান, এটি আপনার উপর নির্ভর করে। কিন্তু, ভাই, মণ্ডলীকে বেদী থেকে নীচতলা পর্যন্ত ঝাড়তে হবে। সেটা ঠিক। আমি একটি নতুন জানালা লাগানোর কথা বলিনি আর এইরকম ইত্যাদি। আমি বলতে চাচ্ছি একটি পুরানো ধাঁচের, ঈশ্বর প্রেরিত পুনরুজ্জীবন যা জিনিসটিকে একদিক থেকে অন্য দিকে ছড়িয়ে দিবে। হ্যাঁ, মহাশয়। আলো জ্বালানোর মতো, বৈদ্যুতিক আলো আপেলের চারপাশে একদল আরশোলার উপর। হ্যাঁ, মহাশয়, আলো জ্বলে উঠলে তারা ছড়িয়ে পড়বে।

93 এখন দেখুন, "তাহারা একমনা, এবং আপনাদের পরাক্রম প্রদান করে।" আমি এখন তার নিচে। "দশ শৃঙ্গ।" হ্যাঁ, এখন।

> *কেননা ঈশ্বর তাহাদের হৃদয়ে এই প্রবৃত্তি দিয়াছিলেন, যেন তাহারা তাঁহারই মানস পূর্ণ করে,* (সেখানে সে যাচ্ছে), *এবং একমনা হয়, আর যে পর্য্যন্ত ঈশ্বরের বাক্য সকল সিদ্ধ না হয়, সেই পর্য্যন্ত আপন আপন* রাজ্যগুলি *সেই পশুকে দেয়।*
>
> এখন, *আর তুমি যে নারীকে দেখিলে, সে ঐ মহানগরী, যাহা পৃথিবীর* সকল *রাজগণের উপরে* রাজত্ব *করিতেছে।*

94 এখন, ঠেলাঠেলি করার দরকার নেই, আমরা জানি এটি ক্যাথলিক যাজকতন্ত্র। কারো প্রয়োজন নেই...আমি—আমি সেটা বিশ্বাস করি, যতটা আমি দৃঢ় বিশ্বাস করি যে আমি পবিত্র আত্মা পেয়েছি। যতটা আমি বিশ্বাস করি যে আমি একজন খ্রিস্টান আজ এখানে দাঁড়িয়ে আছি ঠিক ততটাই আমি সেটা বিশ্বাস করি, যে ক্যাথলিক যাজকতন্ত্র হল সেটা—সেটা...ভ্যাটিকান শহর হল—হল সেই শহর যা সাতটি পাহাড়ের উপর অবস্থিত। চার্চের যাজকতন্ত্র হল সেই পশু যে ছিল, এখন নাই। সে হল বাবিল। এটা সবকিছু ঠিক ঠিক চিত্রিত, ঠিক নিখুঁতভাবে শাস্ত্রের মাধ্যমে। এটি ক্যাথলিক চার্চ।

95 এখন, এখন এখানে আপনাদের বিস্মিত হওয়ার স্থান। আপনারা বলেন, "ঠিক আছে, আপনি আমাকে আঘাত করছেন না, ভাই ব্রানহাম।" কিন্তু আমাকে কিছু আপনাকে জিজ্ঞাসা করতে দিন। এখনই ফিরে যাওয়া যাক ৫ম পদে।

> *আর তাহার* মস্তকে *এই নাম...লিখিত আছে, **এক নিগূঢ়তত্ত্ব, মহতী বাবিল, ঘৃণাস্পদ সকলের জননী... পৃথিবীর বেশ্যাগণের ও ঘৃণাস্পদ সকলের জননী।***

96 সে কি ছিল ? বে-শ্যা। আর সে একজন জ-ন-নী ছিল। কি ? জ-ন-নী। সে কিছু একটা জন্ম দিয়েছিল। পুত্রদের মা ?

বেশ্যাদের! বেশ্যা কি? একই জিনিস যেমন একজন—একজন পতিতা, অনৈতিক মহিলা। কি তাকে অনৈতিক করেছে? তার শিক্ষা। সে একটি খ্রিস্টান চার্চ হওয়ার ভান করছিল, কিন্তু মানবসৃষ্ট মতবাদ প্রদান করছিল। আর এখানে সে বলছে যে তার ছিল...যদি সে প্রথম সংগঠন হয়, তাহলে মনে হয় কিছু সংগঠন তার থেকে বেরিয়ে এসেছে। সে বেশ্যাদের মা ছিল। এটা কি ঠিক? বেশ্যাদের মা। এখন পুত্রদের মা হতে পারে না। মা হতে পারে না...তাকে মেয়েদের মা হতে হবে। আর, যদি তারা মহিলা হয়, তারা ছিল গীর্জা। আসুন খুঁজে বার করি। কি বেরিয়ে আসে...

97 প্রথম সংগঠন কে ছিল? ক্যাথলিক চার্চ। দ্বিতীয় সংগঠন কে ছিল? লুথার। তৃতীয় সংগঠন কে ছিল? জুইংলি। এটা কিসে নেমে এসেছে? ক্যালভিন। এবং সেখানে অ্যাংলিকানে আসে, এবং অ্যাংলিকানরা মেথডিস্টে নেমে আসে। মেথডিস্ট, মেথডিস্ট কী তৈরি করেছেন? সেখান থেকে বেরিয়ে আসেন আলেকজান্ডার ক্যাম্পবেল। আলেকজান্ডার ক্যাম্পবেল থেকে বেরিয়ে আসেন জন স্মিথ। বাইরে...আলেকজান্ডার ক্যাম্পবেল হল খ্রিস্টান চার্চ; তারপর, তাদের চার অথবা পাঁচটি ছিল, চার্চ অফ ক্রাইস্ট এবং অন্যান্য সমস্ত ছোট ছোট মতবাদ বেরিয়ে আসে। তারপর এখানে ব্যাপটিস্ট চার্চ আসে, এর অনেক ছোট ছোট প্রশাখা বের হয়। এবং মেথডিস্ট চার্চ থেকে আসে...মেথডিস্ট চার্চ থেকে, প্রথমে ওয়েসলিয়ান মেথডিস্ট আসে, এবং তারপর তারা চার অথবা পাঁচ বার বিভাজিত হয়। তারপরে তারা অন্য ধরণের মেথডিস্টের কাছে আসে, আর তারপর তারা পুনরায় বেরিয়ে আসে, তারপরে তারা মুক্ত মেথডিস্টের কাছে আসে। এবং—এবং তারপর তারা সেখান থেকে নাজারেনে আসে। আর নাজারিন থেকে পিলগ্রিম হোলিনেসে, এবং পিলগ্রিম হোলিনেস নিচে এগিয়ে যায়। এমনি ছোট ছোট মতবাদ বেরিয়ে আসতে থাকে, নিচের দিকে এগিয়ে যেতে থাকে, তাদের প্রতিটি ছোট—ছোট উদ্যোক্তা সেখানে এর নিচে এগিয়ে যায়। এবং তাদের প্রত্যেকে কি করেছে? এবং এটি অবশেষে পেন্টিকোস্টে শেষ হয়।

98 এবং পেন্টিকোস্ট কি করেছে? একই জিনিস যা তাদের জননী করেছে, তারা ফিরে গিয়ে সংগঠিত হয়। এবং এটা কি তৈরী হয়? একটি—একটি ধর্মসম্প্রদায়। একটিতে প্রবেশ করুন, প্রথম বিষয়, “আপনার শিক্ষা কি?” বালক, তারা আপনাকে একটি সূক্ষ্ম দাঁতের চিরুনি দিয়ে আঁচড়াচ্ছে, দেখুন, এটা জানার জন্য আপনি কী,

আপনি কী বিশ্বাস করেন। এবং আপনি যদি তাদের সঙ্গে মিল না খান, ভাই, আপনাকে এখনই বহিষ্কার করা হবে। আর এটা ঠিক।

99 আর ভাববেন না যে আপনি পেন্টিকোস্টাল বলে আপনি সুরক্ষিত। ভাই, যতজন পেন্টিকোস্ট পথের বাইরে ততজন পথের উপর আছে, আমি নিশ্চিত। দেখুন ?

100 এখন, এই সমস্ত সংস্থা, যদি তারা পেন্টিকোস্টের আশীর্বাদকে এগিয়ে যেতে দিত, এটি সংগঠিত না করতো, শুধু এটি একটি ভ্রাতৃত্বের মধ্যে রাখতো এবং পবিত্র আত্মাকে পৃথকীকরণ করতে দিত। পবিত্র আত্মা পৃথকীকরণ করে। অননিয় এবং সাফীরা এক সময় আসে, *অমুক-অমুক* বলেছিলেন; আর পবিত্র আত্মা বললেন, "তোমরা কেন মিথ্যা বলিলে ?"

101 কিন্তু আমরা বলি, "এখন, এটা ভাই জোন্স, আপনি এখন তার বিষয়ে খারাপ কিছু বলবেন না, তিনি আমদের মণ্ডলীতে সব থেকে ভালো প্রার্থনা করতে পারেন। আমি জানি তিনি পবিত্র আত্মা পেয়েছেন; আমি তাকে বিভিন্ন ভাষায় কথা বলতে শুনেছি এবং আমি তাকে আত্মায় চিৎকার করতে দেখেছি।" এটি শুকনো গোচর্মের উপর মটর ঢালা ছাড়া আর কিছু নয়। দেখুন ? এটা দিয়ে কিছু করার নেই। ঈশ্বর কাছে বলার অধিকার আছে। তিনি বলতে পারেন সে আছে কি না। নিশ্চিত ভাবে। কিন্তু আমরা এটা আমাদের ধর্মসম্প্রদায়ের কাছে নিয়েছি। "ঠিক আছে, আমরা তাকে মণ্ডলী থেকে—থেকে লাথি মেরে বাইরে বের করে দিয়েছি, ওয়াননেস তাকে তুলে নেয়। ওয়াননেস তাকে সঙ্গে নিয়ে কিছুক্ষণ চলে, এবং তারপরে তারা তাকে বের করে দেয়। কারণ, তারা তাকে সেখানে নিয়ে যায় এবং জিজাস ওনলি তাকে তুলে নেয়। জিজাস ওনলি কিছুক্ষণ তাকে নিয়ে চলেন, তারপরে চার্চ অফ গড তাকে তুলে নেয়, তাকে তুলে নেয়। চার্চ অফ গড অফ প্রফেসি তাকে তুলে নেয়, এবং টমলিনসনের উত্থাপন তাকে নিয়ে নেয়।" ওহ, আমার ! ভাই, আমরা যদি ফুরিয়ে না যাই ! তবে এটি পেন্টিকোস্টে, শেষ পুনরুজ্জীবন। আর এখন তারা নীল শিখা পেয়েছে, আর তারা তেল উপাসক পেয়েছে, আর—আর মুখে রক্ত নিয়ে। এবং, ওহ, করুণা, আমি জানি না তারা এখন কোথায় গেছে।

102 শুধু একটা জিনিস, পুরোটাই দূষিত হয়ে গেছে। আপনি কি জানেন বাইবেল বলেছে যে এটা দূষিত হয়ে যাবে ? আপনি কি জানেন—বাইবেল এই দিনের কথা বলে, এখানে এটা আসবে, যখন প্রভুর মেজ বমিতে পূর্ণ হবে ? আর বলে, "আমি কাকে বার্ত্তা

শেখাতে পারি? কে আমাকে বোঝাতে পারবে? কেননা বিধির উপরে বিধি, বিধির উপরে বিধি, পাঁতির উপরে পাঁতি, পাঁতির উপরে পাঁতি।" তিনি কাকে বার্ত্তা শেখাতে পারেন? যাহারা দুধ ছাড়িয়াছে ও স্তন্যপানে নিবৃত্ত হইয়াছে। দেখুন?

103 এখন, এই—এই শহরে একজন মহিলা, একজন অর্বাচীন মহিলাও নেই যিনি একজন কুমারী কন্যা জন্ম দিতে পারেন। সে যখন জন্মগ্রহণ করে, এখন, আর সে ভালো হতে পারে। কিন্তু আপনি যদি লক্ষ্য না করেন, তার মা সেই স্বভাবের ছিল, সেই মেয়েটি, দশের মধ্যে নয়বার, ঠিক তার মায়ের মতো আচরণ করবে। এখন, আপনারা জানেন যে এটি ঠিক। একটি বৃদ্ধ মহিলা যিনি খারাপ খ্যাতি নিয়ে ঘর পরিচালনা করেন, সে একটি ছোট মেয়েকে জন্ম দিতে পারেন। সে ষোল বছর বয়সী হতে পারে, যে কোনো লিলি ফুলের মতোই পরিষ্কার এবং নৈতিক হতে পারে, কিন্তু, যদি সে সেই ভাবেই থাকে। কিন্তু, ব্যাপারটা হল, সে ঠিক ফিরে যায় এবং তার মায়ের মতো আচরণ করে।

104 এখন, ক্যাথলিক চার্চ ছিল প্রথম বেশ্যা যে মতবাদ নিয়ে আসে যা সে নিজে তৈরি করেছিল, কুসংস্কার, যা, বাইবেল বলে, "সে অগাধলোক হইতে উঠিবে ও বিনাশে যাইবে।" বাইবেল তা বলেছে। এখন, যদি তারা এটি শেখায়, তবে এটি ভুল। এটি ভুল, ঈশ্বরের বাক্য অনুযায়ী। এবং তারপরে এখানে মেথডিস্ট চার্চ আসে, যা তার থেকে জন্মগ্রহণ করেছিল, একজন সুন্দরী যুবতী, কিন্তু সে কী করেছিল? সে ঠিক ফিরে যায় এবং তার মা যে কাজ করেছিল সেই একই কাজ করে। তার মণ্ডলীকে ছোট ছোট কাপড় পরিধান করতে দেয়। তাদের সিগারেট খেতে দেয়। তাদের চলতে দেয় এবং তাদের মতো কাজ করতে দেয়। তারা এই বিষয়ে কিছুই বলে নি। সেখানে পিছনে ছোট অর্ধ-পক্ক যাজক, সেখানে বেদীর পিছনে, ভয় পায় একদিন তার বেতন অথবা বিস্কুটের প্যান শেষ হয়ে যাবে।

105 আমাকে আপনাদের বলতে দিন, ভাই, আমি বরং সুসমাচার প্রচার করব এবং সোডার বিস্কুট খাব এবং নালার জল পান করব, কিন্তু এই সম্পর্কে সত্য বলব। যদি আমার মণ্ডলীর প্রত্যেকে উঠে বাইরে চলে যায়, আমি তাদের এই বিষয়ে সত্য বলব। হ্যাঁ, অবশ্যই।

106 কি ব্যাপার? ওহ্, এটা একটা খাবারের টিকিট। "ঠিক আছে, আপনি জানেন, আমি শহরের সবচেয়ে বড় চার্চের যাজক।" তোমরা ব্যাপ্টিস্ট ও মেথডিস্টরা একজন মিথ্যা ভবিষ্যদ্বক্তার কথা শুনছ। এখন, এটি রুক্ষ, কিন্তু এই বাইবেলের বিপরীত যদি কেউ কিছু

শেখায় সে হল একজন মিথ্যা ভবিষ্যদ্বক্তা। আমি চিন্তা করি না যে এটি কতটা পালিশ করা, এটি মিথ্যা ভবিষ্যদ্বাণী। সেটা ঠিক।

107 "ওহ, যতক্ষণ আপনার নাম পুস্তকে লেখা রয়েছে ততক্ষণ সবকিছু ঠিক আছে।" এক ডজন পুস্তকে আপনার নাম থাকতে পারে। যদি এটি জীবন পুস্তক না থাকে তাহলে আপনি হারিয়ে গেছেন! আপনি সবসময় ভালো হতে পারেন, আপনি অনুগত, পরিচ্ছন্ন এবং নৈতিক হতে পারেন, এর সঙ্গে তার কোন কিছুই করার নেই।

108 এষৌ যাকোব চেয়ে দ্বিগুণ ছিল, যখন এটি একজন মানুষ হিসাবে আসে, তার বৃদ্ধ অন্ধ পিতাকে এবং বাকিদের যত্ন নেওয়ার বিষয়ে। আর যাকোব লাজুকে ছিলেন তার মায়ের তাম্বুতে অবস্থান করতেন, একটি লাজুকে ছেলে। কিন্তু ঈশ্বর বলেছেন, "আমি যাকোবকে প্রেম করিয়াছি কিন্তু এষৌকে অপ্রেম করিয়াছি," উভয় ছেলের জন্মের আগে। রোমীয় ৮ তাই বলে। এটা একদম ঠিক।

109 ঈশ্বর জানেন মানুষের মধ্যে কি আছে। আর তিনি মণ্ডলীতেও কি আছে তা জানেন। আমরা জীবনের রুটি, ঈশ্বরের বাক্য রুটি দ্বারা জীবিত আছি। এখন, এই কারণেই আমরা একটি ধর্মসম্প্রদায় নই।

110 এখন আমি আপনাদের আরেকটু দিতে চাই...আমি আপনাদের একটি ছোট উদাহরণ দিতে চাই যা আমি এখানে লিখেছি। "সেই মহতী..." এখন প্রকাশিত বাক্যে, ১৯:২। আমি এখানে কিছু চিহ্নিত করেছি। আমি এখন দেখতে চাই এটা কি।

> *কেননা তাঁহার বিচারাজ্ঞা সকল সত্য ও ন্যায্য: কারণ তিনি মহাবেশ্যার বিচার করিয়াছেন, যে আপন বেশ্যাক্রিয়া দ্বারা পৃথিবীকে ভ্রষ্ট করিত, তাহার হস্ত হইতে আপন দাসগণের রক্তপাতের পরিশোধ লইয়াছেন।* (এটি ক্যাথলিক চার্চের সমাপ্তি।)

111 এখন, আমরা চাই আপনারা যেন এটাও লক্ষ্য করেন, এখানে, যে একটি ধর্মসম্প্রদায়—যে ধর্মসম্প্রদায়কেও এখানে ধর্মগ্রন্থে পাওয়া যায়, যে...এবং বাইবেল কখনই একটি ধর্মসম্প্রদায়ের কথা বলে না। ধর্মসম্প্রদায়ের ক্যাথলিক চার্চ থেকে আসে। সে ধর্মসম্প্রদায়ের প্রথম জননী, এবং প্রতিটি ধর্মসম্প্রদায়ের ঠিক নিচে চলে আসে। এখন, এটি একটু বেদনা দিতে যাচ্ছে। এটা সব সময় একটু বেদনা দেয়, দেখুন। কিন্তু আমি—আমি আপনাদেরকে দেখতে চাই যে ধর্মসম্প্রদায় ঈশ্বরের দ্বারা জন্ম অথবা নিযুক্ত হয়নি। এটা শয়তান দ্বারা নিযুক্ত হয়েছে।

112 ঈশ্বরের মণ্ডলী হল একটি...আমরা বিভক্ত নই, আমরা সবাই এক দেহ; একটি প্রত্যাশা এবং শিক্ষা, প্রেমে এক। এটি জীবন্ত ঈশ্বরের মণ্ডলী। তারা যাই হোক না কেন, সেই বিষয়গুলি, আমরা সকলে এক! সেটা ঠিক। সে মেথডিস্ট হোক অথবা ব্যাপটিস্ট, ভাই, যদি সে নূতন জন্ম পায় এবং পবিত্র আত্মায় পূর্ণ হয়, সে আমার ভাই। আমরা কাঁধে কাঁধ মিলিয়ে হাঁটছি। ঠিক। হ্যাঁ, মহাশয়। কোন পার্থক্য করবেন না।

113 মোশি। মাঝে মাঝে আমি আশেপাশে তাকিয়ে বলি, "আপনি জানেন সেই ধর্মান্ধ পেন্টিকোস্টালদের একটি দল, ভাই ব্রানহাম, কেন আপনি এমন একটি দলের সঙ্গে বেরিয়ে ছিলেন?" আপনি কি জানেন? মোশি ইস্রায়েলের সন্তানদের দিকে তাকালেন। ফরৌণ যে জানালা দিয়ে বাইরে তাকিয়ে ছিল সেই জানালা দিয়ে তিনি তাকালেন। ফরৌণ তাদেরকে একদল কর্দমাক্ত লোক দেখতে পেলেন, কিন্তু মোশি তাদেরকে ঈশ্বরের মনোনীত হিসাবে দেখলেন। তিনি জানতেন তাদের প্রতিশ্রুতি ছিল। কেন? তিনি বাক্যের দ্বারা এটি জানতেন। আর বিশ্বাসের দ্বারা...সিংহাসনে পা রেখে, ফরৌণ হওয়ার জন্য, সমস্ত বিশ্ব তার পায়ে কাছে, সেখানে বসে তার মুখে দ্রাক্ষারস ঢেলে, আর সুন্দরী নারীরা তাকে হাওয়া করার জন্য, সম্রাট, অথবা স্বৈরশাসক, অথবা বিশ্বের রাজা হিসাবে, চল্লিশ বছর বয়সে তরুণ মোশি, তার হাতে ছিল। তিনি কর্দমাক্ত লোকদের সেই দলের দিকে তাকালেন, কিন্তু তিনি জানতেন যে তিনি তাদের একজন। হালেলুইয়া! এটাই। তিনি জানতেন যে তিনি তাদের একজন। এবং বিশ্বাস দ্বারা, একাকী, তিনি চয়ন করেন!

114 প্রত্যেককে একটি পছন্দ চয়ন করতে হবে। আপনাকে একটি পছন্দ চয়ন করতে হবে। আপনাকে এখনই একটি পছন্দ চয়ন করতে হবে। আপনাকে সকালে একটি পছন্দ চয়ন করতে হবে। আপনি যদি বেঁচে থাকেন তবে আগামীকাল রাতে আপনি একটি পছন্দ চয়ন করতে যাচ্ছেন। আপনাকে কোন সময় বেছে নিতে হবে। ভাই, অনেক দিন আগে আমি চয়ন করেছি। এই বাইবেল আমার অভিধান ছিল। এই বাইবেল আমার জীবন পুস্তক ছিল। এই বাইবেল ঈশ্বরের বাণী ছিল। বাইবেলের দ্বারা আমি জীবিত আছি। এই বাইবেলের পাশে আমি দাঁড়িয়ে আছি।

115 তাই, মোশি ইস্রায়েলের সন্তানদের দিকে নজর দিলেন। এবং তিনি শুধু বলেননি, "ওহ, তারা অপূর্ব মানুষ। তাদের বিরুদ্ধে আমার কাছে কিছু নেই। ওহ, না, আমি তাদের বিরুদ্ধে একটি কথাও বলব না।" আজকে অনেক লোক এইভাবে করে। "ওহ, পেন্টিকোস্টালরা

আর সেই লোকেরা যারা পবিত্র আত্মা পেয়েছে, এবং যারা ঐশ্বরিক আরোগ্যকরণে বিশ্বাস করেন, ওহ, আমার—আমার—আমার কাছে এর বিরুদ্ধে কিছুই নেই।” কিন্তু সেটা মোশি ছিলেন না। তিনি মিশর ত্যাগ করলেন এবং তাদের একজন হলেন। তিনি তার ভাইদের মধ্যে চলে গেলেন। তিনি ছিলেন তাদের একজন।

116 ভাই, সেখানেই আমি আমার পথ ধরি। আমি হেয় জ্ঞান করা প্রভুর অল্পসংখ্যক লোকদের সঙ্গে পথে চলব, যদি তা মুষ্টিমেয় হয়, যাই হোক না কেন। তারা একটি প্রতিশ্রুতি পেয়েছে, আর আমি মেষশাবকের জীবন পুস্তকে তাদের নাম দেখতে পাচ্ছি। তারা আমার ভাই। সেটা ঠিক। আপনার পছন্দ চয়ন করুন এবং তাদের সঙ্গে দাঁড়ান। ঠিক অথবা ভুল, যেভাবেই হোক সেখানে দাঁড়ান। যদি তারা ভুল হয়, তাদের সঠিক হওয়ার জন্য সাহায্য করুন। ঠিক। আপনি তাদের লাথি মেরে তাদের ভালো করবেন না। দেখুন, তাদের বের করার চেষ্টা করুন।

117 চার্লি, যেমন তারা বলেছিল ভাই অ্যালেন সম্পর্কে, আগুনের বিষয়ে...হাতে রক্ত। আমি বললাম, “কখনই না, আমি এ. এ. অ্যালেনকে অবজ্ঞা করিনি।” আমি বলেছিলাম, “আমি যদি এ. এ. অ্যালেনের মতো প্রচার করতে পারতাম, তাহলে আমি আর কখনো আরোগ্যকরণ সভা করতাম না।” এখন, যখন আপনার হাতে পবিত্র আত্মার প্রমাণ হিসাবে রক্তের উপর দ্বিমত পোষণ করার উপর আসে, আমি এর সঙ্গে একমত হব না। কিন্তু যখন ভ্রাতৃত্বের বিষয় আসে, সে আমার ভাই। যুদ্ধে তার সঙ্গে আমি কাঁধে কাঁধ মিলিয়ে দাঁড়িয়ে আছি। সেটা ঠিক। যদি তিনি ভুল হন, আমি তাকে সাহায্য করার চেষ্টা করব। আর যদি তিনি ভুল না হয়ে থাকেন, যদি আমি ভুল হয়ে থাকি, আমি চাই তিনি আমাকে সাহায্য করুন। আর এইভাবেই আমরা একসঙ্গে—একসঙ্গে চলতে পারি। এখন এখানে দেখুন।

...সে ছিল ***নিগূঢ়তত্ত্ব, বাবিল***...***বেশ্যাগণের জননী***...

118 আজ মণ্ডলী কেমন তা এখন আপনারা দেখতে পাচ্ছেন, বন্ধুরা, আপনি কি দেখতে পাচ্ছেন যে এই চার্চগুলি তারা যে কোন ভাবে জীবনযাপন করে, যেমনভাবে তারা জীবনযাপন করতে চায় ? “একদম ঠিক আছে, এগিয়ে যাও,” শূকর শূকরকে খাও, কোন মনোযোগ দিবেন না। “কেন, এটা করতে কোনো ক্ষতি নেই। কেন, আপনি পুরানো ধাঁচের হতে চেষ্টা করুন।” এখন তাদের শিক্ষা দেখুন। এখন আমি চাই...এখন দেখুন। এটা তাদের

অভ্যাস। আপনারা কি দেখতে পাচ্ছেন, কয়েক বছর আগে, শুধুমাত্র ক্যাথলিক চার্চ চলচিত্র দেখতে যেতে অনুমতি দেয় ? মেথডিস্ট চার্চ এমন কিছু ভাবতে পারে না। অন্যান্য সকল ধর্মসম্প্রদায়গুলি, “না ! এটা শয়তানের কাজ।” আমি ভাবছি কি হয়েছে। হ্যাঁ, মহাশয়।

119 আর আপনারা জানেন, তাদের অল্প বয়স্ক ক্যাথলিক মেয়েদের নিন, তারা বেরিয়ে আসে এই ছোট...(এখন, আপনাদের মধ্যে কিছু বয়স্ক ছেলে আমার মতোই বয়স্ক।)...এই জিনিসটি লক্ষ্য করেছেন যেখানে তাদের হাঁটু-উচ্চ গানটি ছিল। সেই লোকটি, আমার অনুমান, আজ রাতে নরকে আছে। আমি জানি না। আমি তার বিচারক নই। কিন্তু যখন তিনি সেই প্রথম ছোট্ট নোংরা গানটি তৈরি করেছিলেন যা রেডিওতে ছড়িয়ে পড়েছিল, বিবাচন ছাড়া, সেই, “রোল এম, গার্লিস, রোল এম; তাদের গুটিয়ে দিন এবং আপনার সুন্দর হাঁটু দেখান।” কতজন মনে করতে পারেন যখন প্রথমে সেটা বেরিয়ে আসে, অনেক বছর আগে ? সেখানেই প্রথম ভ্রান্তি ছিল। সেটা ঠিক। আর যখন তারা টেক্সাস থেকে এই ব্যক্তিকে নিয়ে আসেন, এবং সেখানে মহিলাদের নিয়ে যান এবং তাদের অন্তর্বাসের পোশাক ব্যবহার করে তাদেরকে একটা কিছু দেখানোর চেষ্টা করে যা তারা নয়, আর এই রকম জিনিস, এবং তারা এর সঙ্গে যেতে দেয়। আর এখন এটা কি করেছে ? এটা ধীরে প্রবেশ করতে থাকে। এটা একটা আত্মা।

120 একদিন একজন ব্যক্তি কথা বলছিলেন। তিনি বলছিলেন, “আমি জানি না আমি কি করবো। আমার ভালো, সৎ ছেলে আছে, আর সেই ছেলেটি নিচ্ছে সে যার উপর হাতে রাখে তাই নিচ্ছে।”

আমি বললাম, “কেন ?”

“সে একটি চোরের সঙ্গে মেলামেশা করছে।”

121 আপনি এমন কারো সঙ্গে ঘুরে বেড়ান যে চোর, আপনি নিজেই চোর হয়ে যাবেন। আমার বৃদ্ধ কেন্টাকি মা বলতেন, “তুমি মাছি আছে এমন একটি কুকুরের সঙ্গে শুয়ে পড়ো, তুমিও শরীরে মাছি নিয়ে উঠবে।” আপনি এমন একজন—আপনি এমন একজন মহিলাকে গ্রহণ করুন যে ভালো নয়, আর একটি...একটি মেয়ে, তাকে একটি—একটি ভালো ভদ্র ছেলের সঙ্গে রেখে দিন, এবং প্রথম জিনিসটি আপনি জানেন যে সে একটি কুকুরছানার মতো বিদ্বেষপরায়ণ। এটিকে তদ্বিপরীত করুন। আপনি আপনার সঙ্গিদল দ্বারা পরিচিত হন। নিজেকে আলাদা করুন ! “তাদের মধ্য থেকে

বেরিয়ে আসুন," বাইবেল বলেছে, "তোমরা আলাদা হও!" সেটা ঠিক।

122 যদি তাদের ধর্মসম্প্রদায়গুলি বিকৃতির দিকে ফিরে যায় এবং তাদের লোকেদের করার অনুমতি দেয়...ঠিক আছে, এখানে অন্য দিন, একটি বড় ব্যাপটিস্ট চার্চে, তাদের বরখাস্ত করতে হয়েছিল। একজন ব্যক্তি শুধুমাত্র কুড়ি মিনিট প্রচার করতে পারেন, কারণ যাজক ধূমপান করবেন। মণ্ডলীর সকলে বাইরে চলে গেল। তারা সবাই সেখানে ধূমপানের সারিতে দাঁড়িয়েছিল, এবং আবার ফিরে এসে, যাজক এবং তাদের সকলে। আমি একটি কংগ্রেগেইশনালিস্ট চার্চে গিয়েছিলাম, সেখানে একজন লোক দাঁড়িয়ে ছিলেন, একটি বড় লম্বা পোশাক পরিধান করে, সেখানে দাঁড়িয়ে ছিলেন, বললেন, বেদীর উপর *এভাবে* হেলান দিয়ে, পাহাড়ের উপরে একরকম ফুলের কথা বলতে বলতে। সেখানে এই বিষয়ে এটাই ছিল, আর বাইরে চলে যান। আর সিগারেটের ধোঁয়ায় তার আঙ্গুলগুলো হলুদ হয়ে গিয়েছিল। হ্যাঁ। আর বলছিলেন যে মহিলারা, যে পুরুষরা খেলতে যাচ্ছে...এই জার্মান খেলাটির নাম কি যা তারা সেটা দিয়ে খেলে, আপনারা অনেক—আপনি কার্ড বণ্টন করেন, আপনারা জানেন? ছিল...ওহ, আমি ভেবেছিলাম আমি এটি মনে রাখব। তাস, তারা তাস খেলাতে যাচ্ছিল। আমি মনে করি সেটা ঠিক। হ্যাঁ, আপনি যেখানে বণ্টন করেন। এটা নিয়মিত তাস খেলা। নীচতালায় তাস খেলা! কি, অবস্থা! সেখানেই এর ভিত্তি। আশ্চর্যের কিছু নেই! তারা এটা কি করে? আর তারপর ক্যাথলিক চার্চ সম্পর্কে এখানে এই রোটারি প্লেসে চীৎকার করে এবং লটারি খেলে। কেন, আপনারা প্রোটেস্ট্যান্টরা তাদের মতোই নোংরা, তাই আপনারা এই সম্পর্কে কী বলতে পারেন? ঘট কেটলিকে "নোংরা" বলতে পারে না। অবশ্যই না। আপনি এটা করছেন, তারপর বলুন, "ঠিক আছে, আমি একজন প্রেসবিটারিয়ান। আমি একজন মেথডিস্ট।" আপনার নূতন জন্ম না হওয়া পর্যন্ত আপনি কিছুই নন। সেটা ঠিক। আর যখন আপনি এটি করবেন, আপনি জানেন, আপনার মধ্যে এমন কিছু আছে যা আপনাকে বলে যে এই জিনিসগুলি ভুল, এবং আপনি এটি থেকে ঠিক বেরিয়ে আসবেন যেমন আপনি হাঁটু-উচ্চ থেকে শূন্যতে। আপনারা জানেন এটাই সত্য। অবশ্যই। হ্যাঁ, মহাশয়। এই বিষয়গুলি তার সঙ্গে যায়। কেন?

### ...*বেশ্যাগণের জননী*...

123 এর মধ্যে একদিন বৃদ্ধ জননী বলে যাচ্ছেন, "তুমি কি জানো? সর্বোপরি, প্রিয়, আমরা উভয়ই একই।" এবং আপনারা জানেন

তারপর কি হবে ? চার্চগুলির সংঘ এখনকার মতোই সবাই একত্রিত হতে চলেছে। আর আপনারা কি জানেন এই ছোট দলটির কি ঘটতে যাচ্ছে ? আপনাদের এর জন্য কষ্টভোগ করতে হবে, বালকেরা। এটা একদম ঠিক।

124 কিন্তু চিন্তা করবেন না, মেষশাবক তাকে পরাস্ত করবে। কারণ তিনি প্রভুদের প্রভু, এবং রাজাদের রাজা, এবং ঈশ্বর তার মণ্ডলীর নেতৃত্ব দিবেন, একটি ধর্মসম্প্রদায়ের পরিবর্তে। তিনি সেই মণ্ডলীর উপর পবিত্র আত্মার সোনার তেল ঢেলে দিবেন। ভাই, স্বর্গ থেকে আগুন নেমে আসবে, এবং অদ্ভুত লক্ষণ ও পরাক্রমকার্য্য ঘটবে, যা আপনি আগে কখনও দেখেননি। হ্যাঁ, মহাশয়। "হে ক্ষুদ্র মেষপাল, ভয় করিও না, কেননা তোমাদিগকে সেই রাজ্য দিতে তোমাদের পিতার হিতসঙ্কল্প হইয়াছে।" হ্যাঁ, মহাশয়। "কিন্তু যে কেহ শেষ পর্য্যন্ত স্থির থাকিবে !" এটা এখানে। শুধু পথে চলতে থাকুন। আপনার মুখ কালভেরীর দিকে রাখুন। এই বাইবেল সঠিক। চিন্তা করবেন না।

125 এখন দেখুন। তাদের কিছু অভ্যাস আছে। তাদের কিছু নৈতিকতা আছে। আমরা এই বিষয়ে কথা বলতে থাকতে পারি। প্রথম জিনিস আপনারা জানেন, এটা প্রোটেস্ট্যান্ট চার্চের মধ্যে ঢুকে পড়ে। তারপর ক্যাথলিক নারীরা শুরু করে...কেন, ছোট কাপড় পরিধান করলে কোনো ক্ষতি হয় না, যতক্ষণ তারা গির্জায় তাদের মাথায় একটি ছোট রুমাল রাখেন। এক প্রকার ঐতিহ্য, "শুক্রবারে কোনো মাংস খাবেন না।" আর, ওহ, আপনারা কোথায় পেয়েছেন গির্জায় প্রবেশ করার সময় আপনার মাথায় রুমাল রাখুন ? আমি চাই আপনারা আমাকে বাক্যটি দেখান। এটা মিথ্যা ভবিষ্যদ্বাণী। আপনি গির্জায় একটি টুপি পরতে অনুমিত গির্জায় এটি কোথায় আছে ? আপনি যখন আপনার মাথায় টুপি পরেন, আপনি খ্রীষ্টকে অসম্মান করেন, ঠিক; পুরুষরা, আমি আপনাদের কথা বলছি। মহিলারা, আপনাদের কাছে একটি আচ্ছাদন আছে, কিন্তু আমি যে কাউকে আহ্বান করি আমাকে দেখান যে এটি একটি টুপি অথবা রুমাল। এটা আপনার চুল ! এবং আপনি এটি সম্পূর্ণ কেটে ফেলে দিয়েছেন। এখন এই বিষয়ে কি ? ওহ, তারা বলে, "ওটা পুরানো ধাঁচের।" যদি এটা হয়, এটা বাইবেল ! আর ঈশ্বরের বাক্য সঠিক।

126 এই বিষয়ে কথা বলছি, খুব বেশি দিন আগে নয়, যে মহিলা যীশুর পা ধুয়েছিলেন, এবং তার চুল নিয়ে, আপনারা জানেন, এবং—এবং এটি দিয়ে এটি মুছে ফেলেছিলেন। আমি বলেছিলাম, "একমাত্র উপায় একজন মহিলা এটি করতে পারেন, তার মাথাতে পর্যাপ্ত চুল ছিল যেন তার পা ধুতে পারে, মুছতে পারে।" সেটা

ঠিক। ওহ, এটা, এইভাবে দেখা অপমানজনক...এখানে, হিমশীতল আবহাওয়ায়, একটি ছোট কোট পরিধান করে ঘুরে বেড়াচ্ছে, আর তাদের নগ্ন শরীর দেখাচ্ছে।

127 এখন বলেন, "আপনি মহিলাদের বিষয়ে বলছেন কেন?" আপনাদের এই বিষয়ে বলা উচিৎ।

128 আর আপনারা পুরুষরা যারা আপনাদের মহিলাদের এটি করতে দেন, ভাই, আমি—আমি জানি না আপনাদের বিষয়ে কি ভাবব। এখন, এটা ঠিক।

129 আর আপনারা পালকেরা, আমি অনুমান করি না আপনারা এখানে আছেন। কিন্তু আপনি যদি লোকটিকে দেখতে পান, আপনি তাকে আসতে বলুন, বলুন, আমার সঙ্গে দেখা করতে। বুঝলেন? যদি তিনি খ্রীষ্টের প্রতি কোন সম্মান প্রদান না করেন তবে তিনি তার মণ্ডলীকে এটা ছাড়াই চলতে দেন...এখন তিনি...তারা তার পিছনে এটি করতে পারে, কিন্তু যদি তিনি তাদের এই সম্পর্কে না জানান, তিনি যীশু খ্রীষ্টের জন্য উপযুক্ত দাস নন। এটা একদম ঠিক। তিনি খ্রীষ্টের দাস হওয়ার উপযুক্ত নন। খ্রীষ্টের একজন দাসকে নির্ভীক হওয়া উচিত যদি এটা বাইবেলের বিষয় আসে। অবশ্যই। কিন্তু তারা সেখানে, তারা বাইরে যায় এবং তারা যেভাবেই হোক তা করে।

130 এবং তারপর, প্রথম বিষয় আপনারা জানেন, প্রোটেস্ট্যান্টদের এটি তুলে নিতে হয়েছিল। আপনারা ভালো মেথডিস্ট, আর আপনারা ব্যাপটিস্ট, আর আপনারা প্রেসবিট্যারিয়ান, অথবা নাজারেন, পিলগ্রিম হোলিনেস, এবং আপনারা সকলেই, একই জিনিস, বেরিয়ে আসে, একটি থেকে ছয়টি, এবং অন্য অর্ধ ডজন। এখানে, "বেশ্যাগণের জননী।" আপনার ধর্মসম্প্রদায়, "যখনই তারা সদর দপ্তর শুরু করে, তাতে এটা কি পার্থক্য করে?" দেখুন? অনেক পার্থক্যের সৃষ্টি হয়। এটা কখনই শুরু হয় নি, *সেই* সদর দপ্তর। এখানে আপনার সদর দপ্তর থেকে শুরু হতে পারে, কিন্তু সেখানে নয় যা এক উপরে আছে। আপনি কোথা থেকে এসেছেন তার উপর নির্ভর করে। সেটা সত্য।

131 এখন, আমি মনে করি না যে আমাদের কাছে এটি অন্যটি নেওয়ার জন্য সময় আছে, সম্ভবত আমি এটিকে সকালের জন্য রেখে দিব। ঠিক আছে, চলুন এই ছোটটি নেওয়া যাক। আমরা এখানে পেয়েছি, "জলে বাপ্তিস্ম।" আমরা এও পেয়েছি "পূর্বনির্ধারণ," আর, ওহ, অনেক কিছু। সুতরাং আসুন শুধু এটা

নেওয়া যাক, এই ছোট্ট, সংক্ষিপ্ত “নারী প্রচারক,” আর এটা নেওয়া যাক।

132 এখন, এখন, ভদ্রমহিলা, আমি আপনার অনুভূতিতে আঘাত দিতে চাই না, তবে আমি আপনাকে কিছু বলতে চাই। আপনি বাইবেলের এক টুকরোও বাক্য পাননি, বাইবেলে একটিও নেই। হ্যাঁ, আমি জানি আপনি কোথায় যাচ্ছেন, এবং আমি আপনার সমস্ত কিছু করেছি, হ্যাঁ, “তাহাতে তোমাদের পুত্রগণ ও তোমাদের কন্যাগণ ভাববাণী বলিবে।” এখন, যদি আপনার পালক জানেন না “ভাববাণী” মানে কি, তিনি—তিনি কিছুই জানে না। বেদীর পিছনে তার খুব বেশি কাজ নেই, আপনাকে প্রচারক হতে বলার চেষ্টা করছে। দেখুন? এটির কারণ, নিশ্চিতভাবে, এটিকে আদিপুস্তক থেকে প্রকাশিত বাক্য পর্যন্ত দোষারোপ করা হয়েছে। এখন আপনাদের এটা দেখাতে দিন, দেখুন।

133 এখন আমি চাই আপনারা আমার সঙ্গে প্রথম তীমথিয় ২:১১ খুলুন। শুধু এটা খুলুন এবং আমরা এখন এটি খুঁজে বের করব, আর আমরা এটি এখানেও পাব, আপনার প্রেরিত ২। হ্যাঁ। আর এই বিষয়ে এখানে শাস্ত্র কি বলে শুধু—শুধু শুনুন।

134 এখন, কেউ বলতে থাকেন, “ঠিক আছে, ভাই ব্রানহাম, আপনি একজন বৃদ্ধ নারী বিদ্বেষী।” আমি নারী বিদ্বেষী নই। আমি একজন...আমি নারীদের এমন একটি স্থান নেওয়ার চেষ্টা করতে দেখতে পছন্দ করি না যেখানে তারা অন্তর্ভুক্ত নয়।

আপনার মনে আছে এখানে হাওয়ার্ড শিপইয়ার্ডে, ওহাইও নদীতে সবচেয়ে সফল শিপইয়ার্ডগুলির মধ্যে একটি? তারা সেখানে একজন মহিলাকে বসিয়ে দেন। দেখুন কি হয়েছে।

তারা নারীকে ভোট দেওয়ার অধিকার দেয়। দেখুন কি হয়েছে।

135 আমাকে এখনই বলতে দিন। শুধু নারীদের চামড়া ছাড়াচ্ছি না। আমি চাই পুরুষরা যেন বুঝতে পারেন আপনারাও এতে আছেন। কিন্তু একটা কথা বলতে দিন, ভাই। এ জাতি নারীর জাতি। আমি আপনার দ্বারা, শাস্ত্র দ্বারা, আপনি যা চান তা দ্বারা প্রমাণিত করে দেখাব। এটা...আমাদের টাকায় কি প্রদর্শিত হয়? একজন মহিলা। কোথায় তাকে খুঁজে পাওয়া যায়? প্রকাশিত বাক্যে, এখানে, আপনি তাকে দেখতে পাচ্ছেন। তার সংখ্যা তেরো, এছাড়াও, সবকিছু সে শুরু করেছে; তেরো তারা, তেরো ফিতে, তেরো উপনিবেশ। তেরো, সবকিছুই ছিল তেরো, শুরুতে। সে প্রকাশিত বাক্যে ১৩ তম অধ্যায়ে উপস্থিত হয়। একজন মহিলা, তেরো!

136 আর ১৯৩৩ খ্রীষ্টাব্দে, যখন প্রভু...যখন আমরা এখানে সভা করছিলাম যেখানে চার্চ অফ ক্রাইস্ট এখন দাঁড়িয়ে আছে, পুরানো মেসোনিক বাড়ি, প্রভুর দর্শন এখানে আমার কাছে এসেছিলেন এবং ভবিষ্যদ্বাণী করেছিলেন "জার্মানি উঠবে এবং সেই ম্যাজিনো লাইনটি সেখানে রাখবে।" আপনাদের অনেকেরই মনে আছে। এবং কীভাবে তারা সবাই সেখানে সুরক্ষিত থাকবে, আর আমেরিকানরা সেই লাইনে সেখানে মার খাবে। এবং কি ঘটবে, এবং রুজভেল্ট ও তাদের সম্পর্কে, তিনি কীভাবে দৌড়াবেন এবং সেই চতুর্থ মেয়াদটি করবেন তাও বলেছেন। নিখুঁতভাবে, ঠিক যেভাবে এটি এসেছিল। এবং আরও বলেছিল যে গাড়িগুলি আরও ডিমের মতো হতে থাকবে, শেষ দিনে তারা ডিমের আকারে হবে। আর আমি বলেছিলাম, "এই গাড়িগুলি একটি স্টিয়ারিং দ্বারা চালানো হবে না, এটা ঘটবে। এটা অন্য কিছু তাদের নিয়ন্ত্রণ করবে।" এটি তাদের গাড়ি যা তারা এখনই বের করছে, রিমোট কন্ট্রোল, নিরাপত্তার জন্য। ঠিক। আপনি একটি শহরে প্রবেশ করতে পারবেন না...তারপর, বিশ মাইল অঞ্চল, আপনি মাত্র বিশ মাইল যেতে পারেন। আপনি অন্য গাড়িতে ধাক্কা মারতে পারবেন না, কারণ এটি রিমোট কন্ট্রোল। দেখুন, এটি এমনই হতে চলছে, আর ঠিক এখনই। এবং আমি বলেছিলাম, "মনে রাখবেন, সেই দিনে, শেষ সময় আসার আগে, শেষ সময় আসার আগে, যে একজন মহিলা... এখন, আপনারা সবাই এটি লিখে রাখুন। একজন মহান, শক্তিশালী মহিলা উঠবেন, হয় রাষ্ট্রপতি, অথবা স্বৈরশাসক, অথবা এই মার্কিন যুক্তরাষ্ট্রের কোন মহান ক্ষমতাশালী মহিলা। আর সে ডুবে যাবে, নারীর প্রভাবে। এখন, আপনি মনে রাখবেন, এটা **সদাপ্রভু এই কথা কহেন**।" দেখুন ?

137 এবং সে ভুল। এবং এটা কাকে পথ করে দিয়েছে ? আমি আপনাকে বলছি। আধ্যাত্মিক হন। যেন...খুলে যায়। দেখুন। এটি কেন এটা করছে ? ক্যাথলিক চার্চকে ভিতরে আসার জন্য স্থান দিতে। দেখুন ? আপনি এখানে এই সিনেমা তারকা এবং এই সব অন্যান্য বিভিন্ন জিনিসের আরাধনা করেন। আমি যে বার্তাটি প্রচার করেছিলাম তা মনে আছে ? মার্জী, আপনার এটা মনে আছে, কয়েক বছর আগে, মার্কিন যুক্তরাষ্ট্রের উপর—উপর আক্রমণের বিষয়ে, আমেরিকান সরকারকে উৎখাত করার জন্য। আর আমি কিভাবে বলেছিলাম যে সে প্যারিসে বেড়ে উঠেছে পরে আমরা তাদের সেই নারী, মদ এবং বড় সময় থেকে বাঁচিয়েছিলাম। এবং সে হলিউডে সরাসরি জ্বলে উঠে। এখন, আমরা শিল্পী আনতে প্যারিসে

পাঠানোর পরিবর্তে, তারা এখানে শিল্পী আনতে পাঠায়। এটা কি করেছে? এটা পেয়েছে...আমরা আপনার সন্তানদের ছবির শোতে যেতে দিব না, কিন্তু সে সরাসরি টেলিভিশনে প্রবেশ করে, সরাসরি বেরিয়ে এসে পুরো জিনিসটিকে দূষিত করে, তাকে বাইরে বের করে আনে। এবং আজ আমরা এখানে, সমস্ত ছোট মেয়েরা এবং ছেলেরা, সবাই এই টেলিভিশন অভিনেতাদের কাউকে পছন্দ করে। এটা কি? এটি একটি পথ তৈরি করছে। ছেলে, আপনি যত মদের আড্ডা একটি শহরে রাখতে পারেন তার থেকে একজন অখ্যাত মহিলা অনেক বেশি লোককে নরকে পাঠাতে পারে। সেটা ঠিক। তাকে তার সমস্ত কাপড় খুলে রাস্তায় যেতে দেখুন, মানুষটি কে তা চিন্তা না করে, যদি তিনি একজন সুস্থ স্বাভাবিক মানুষ হন, যখন তিনি মহিলার দিকে তাকান তখন তার উপর দিয়ে কিছু যেতে বাধ্য। এখন সৎ হবেন। আমি পরোয়া করি না...

138 আমি অনেক বছর ধরে পবিত্র আত্মা পেয়েছি। আপনি একজন মহিলা এবং তার অর্ধেক পোশাক পরা দেখতে পারবেন না... আমি—আমি আমার গাড়িতে ছোট ক্রুশ বহন করি, আপনারা অনেকেই দেখেছেন। কেউ আমাকে বলেছিল, "আপনি কি একজন ক্যাথলিক?" কোথায় ক্যাথলিকরা কখনো ক্রুশের উপর একটি বিকল্প পেয়েছে? ক্রুশ মানে "খ্রিস্টান।"

139 সেই ছোট পুরানো সেন্ট সিসিলিয়ার এবং জিনিসগুলি ক্যাথলিক ধর্মের চিহ্ন। আমরা এই জাতীয় জিনিসগুলিতে বিশ্বাস করি না। আমরা খ্রীষ্টে বিশ্বাস করি। তাদের উপাসনা করার জন্য সব ধরনের মৃত মানুষ আছে। এটি আধ্যাত্মবাদের একটি উচ্চ রূপ। এটা তাদের সবকিছু, মৃতদের পূজা করা। তেমন কিছু না, না।

140 আমি ওই পুরোহিতকে জিজ্ঞেস করলাম। আমি বললাম, "কেন, তাহলে, যদি...পিতর প্রথম পোপ ছিলেন?"

তিনি বললেন, "সেটা ঠিক।"

141 আমি বললাম, "তাহলে পিতর কেন বললেন, 'ঈশ্বরের ও মনুষ্যদের মধ্যে একমাত্র মধ্যস্থ খ্রীষ্ট যীশু ছাড়া আর কোন মধ্যস্থতাকারী নেই'? আর আপনাদের কাছে পাঁচ হাজার মৃত নারী আছে, আর বাকি সব, আপনি তাদের মধ্যস্থ তৈরী করেন। এখন কি হয়েছে?" সেখানে এটা। তাদের কাছে এর কোনো উত্তর নেই। সেটা ঠিক।

142 এখন তাদের কিছু শিক্ষা, তাদের ভ্রান্ত শিক্ষা, একগুচ্ছ ভুয়া প্রোটেস্ট্যান্ট ভাববাদী চারিদিকে এসে তা শিক্ষা দিচ্ছে, আর

তোমরা প্রটেস্ট্যান্ট লোকেরা তা গিলে ফেলছেন। এটা একদম ঠিক। ধর্মসম্প্রদায় এবং বাপ্তিস্মের ধরন, এবং বিভিন্ন আদেশ এবং বিষয় যার মাধ্যমে আপনারা যাচ্ছেন, যা একেবারে শাস্ত্রীয় নয়। এটি শাস্ত্রে এর বিরুদ্ধে, তবুও আপনি এটিকে ঠিক করে ফেলেছেন। এটাই সত্য।

143 এখন নারী প্রচারকদের বিষয়ে শুনুন। ঠিক আছে। প্রথম তীমথীয়, আমি প্রথম তীমথীয় ২:১১ চাই। এখন এটা এখানে কি বলে শুনুন।

> আপনাদের নারীরা *সম্পূর্ণ বশ্যতাপূর্ব্বক মৌনভাবে শিক্ষা করুক।*
>
> *আমি উপদেশ দিবার কিম্বা পুরুষের উপরে কর্ত্তৃত্ব করিবার অনুমতি নারীকে দিই না, কিন্তু* মৌনভাবে *থাকিতে বলি।*

144 আমি এটি সেখানে রাখার জন্য দায়ী নই। এটি সেখানে আছে তা বলার জন্য আমি দায়ী। বুঝেছেন ? দেখুন ?

> আপনাদের নারীরা *সম্পূর্ণ বশ্যতাপূর্ব্বক মৌন*ভাবে *শিক্ষা করুক।* (আপনি যদি কখনও একটি অর্থোডক্স চার্চে যান এবং তাদের দেখেন, দেখুন। দেখুন ?)
>
> *আমি উপদেশ দিবার কিম্বা পুরুষের উপরে কর্ত্তৃত্ব* (একজন পালক, ডিকন অথবা এই জাতীয় কিছু হতে) *করিবার অনুমতি নারীকে দিই না,* দেখুন, *পুরুষের উপরে কর্ত্তৃত্ব করিবার অনুমতি নারীকে দিই না, কিন্তু মৌন*ভাবে *থাকিতে বলি।*
>
> *কারণ প্রথমে আদমকে, পরে হবাকে নির্ম্মাণ করা হইয়াছিল।*

145 আপনারা কি জানেন ? এখন শুনুন, নারীরা। আপনাদের মত ভালো, ধার্মিক খ্রিস্টান নারীরা সর্বোত্তম জিনিস যা ঈশ্বর একজন পুরুষকে দিতে পারেন, অথবা তিনি তাকে ভিন্ন কিছু দিতে পারেন। হ্যাঁ, মহাশয়। দেখুন ? একজন নারী মূল সৃষ্টিতেও ছিলেন না। নারী ঈশ্বরের সৃষ্ট বিষয় নয়। সে একজন পুরুষের উপজাত। ঈশ্বর পুরুষকে, পুরুষ ও মহিলা উভয়ই সৃষ্ট করেছেন। এবং তিনি তাদের আলাদা করেছেন। এবং পুরুষ পৃথিবীতে বসবাস করার পরে এবং পশুদের নামকরণ করার পরে, এবং এখানে দীর্ঘসময় বসবাস করার পরে, তিনি আদমের পাশ থেকে একটি পাঁজর বের করেছিলেন, একটি উপজাত হিসাবে, এবং এটি দিয়ে একজন নারী তৈরি

করেছিলেন। “কারণ প্রথমে আদমকে, পরে হবাকে নির্ম্মাণ করা হইয়াছিল।” এখন দেখুন।

*আর আদম প্রবঞ্চিত হইলেন না, কিন্তু নারী প্রবঞ্চিতা হইয়া অপরাধে পতিতা হইলেন।*

146 ঈশ্বর পুরুষকে নিলেন। শয়তান মহিলাকে নিল। এর দিকে তাকান, সোজা তার মুখে, এটা আজ কী করছে। ঈশ্বরের প্রকৃত মণ্ডলীর দিকে তাকান, বলবেন, “যীশু!” খ্রীষ্ট বিরোধীরা বলবে, “মরিয়ম!” তাদের আত্মা দেখুন। দেখুন? সেখানে তারা আছে। “অয়ি মরিয়ম, ঈশ্বরের মা, আপনি নারীদের মধ্যে ধন্য, এবং এখন আমাদের পাপীদের জন্য প্রার্থনা করুন, এবং আমাদের মৃত্যুর দিনের জন্য। আমেন। মরিয়ম, প্রার্থনা!” ওহ, আমার! দেখুন, সেখানে এটা, “মহিলা,” শয়তানের বিষয়। খ্রীষ্ট, উপাসনার বস্তু, এবং একমাত্র! এখানে সেটা। এখানে সেটা।

147 “প্রথমে আদমকে, পরে হবাকে নির্ম্মাণ করা হইয়াছিল।” আদম প্রবঞ্চিত হননি। আর কিভাবে আপনি একজন মহিলা পালক, ডিকন পেতে পারেন? আদম প্রবঞ্চিত হননি, কিন্তু নারী প্রবঞ্চিত হয়েছিলেন। সে (হবা) আসলে ছিল...সে মনে করেনি সে ভুল ছিল, কিন্তু সে ছিল। “কিন্তু নারী প্রবঞ্চিতা হইয়া অপরাধে পতিতা হইলেন।” কারণ, তার, প্রতিবার যখন একটি—একটি অন্ত্যেষ্টিক্রিয়া রাস্তায় দিয়ে যায়, একজন নারী এটি ঘটিয়েছে। প্রতিবার যখন একটি শিশু চিৎকার করে, এটি ঘটিয়েছে। প্রতিবার যখন কেউ মারা যায়, একজন নারী এটি ঘটিয়েছে। প্রতিটি ধূসর চুল, একজন নারী এটি ঘটিয়েছে। সবকিছু, এবং মৃত্যু, একজন নারী এটি ঘটিয়েছে। সবকিছু যা ভুল, একজন নারী এটি ঘটিয়েছে। আর তারপর গির্জার মস্তকে তাকে স্থাপন করা, পালক, ওহ, কখনও কখনও বিশপ। সে লজ্জার বিষয়।

148 এখন আনি আপনাকে এর মধ্যে্য় নিয়ে যাই, অন্য আরেকটি, এক মিনিটের মধ্যে। দেখুন? এখন প্রথম করিন্থীয় ১৪:৩২ এর দিকে যাওয়া যাক, এবং দেখুন পৌল এখানে কী বলছেন, এবং তারপরে আমরা এক মিনিটের মধ্যে আরও কিছু নিতে যাচ্ছি। আর আমরা আপনাকে খুব বেশিক্ষণ রাখতে চাই না, আপনি সকালে এত ক্লান্ত হয়ে পড়বেন যে আপনি ফিরে আসতে পারবেন না। ঠিক আছে। আমি পড়তে চাই। কতজন বিশ্বাস করেন যে পৌল একজন অনুপ্রাণিত শিক্ষক ছিলেন? এখন মনে রাখবেন, পৌল তীমথিয়কেও এই কথা লিখেছিলেন। দেখুন? যে, এখন, প্রথম

করিন্থীয় ১৪:৩২। এখন এখান থেকে শুরু করা যাক, এবং এখান থেকে পড়া শুরু করি, ১৪:৩৪, আমি বিশ্বাস করি।

> *স্ত্রীলোকেরা মণ্ডলীতে নীরব থাকুক:...*

149 আপনি কি শুনেছেন, তিনি কি বলেছেন ?

> *স্ত্রীলোকেরা মণ্ডলীতে নীরব থাকুক: কেননা কথা কহিবার অনুমতি তাহাদিগকে দেওয়া যায় না; তাহারা বশীভূতা হইয়া থাকুক,...*

150 আপনি যদি প্রান্তিক পাঠ করেন ? যদি আপনি করেন, পিছনে ফিরে দেখুন যদি এটি আদিপুস্তক ৩:১৬ গ্রহণ না করে। যখন ঈশ্বর হবাকে বলেছিলেন, কারণ সে তার স্বামীর পরিবর্তে সর্পের কথা শুনেছিল, যে সে (আদম) তার জীবনের সমস্ত দিন তার উপর শাসন করবে। কিভাবে নারী এসে পুরুষের উপর শাসন করতে পারে, পালক অথবা ডিকন হতে পারে, যখন বাইবেল বলেছে তাকে "বশীভূতা" হয়ে থাকতে বলেছে, ঠিক যেমন আদিতে ছিল ? যখন তিনি...ঈশ্বর—ঈশ্বর পরিবর্তন করতে পারেন না। আপনি বাক্যকে *এখানে* এক রকম এবং *এখানে* অন্য রকম বলতে পারবেন না। এটা তা করে না। এটা সব সময় একই।

151 সুতরাং, আদিতে, এটি শেষ হওয়ার আগে, যদি আমি সুযোগ পাই, আমি আপনার জন্য *বিবাহ এবং বিবাহবিচ্ছেদ* এর বিষয়টি ঠিক করতে চাই। আমি এই গির্জায় এখনও এটি করিনি। কিন্তু এই দ্বৈত চুক্তি দেখুন। একজন বলছে সে বিয়ে করতে পারে; আরেকজন বলল তারা বিয়ে করতে পারে না; আর ইনি বলেন *এটা, সেটা,* অথবা *অন্যকিছু*। শুধু এক মিনিট অপেক্ষা করুন এবং দেখুন বাইবেল কি বলে, যখন আমরা এটিতে পৌঁছাই। দেখুন ? ঠিক আছে। এখন এখানে দেখুন।

> *স্ত্রীলোকেরা মণ্ডলীতে* নীরব *থাকুক:...কেননা কথা কহিবার অনুমতি তাহাদিগকে দেওয়া যায় না; বরং যেমন ব্যবস্থাও বলে, তাহারা বশীভূতা হইয়া থাকুক।*

152 তারপর, পুরাতন নিয়মে, তাদের কথা বলার অনুমতি দেওয়া হয়নি, কারণ পৌল এখানে বলেছেন যে তাদের দেওয়া হয়নি। এটা কি ঠিক ? "স্ত্রীলোকেরা নীরব থাকুক। এটা আনুগত্য।" এখন আপনি যদি সেখানে আপনার প্রান্তিক পাঠে চলে যান, তবে এটি আপনাকে আদিপুস্তক ৩:১৬ নিয়ে যাবে। দেখুন ? ঠিক আছে। "অধীন, নিয়মের অধীনে।"

*আর যদি তাহারা...কিছু শিখিতে চায়, তবে নিজ... স্বামীকে...ঘরে জিজ্ঞাসা—জিজ্ঞাসা করুক: কারণ মণ্ডলীতে স্ত্রীলোকের কথা বলা লজ্জার বিষয়।*

*কি ?...*

153 এখন আপনাদের সকলের বাইবেলে সেই প্রশ্নবোধক চিহ্নটি দেখুন, "কি ?" কী কারণে পৌলকে এমন কথা বলতে হয়েছে এবং এইভাবে কাজ করতে হয়েছে ? এখন, করিন্থীয়রা পৌলকে যে চিঠিগুলি লিখেছিল সেগুলি আপনি যদি কখনও পান। এখন, আপনি এগুলি যে কোনও ভাল লাইব্রেরিতে পেতে পারেন, দেখুন, যা করিন্থীয়রা পৌলকে লিখেছিল। তারা তাকে লিখে জানায়, এই নারীদের পরে যারা ধর্মান্তরিত হয়েছে...সেখানে—সেখানে তাদের একজন দেবী ছিল "ডায়ানা।" এবং সে ইফিষের ছিল। এবং করিন্থীয়রা তাকে উপাসনা করত, কারণ এটি ছিল বিধর্মী উপাসনা। এবং তারা একদিন মাঠের মধ্যে একটি পাথর খুঁজে পান, এটি দেখতে একটি মহিলার আকৃতির মতো ছিল। তারা বলে, "ঈশ্বর একজন নারী, এবং তিনি আমাদের কাছে তার মূর্তি ফেলে দিয়েছেন।" এবং তাদের মন্দিরটি শলোমনের মন্দিরের বাইরে ছিল, তারা বলেছেন, ঐতিহাসিকরা। ওহ, সব মার্বেলের ছিল, সোনা দিয়ে জড়ানো; যেখানে, শলোমনের মন্দিরটি এরসকাষ্ঠ দিয়ে তৈরি, সোনা দিয়ে জড়ানো ছিল। দেখুন ? এবং এর অনেক বাইরে। আর সেটা, তারপর, যদি ঈশ্বর একজন—একজন নারী হন, কেন, নিশ্চিত, তার নারী যাজক থাকবে। নিশ্চিত, ঈশ্বর যদি একজন নারী হন, তাহলে মহিলা প্রচারক ঠিক আছে। কিন্তু, ঈশ্বর একজন পুরুষ। বাইবেল বলে তিনি একজন পুরুষ, আর তিনি একজন পুরুষ। দেখুন ? এবং যদি ঈশ্বর একজন পুরুষ হন, তাহলে এটি পুরুষ হওয়া উচিত।

এখন এখানে লক্ষ্য করুন, "কি ?"

154 এখন, তাদের মধ্যে কিছু নারী যাজক, যখন তারা মূর্তিপূজক থেকে খ্রিস্টান ধর্মে রূপান্তরিত হয়েছিল, তারা ভেবেছিল যে তারা প্রচারক হিসাবে তাদের কার্যালয় বজায় রাখতে পারে, ঠিক সেখানে চলে আসে। যদি তারা সেখানে ডায়ানার সম্পর্কে প্রচার করত, তারা এখানে এসে খ্রীষ্টের বিষয়ে প্রচার করে।

155 তিনি বলেছেন, "কি ? ঈশ্বরের বাক্য কি তোমাদেরই নিকট হইতে..." শুধু এটি শুনুন। ভাই, সেবকরা এটা কিভাবে করতে পারে ? ৩৬তম পদ।

*বল দেখি, ঈশ্বরের বাক্য কি তোমাদেরই নিকট হইতে বাহির হইয়াছিল ? কিম্বা কেবল তোমাদেরই কাছে আসিয়াছিল ?*

*কেহ যদি আপনাকে ভাববাদী কিম্বা আত্মিক বলিয়া মনে করে* (এমনকি একজন ভবিষ্যদ্বক্তা হতে হবে না; শুধু একজন আধ্যাত্মিক-চিন্তার মানুষ), *তবে সে বুঝুক, আমি তোমাদের কাছে যাহা যাহা লিখিলাম, সে সকল প্রভুর আজ্ঞা।* (আপনি সেটা বিশ্বাস করেন ? )

*কিন্তু যদি সে,* কিন্তু *কেহ যদি না জানে, সে না জানুক।*

156 এখন, এটি ঠিক ততটাই সরল যা আমি এটি রাখতে জানি। দেখুন ? তিনি বলেছেন, "কেহ যদি আপনাকে ভাববাদী কিম্বা আত্মিক বলিয়া মনে করে, তিনি স্বীকার করবেন যে আমি এখানে যা লিখছি তা প্রভুর আজ্ঞা।" কিন্তু বলেছেন, "যদি সে—যদি সে অজ্ঞ হয়ে থাকে, তবে তাকে অজ্ঞ হতে দাও।" দেখুন ? এটা একমাত্র বিষয় যা আপনি করতে পারেন। যদি তারা এটিতে যেতে চায়, তবে আপনাকে তাদের যেতে দিতে হবে, কারণ তিনি এটি সেখানে শুরু হতে দেখেছেন।

157 আর কিছু মহিলা আমাকে বলেছেন, বলেছেন, "ওহ, পৌল একজন নারী-বিদ্বেষী ছিলেন।"

158 তিনি নারী বিদ্বেষী ছিলেন না। আপনারা জানেন, পৌল ছিলেন প্রেরিত, পরজাতীয় মণ্ডলীর কাছে। এখানে দেখুন। আপনি কি পৌলকে জানেন...কতজন বিশ্বাস করেন যে পৌল এটা প্রচার করেছেন ? তিনি কি—তিনি কি এখানে তাই বলেছেন ? এবং পৌল বলেছেন...

159 আপনারা বলেন, "ঠিক আছে, এখন এক মিনিট অপেক্ষা করুন, ভাই ব্রানহাম। এক মিনিট ! এখন, আমাদের বিশপ বলেছেন যে সেটা ঠিক আছে। সাধারণ পর্যবেক্ষক, অ্যাসেম্বলি, বলেছে সেটা ঠিক আছে। ওয়াননেস বিশপ বলেছেন সেটা ঠিক আছে।"

160 তারা কি বলে তাতে আমার কিছু যায় আসে না। এটি মিথ্যা ! এবং আমি আপনাদেরকে বলেছিলাম যে আমরা এটা কড়া প্রহার করতে যাচ্ছি। আর মিথ্যা ভাববাদীরা তাই বলবে। কারণ বাইবেল বলেছে, "কেহ যদি আপনাকে ভাববাদী কিম্বা আত্মিক বলিয়া মনে করে, তবে সে বুঝুক, আমি তোমাদের কাছে যাহা যাহা লিখিলাম, সে সকল প্রভুর আজ্ঞা।" এবং যদি তার আত্মা সেই বাক্যের সঙ্গে সামাঞ্জস্য না রাখে, তাহলে শুরু করার জন্য সে একজন

মিথ্যা ভবিষ্যদ্বক্তা। আমি বরং একজন নারী-প্রেমিকার চেয়ে নারী-বিদ্বেষী হতে চাই, এইরকম বিষয়গুলির সঙ্গে, ঈশ্বরের মণ্ডলীর মধ্যে এইরকম বিষয়গুলি প্রবেশ করানো, ঈশ্বরের অধ্যাদেশের বিপরীতে। এবং পৌল বলেছেন...গালাতীয় ১:৮ খুলুন। পৌল বলেছেন, "কিন্তু আমরা তোমাদের নিকটে যে সুসমাচার প্রচার করিয়াছি, তাহা ছাড়া অন্য সুসমাচার যদি কেহ প্রচার করে, তবে সে শাপগ্রস্ত হউক।" এখন আপনি এই সম্পর্কে কি করতে যাচ্ছেন ?

161 এখন আপনি বলেন, "এই বিষয়ে কি যেখানে বলা হয়েছে, 'তোমাদের পুত্রকন্যাগণ ভাববাণী বলিবে,' যোয়েল ভাববাদীর পুস্তকে, এবং—এবং যেখানে পিতর পেন্টিকোস্টের দিন উদ্ধৃত করেছেন ?" সেটা একদম ঠিক।

162 আপনি কি জানেন, পুরাতন নিয়মে, একমাত্র পথ, এবং এখন একমাত্র উপায়, যার মাধ্যমে কেউ নিয়মে আসতে পারে, দ্বারা, দ্বারা...অব্রাহামকে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, এবং—এবং প্রতিশ্রুতি চিহ্ন ছিল ত্বক্‌ছেদ। কতজন সেটা জানেন ? সেটা ঈশ্বর নিশ্চিত করেছিলেন।

163 একজন ব্যাপটিস্ট ভাইয়ের মতো, তিনি বলেছিলেন, "ভাই ব্রানহাম, কেন, আমরা ব্যাপ্টিস্টরা পবিত্র আত্মা পেয়েছি।"

আমি বললাম, "আপনি এটা কখন পেয়েছেন ?"

বললেন, "সেই সময়ে যখন আমরা বিশ্বাস করেছিলাম।"

164 আমি বললাম, "পৌল বলেছেন, 'বিশ্বাসী হইয়া তোমরা কি পবিত্র আত্মা পাইয়াছিলে ?'" দেখুন ? আমি বললাম, "এখন, আপনারা ব্যাপটিস্টরা এর থেকে কিছু নিয়ে আসুন, এবং আমরা আপনার সঙ্গে কিছু চিরন্তন নিরাপত্তার কথা বলব।" আমি বললাম, "কিন্তু, ভালো, আপনি এটি এভাবে কোথায় পেয়েছেন ?" দেখুন ?

165 তিনি বললেন, "আপনি *যখন* এটা বিশ্বাস করেছেন তখন থেকে এটা কি পেয়েছেন ?" তারা বিশ্বাসী ছিল, আর চিৎকার, আনন্দ ও অন্য সবকিছু করছিল। তারা তখনও পবিত্র আত্মা পায়নি। পৌল বলেছেন যে তারা সেটা পাননি। দেখুন ? "বিশ্বাসী হইয়া তোমরা কি পবিত্র আত্মা পাইয়াছিলে ?"

তারা বলেছিল, "পবিত্র আত্মা যে আছেন, তাহাও আমরা শুনি নাই।"

বললেন, "তবে কিসে বাপ্তাইজিত হইয়াছিলে ?"

166 তারা বলেছিল, “আমরা বাপ্তিস্ম নিয়েছি।” কিন্তু, মিথ্যাভাবে, দেখুন। তাই তাকে আবার বাপ্তিস্ম নিতে হয়েছিল। ঠিক আছে।

167 এখন এটি লক্ষ্য করুন, এই মহিলা প্রচারকরা, যখন তারা আসে, তারা ভেবেছিল তারা তাদের কর্তৃত্ব নিবে। কিন্তু এটা ঈশ্বরের দ্বারা একেবারে অনুমোদিত নয়। এবং...যখন আমরা এখানে এই বিষয়ে আছি, এই মহিলা, দেখুন। এবং এটা, এখন, তিনি বলেছেন, “কেহ যদি আপনাকে ভাববাদী কিম্বা আত্মিক বলিয়া মনে করে, তবে সে বুঝুক, আমি তোমাদের কাছে যাহা যাহা লিখিলাম, সে সকল প্রভুর আজ্ঞা। কিন্তু কেহ যদি না জানে, সে না জানুক।” এবং সেই জন্যই...এই ট্যাবারনাকেল মহিলা প্রচারক, মহিলা ডিকনদের নিয়োগ করে না, অথবা এই মণ্ডলীতে একজন মহিলার কার্যালয় হিসাবে, কারণ এই বাক্য এখানে রয়েছে এবং এটি উন্মোচিত।

168 এখন, বাইবেল বলে, “তোমাদের পুত্রকন্যাগণ ভাববাণী বলিবে।” এখন, *ভাববাণী* শব্দের অর্থ কী ? এটা দেখুন। এটা হল “অনুপ্রেরণায় কিছু বলা,” অথবা “কিছু ভবিষ্যদ্বাণী করা।” এটি একটি যৌগিক শব্দ।

169 ঠিক যেমন *পবিত্র করা* মানে “পরিষ্কার হওয়া, এবং সেবা করার জন্য আলাদা করে রাখা।” দেখুন ? অথবা, এটি একটি যৌগিক শব্দ, যার অর্থ একাধিক, যেমন আমরা এখানে ইংরেজিতে এটির অনেক অর্থ পেয়েছি।

170 যেমন, আমরা শব্দটি বলব “বোর্ড।” ঠিক আছে, *বোর্ড* মানে কি ? আপনারা বলেন, “ঠিক আছে, তিনি বলতে চান তিনি *বোর্ডকে* পরিশোধ করেছেন।” “না, তিনি করেননি। তিনি একটি *ছিদ্র* করেছেন।” “না, তিনি করেননি। তিনি বলতে চেয়েছেন তিনি তাকে *বিরক্ত* করেছেন।” অথবা, আপনি দেখুন, একটি শব্দ, আপনি কি বিষয়ে কথা বলছেন তা জানতে হবে। দেখুন ?

171 এবং এই যৌগিক শব্দের সঙ্গে এটি এমনই হয়, যেখানে, “তোমাদের পুত্রকন্যাগণ ভাববাণী বলিবে।” এখন একমাত্র উপায় যে ঈশ্বর...

172 এই ব্যাপটিস্ট বললেন, “ঠিক আছে, আমরা পবিত্র আত্মা পেয়েছি।” আমি বললাম...“তাহলে যখন আমরা এটা বিশ্বাস করলাম।” আমি বললাম...এখন দেখুন, তিনি বললেন, “ঈশ্বর অব্রাহামকে দিলেন...” বললেন, “অব্রাহাম ঈশ্বরকে বিশ্বাস করেছিলেন।” এইভাবেই তিনি এটা রাখলেন। তিনি বললেন, “অব্রাহাম ঈশ্বরে বিশ্বাস করিলেন, এবং তাহা তাঁহার পক্ষে ধার্ম্মিকতা

বলিয়া গণিত হইল।" কতজন জানেন এটা সত্য? এখন দেখুন কিভাবে—কিভাবে শয়তান কত সহজে একজন ভাইয়ের উপর চাপিয়ে দিতে পারে। দেখুন, খুব সহজে। এখন, এটা বাক্য।

173 ভাই, আমি আপনাকে বলছি, এখানে প্রবেশ করার আগে আপনার অভিষিক্ত হওয়া উচিত। আপনি একটি গুপ্ত স্থানে প্রবেশ করা উচিত আর প্রার্থনা করা উচিত। লোকে বলে, "আপনি বাইরে গিয়ে লোকদের সঙ্গে দেখা করেন না কেন?" ভাই, আপনি যদি লোকেদের সঙ্গে কথা বলতে যান অথবা তাদের শেখান, ভালো হয় আপনি একাকী থাকুন, ঈশ্বরের সঙ্গে, কিছুক্ষণের জন্য, আপনি সেই বেদীতে প্রবেশ করার আগে। অবশ্যই, দেখুন, কারণ শয়তান বুদ্ধিমান, খুব বুদ্ধিমান।

174 তিনি বললেন, এখন লক্ষ্য করুন, তিনি বললেন, "অব্রাহাম ঈশ্বরে বিশ্বাস করিলেন, এবং তাহা তাঁহার পক্ষে ধার্ম্মিকতা বলিয়া গণিত হইল।" সেটা ঠিক। তিনি বললেন, "এখন, অব্রাহাম বিশ্বাস করা ছাড়া আর কি করতে পারেন?"

আমি বললাম, "এটাই তিনি করতে পারতেন।"

175 তিনি বললেন, "আপনি বা অন্য কেউ বিশ্বাস ছাড়া আর কি করতে পারেন?"

176 আমি বললাম, "এটাই আমরা করতে পারি। কিন্তু দেখুন, ভাই, তারপর ঈশ্বর সম্মিলিত হন, বা অব্রাহামের বিশ্বাসকে স্বীকৃতি দিয়েছেন। নিয়মের চিহ্ন হিসাবে তিনি তাকে ত্বক্ছেদ দেন, নিয়মের একটি চিহ্ন হিসাবে। দেখুন? তিনি তাকে দেন। তিনি বলেছিলেন, 'এখন, অব্রাহাম, আমি তোমার বিশ্বাসকে স্বীকৃতি প্রদান করব, তাই আমি এখন তোমাকে একটি চিহ্ন দিতে যাচ্ছি যে আমি তোমাকে গ্রহণ করেছি।'"

177 তাই তিনি অব্রাহামের ত্বক্ছেদ করেছিলেন, এবং এটি ছিল নিয়মের একটি চিহ্ন। আর আজ...এখন, একজন মহিলা সেই নিয়মে থাকতে পারেন না; শুধুমাত্র একজন বিবাহিত মহিলা। খুঁজে বের করুন, মহিলাদের ত্বক্ছেদ করা হয়নি; তাই, তাদের ভিতরে আসতে হয়েছিল, সে এবং তার স্বামী এক। তারা আর দুইজন ব্যক্তি নয়; তারা এক। কতজন সেটা জানেন? বাক্য তাই বলে। সুতরাং, সে বিবাহিত হয়ে, তারপর সে—সে এক হয়ে যায়। আর এখানে চলুন এবং এখানে তীমথিয়তে দেখুন, একই কথা বলে, বলে, "তবে নারী সন্তান প্রসব দিয়া পরিত্রাণ পাইবে, যদি আত্মসংযমের সহিত বিশ্বাসে, প্রেমে ও পবিত্রতায় তাহারা স্থির থাকে।"

178 এখন, কিন্তু, তখন, পুরাতন নিয়মে ত্বক্‌ছেদ শরীরে ছিল, কিন্তু এই নতুন নিয়মে, যোয়েল বলেছেন, "আমি মর্ত্ত্যমাত্রের উপরে আমার আত্মা সেচন করিব, তাহাতে তোমাদের পুত্রকন্যাগণ ভাববাণী বলিবে।" এখন, *ভাববাণী* শব্দের অর্থ শিক্ষা দেওয়া নয়। *ভাববাণী* মানে "অনুপ্রেরণার অধীনে একটি অভিজ্ঞতা বলা," অথবা "এমন কিছু ভবিষ্যদ্বাণী করা যা ঘটতে যাচ্ছে।" এবং আমরা জানি যে পুরাতন নিয়মে ভাববাদিনীরা ছিলেন। তারা কখনই ভবনে কথা বলতে পারেনি, মণ্ডলীতে, ধর্মসভায়, শিক্ষক হিসাবে কথা বলতে পারেনি। কিন্তু তিনি, হান্না, এবং মন্দিরে তাদের অনেকে, তারা ভাববাদিনী ছিলেন, এবং তারা...মরিয়ম একজন ভাববাদিনী ছিলেন, অথবা এরকম কিছু। তার মধ্যে আত্মা ছিল, এটা সত্য, কিন্তু তার স্থান সীমাবদ্ধ ছিল। নারী আজ ভাববাদিনী হতে পারেন, নিশ্চিত ভাবে; কিন্তু শিক্ষক নয়, আর এইরকম, এখানে বেদীর পিছনে। আপনি করেন, আপনি—আপনি বাইবেলকে স্বয়ং নিজের বিরোধী তৈরী করেন। বাইবেল *এখানে* এক কথা বলতে পারে না, আর *এখানে* আরেকটা কথা। সব সময় একই কথা তাকে বলতে হবে নতুবা এটা ঈশ্বরের বাক্য নয়। দেখুন? তাই, "তোমাদের পুত্রকন্যাগণ ভাববাণী বলিবে," তার মানে তারা হয় "ভবিষ্যদ্বাণী করবে" অথবা "সাক্ষ্য দিবে।" এখন, আপনি এটি দেখুন, আর আপনি বাইবেলের অভিধান পাবেন এবং দেখুন যে এটি সঠিক নয়। "তোমাদের পুত্রকন্যাগণ ভাববাণী বলিবে।"

179 এখন, বাইবেল এমন একজন মহিলার কথাও বলে যে নিজে ভান করেছিল, অথবা দাবি করেছিল যে সে...এটি ক্যাথলিক চার্চের বিষয়েও প্রযোজ্য, আর এর সঙ্গেও প্রযোজ্য...এই বিষয়ের সঙ্গে আমরা এখন কথা বলতে যাচ্ছি। আসুন আমরা প্রকাশিত বাক্য—বাক্যে যাই, আর—আর ২ অধ্যায় এবং ২০ পদে, ঠিক যখন আমরা এখানে এটির কাছাকাছি আছি, আপনি এখানে লক্ষ্য করতে পারেন এবং দেখতে পারেন যে বিষয়টি কতটা শয়তানের হতে পারে, এই শেষ সময়ে কি ঘটবে, কিভাবে এগুলো...এই মহিলা কি করবে। মনে রাখবেন, ক্যাথলিক চার্চ একজন মহিলা। আমরা এটা পড়েছি, তাই না? এখন এটা শুনুন, এটা কিভাবে বলে। প্রকাশিত বাক্য ২:২০, "তথাচ..." তিনি এই থুয়াতীরাস্থ মণ্ডলীর সঙ্গে কথা বলছেন, দেখুন, "তথাচ..." যা সেখানে মধ্যযুগের মণ্ডলী, অন্ধকার যুগের মধ্য দিয়ে গেছে।

*তথাচ তোমার বিরুদ্ধে আমার কথা আছে; ঈষেবল নাম্নী যে নারী আপনাকে ভাববাদিনী বলে, তুমি তাহাকে থাকিতে*

*দিতেছ, এবং...সে আমারই দাসগণকে বেশ্যাগমন, ও প্রতিমার কাছে উৎসৃষ্ট বলি ভক্ষণ করিতে শিক্ষা দিয়া ভুলাইতেছে।* (দেখুন ?)

180 এখন, আপনি যদি কখনও লক্ষ্য করেন, এই মণ্ডলীর যুগগুলি দেখুন, আমরা বন্ধ করব। তারপর সকালে আমরা এই অন্যান্য বিষয়গুলি নিতে যাচ্ছি। দেখুন। সেখানে...নিচে—ইহুদি তাঁবুর সপ্ত সুবর্ণ দীপবৃক্ষ নিচে, ভিতরে, দর্শন-রুটী এবং আরও অনেক কিছুর মধ্যে, সপ্ত সুবর্ণ দীপবৃক্ষ ছিল। এটা আপনারা সবাই জানেন। দেখুন ? সেখানে সপ্ত মণ্ডলীর যুগ আছে। এটি সাতটি মণ্ডলীর যুগের কথা বলে, একটি আলো। এখন আপনি যদি প্রকাশিত বাক্য ১ এ লক্ষ্য করেন, আমরা যীশুকে সপ্ত মণ্ডলীর যুগে, সপ্ত সুবর্ণ দীপবৃক্ষের মধ্যে দাঁড়িয়ে থাকতে দেখি, যখন তিনি ফিরে তাকালেন, মনুষ্যপুত্রের ন্যায় এক ব্যক্তিকে পোশাক পরিধান করে দাঁড়িয়ে থাকতে দেখলেন। এটা ছিল নববধূ দীপবৃক্ষের মধ্যে দাঁড়িয়ে, বাইরে বের করে আনা।

181 এখন, পুরাতন নিয়মে, তারা একটি...একটি মোমবাতি নিয়ে এটি জ্বালাতো, অন্য আরেকটি মোমবাতি নিয়ে এবং সেইটি থেকে আলো নিয়ে, সেইটি থেকে আলো নিয়ে, একটি থেকে অন্যটি, এইভাবে, যতক্ষণ না তারা সব সাতটি মোমবাতি জ্বালাতেন।

182 আপনি যদি লক্ষ্য করেন, শুরুতে, যখন ঈশ্বর ইহুদিদের সঙ্গে ব্যবহার করতে শুরু করেছিলেন, এবং তারা স্বর্ণযুগের মধ্য দিয়ে গিয়েছিল। আর তারপরে ইহুদিদের ব্যবহার ঈশ্বরের সঙ্গে সবচেয়ে অন্ধকার যুগটি ছিল আহাবের রাজত্বকালে। এবং যদি আপনি লক্ষ্য করেন, সেখানে সেই মণ্ডলীর যুগগুলি অধ্যায়ন করে, সে আবার এটিতে ফিরে আসে। তিনি বলেন, এখন, "কিছু বিষয় আগে," এবং বলেন...এখন, ঠিক সেই অন্ধকার যুগে, সেখানে পনের শত বছর, অথবা আহাবের সময়ে, প্রথমবার, এবং ইহুদিদের। তাদের সবচেয়ে অন্ধকার যুগ ছিল, যখন আহাব ঈষেবলকে বিয়ে করে ইস্রায়েলে মূর্তিপূজা নিয়ে আসে, এবং আহাবের সঙ্গে সমস্ত লোকদের উপাসনা করতে বাধ্য করে...ঈষেবলের দেবতার অনুসারে। আপনাদের মনে আছে, তারা ঈশ্বরের বেদীগুলো ভেঙ্গে দেয়, মূর্ত্তি স্থাপন করে। আর ইলীশায় চিৎকার করে বললেন, তিনি ছিলেন "একমাত্র," এবং ঈশ্বরের সাত শত লোক ছিল যারা এখনও পর্যন্ত বাল দেবের কাছে তাদের হাঁটু নত করেনি। আপনাদের সেটা মনে আছে ? এটি সেই ধরণের যে মনোনীত মণ্ডলী বেরিয়ে আসছে। সেখানে দেখুন ? দেখুন এটা কেমন ?

183 এখন, এই মণ্ডলীতে, আপনি যদি প্রথম মণ্ডলী লক্ষ্য করেন, প্রথম মণ্ডলী, ইফিষস্থ মণ্ডলীকে লক্ষ্য করেন, একটি মহান মণ্ডলী ছিল। তিনি বলেছেন, "তোমার কাছে এখনও আলো রয়েছে।" আর যদি আপনি লক্ষ্য করেন, প্রতিটি মণ্ডলী, এটি ম্লান, ম্লান, ম্লান হতে থাকে থুয়াতীরাস্থ পর্যন্ত। তারপর, পনেরো শত বছর। তারপর তিনি অন্য পাশে আসেন, "তোমার নিকট এখনও স্বল্প আলো রয়েছে। তোমার কাছে যা রয়েছে তা বলশালী কর, নতুবা তোমার দীপবৃক্ষ স্বস্থান হইতে দূর করিব।" এবং এটি ফিলাদিল্‌ফিয়া মণ্ডলীর যুগে এবং তারপরে লায়দিকেয়া মণ্ডলীর যুগে চলে আসে।

184 এখন, এখানে সৌন্দর্য আছে। ওহ, আমার! আমি এটা ভালোবাসি, ভাই স্মিথ। দেখুন, এটি দেখুন। এখন, *এই* মণ্ডলীর যুগে, যেমন আমরা অতিক্রম করছি...এখন এটি দেখুন। প্রথম মণ্ডলীর যুগ ছিল ইফিষীয়, ইফিষীয় মণ্ডলীর যুগ। এখন, এই প্রতিটি মণ্ডলীর যুগে, এই পনের শত বছর পর্যন্ত, যদি আপনি লক্ষ্য করেন... আজ রাতে বাড়িতে গেলে এটি পড়ুন, সময় থাকলে, অথবা ভোরবেলায়, আপনি মণ্ডলীতে আসার আগে, প্রকাশিত বাক্যের ১ম, ২য় এবং ৩য় অধ্যায়ে। আপনি খুঁজে পাবেন, প্রতিটি মণ্ডলীর যুগে, তিনি বলেছেন, "তোমাদের স্বল্প শক্তি রয়েছে, আর তোমরা আমার নাম অস্বীকার করেননি," যতক্ষণ না তিনি এই পনের শত বছর পর থুয়াতীরায় আসেন, অন্ধকার যুগে। তারপর তিনি অন্য পাশ থেকে বেরিয়ে এসে বলেন:

> ...তোমাদের কাছে *একটি নাম আছে* যা তোমরা ধারণ করেছ, কিন্তু তোমরা *মৃত*।

185 আর এই, এই অন্য কোন মণ্ডলীর যুগ তা করেনি, অথবা ফিলাদিল্‌ফিয়া মণ্ডলীর যুগ, আর কখনও সেই নামটি নেয়নি। সেই নামটি কখনই নেয়নি, কারণ এটি এই সময়ে বেরিয়ে এসেছে। এখন, ওহ, আমরা কীভাবে এটি মিথ্যা শিক্ষার উপর রাখতে পারি, ঠিক সেখানে, আপনাকে দেখাতে পারি এটি একজন জননী, ক্যাথলিক চার্চ, এটির সকলের মা, সে "জননী, নিগূঢ়তত্ত্ব, বাবিল।" এবং তা হল, দেখুন, এই মণ্ডলীর যুগে যখন সে বেরিয়ে আসে, তার একটু আলো ছিল, তারপর সে ম্লান হয়ে যায়, ম্লান হয়ে যায়, আর তারপরে সে এখানে একটি সংস্থায় আসে, এই পনের শত বছর। আর সে এখন প্রভু যীশু খ্রীষ্টের মণ্ডলী হিসাবে নয়, ক্যাথলিক চার্চ হিসাবে বেরিয়ে এসেছে। লুথার কিসে বেরিয়ে আসে? লুথেরান চার্চ হয়ে। ব্যাপটিস্ট কিসে বেরিয়ে আসে? ব্যাপটিস্ট চার্চ হয়ে। তাঁর নাম নয়, তাঁর নাম নয়; আরেকটা নাম, "আপনার একটি নাম

আছে।” “কেননা আকাশের নীচে এমন আর কোন নাম নাই, যে নামে আমাদিগকে পরিত্রাণ পাইতে হইবে, শুধুমাত্র যীশু খ্রীষ্টের নাম।” “তোমাদের কাছে একটি নাম আছে যা তোমরা ধারণ করেছ, কিন্তু তোমরা মৃত,” এটি সেই ধর্মসম্প্রদায়ের সঙ্গে।

186 “ওহ, আমি একজন প্রেসবিটেরিয়ান,” আর আপনি মৃত! “ওহ, আমি একজন ব্যাপটিস্ট,” এবং মৃত! আপনি শুধুমাত্র খ্রীষ্ট যীশুতে জীবিত। সেটা ঠিক। আপনাদের মিথ্যা বাপ্তিস্ম, জল, মিথ্যা বাপ্তিস্ম; ছিটানো, ঢালা, ডুবানোর পরিবর্তে; “পিতা, পুত্র এবং পবিত্র আত্মা” ব্যবহার করে, প্রভু যীশু খ্রীষ্টের নামের পরিবর্তে। এই সমস্ত মিথ্যা বিষয়গুলি সরাসরি আসছে, বাইবেল বলছে, এটি যতটা সম্ভব কঠিন হিসাবে এটিতে ঢেলে দেওয়ার মতো। আর এখানে আমরা তাদের সঙ্গে সহ্য করি, “ঠিক আছে, আমার গির্জা এটা *এইভাবে* বিশ্বাস করে।” কিন্তু বাইবেল *এটা* বলে। দেখুন? এমন কিছু নেই। সেখানে এমন কিছুই নেই।

187 এবং বাইবেলের কোন স্থান তারা কখনও তাদের জিহ্বা বের করেনি এবং পবিত্র ইউক্যারিস্ট গ্রহণ করেনি, এবং যাজক দ্রাক্ষারস পান করে এটিকে পবিত্র আত্মা বলেনি। বাইবেলে কখনই তারা হাত মেলায়নি এবং সহভাগিতার দক্ষিণ হস্ত দেয়নি এবং এটিকে পবিত্র আত্মা বলেনি। কখনো কেউ উঠে বলেনি, “এখন আমি বিশ্বাসী,” এবং পবিত্র আত্মা গ্রহণ করুন। যদি তা হয়ে থাকে, তাহলে এখানে প্রেরিত ২ এই ভাবে লেখা থাকত, “পরে পঞ্চাশত্তমীর দিন উপস্থিত হইলে, সেখানে এক রোমান যাজক আসিলেন, আর তাঁহার গলবন্ধ বেষ্টিত ছিল। তিনি উপরে উঠে বললেন, ‘তোমরা সকলে এখন জিহ্বা বের করিয়া পবিত্র ইউকারিস্ট গ্রহণ কর, প্রথম সহভাগিতা।’” এটা কি প্রেরিত ২ পাঠ করার জন্য কোন পথ হবে না?

188 ঠিক আছে, আপনারা প্রোটেস্ট্যান্টরা ঠিক ততটাই খারাপ। সেখানে ফিরে এসে বলেন, “এখন আমরা মেথডিস্টদের কাছে যাব; তাদের দক্ষিণ হস্ত দিব, অথবা, তাদের সহভাগিতার দক্ষিণ হস্ত দিব, এবং ছয় মাস পরীক্ষায় থাকবে।” এটা প্রেরিত ২ অধ্যায়ে কোথায় লেখা আছে? দেখুন? এটা আপনি কোথা থেকে পেয়েছেন? দেখুন?

189 এতে বলা হয়েছে, “যখন তাঁহারা সকলে একস্থানে, একপ্রাণ ছিলেন!” সেখানে কোন বিশপ এসে *এটি* করেনি, আর কখনও কোন যাজক এসে *এটি* করেনি। “কিন্তু আকাশ হইতে প্রচণ্ড

বায়ুর বেগের শব্দবৎ একটা শব্দ আসিল, এবং যে গৃহে তাঁহারা বসিয়াছিলেন, সেই গৃহের সর্ব্বত্র ব্যাপ্ত হইল।" তারা এইভাবে এটি গ্রহণ করেছিলেন, হ্যাঁ, মহাশয়, মহিমা থেকে ছুটে আসা শক্তিশালী বাতাসের মতো। রাস্তা বা কোন ধর্মসম্প্রদায় থেকে নয়।

> ...তোমাদের কাছে *একটি নাম আছে যা* তোমরা ধারণ করেছ, কিন্তু তোমরা *মৃত*।

190 দেখো, তোমাদের ধর্মমত ও ধর্মসম্প্রদায় ঈশ্বরকে এভাবে বাধা দিয়েছে, যতক্ষন না, "আমরা *এটা* বিশ্বাস করি, এবং আমরা বিশ্বাস করি অলৌকিক কার্যের দিন শেষ হয়েছে।" যে এটি বলে সে একজন মিথ্যা ভবিষ্যদ্বক্তা। এটি একজন মিথ্যা ভবিষ্যদ্বক্তা যিনি আপনাকে বলে যে, "আপনি করমর্দন করে পবিত্র আত্মা গ্রহণ করতে পারেন।" এটি একজন মিথ্যা ভবিষ্যদ্বক্তা যিনি আপনাকে বলে, "আপনি যখন বিশ্বাস করেন তখন আপনি পবিত্র আত্মা পান।" এটি একজন মিথ্যা ভবিষ্যদ্বক্তা যিনি আপনাকে বলে, "আপনাকে জলে বাপ্তিস্ম দেওয়ার পরিবর্তে আপনার উপর জল ঢেলে এবং ছিটিয়ে দেওয়া উচিত।" এটি একটি মিথ্যা ভবিষ্যদ্বক্তা যিনি আপনাকে বলে "পিতা, পুত্র এবং পবিত্র আত্মার নামে বাপ্তিস্ম নিন," যখন বাইবেলে এর জন্য কোন বাক্য নেই। সেটা ঠিক। বাইবেলে এমন কোনো বাক্য নেই যা আপনাকে বাপ্তিস্ম নিতে বলে, যেখানে সকলে বাপ্তিস্ম নিয়েছিল, শুধুমাত্র যীশু খ্রীষ্টের নামে। শুধুমাত্র, যোহন এর শিষ্যরা; এবং তাদের আসতে হয়েছিল, পুনরায় বাপ্তিস্ম নিতে হয়েছিল, প্রভু যীশু খ্রীষ্টের নামে, পবিত্র আত্মা পাওয়ার জন্য। সেটা ঠিক। এখন, এটি জিজাস ওনলি মতবাদ নয়। আমি জিজাস ওনলি মতবাদ জানি। এটা সেটা নয়। এটা বাইবেলের শিক্ষা। সেটা ঠিক।

191 কিন্তু সেখানে আপনি। আপনি এটি দিয়ে কি করবেন ? সেখানে আপনার জননী আছে। সেখানে সেই ধর্মমতের জননী আছে।

192 এখন, আপনি বাইবেলে ফিরে তাকান এবং আমাকে বলুন যে কোথায় কাউকে ছিটিয়ে বাপ্তিস্ম দেওয়া হয়েছিল। মেথডিস্ট, প্রেসবিট্যারিয়ান, ক্যাথলিক, আমাকে বলুন যে বাইবেলে একজন ব্যক্তিকে কোথায় ছিটিয়ে বাপ্তিস্ম দেওয়া হয়েছিল। বাইবেলে, পাপ ক্ষমার জন্য কোথায় জল ঢেলে বাপ্তিস্ম দেওয়া হয়েছিল আমাকে বলুন। এটা উল্লেখ করুন। আপনি কি এটি খুঁজে দিতে পারেন ? আপনি যদি তা পারেন, আমার কাছে আসুন, আর আমি আমার পিঠে "একজন ভন্ড ভবিষ্যদ্বক্তা !" লিখে রাস্তায় হাঁটব এবং বলব

"আমার ভুল হয়েছে।" অথবা, আপনি পুরো বাইবেলে একটি স্থান খুঁজে দেখান যেখানে কখনও কেউ পিতা, পুত্র এবং পবিত্র আত্মার নামে বাপ্তিস্ম নিয়েছিল, যেভাবে আপনাদের আশি শতাংশ বাপ্তিস্ম নিয়েছেন। আমাকে এমন একটি বাক্য খুঁজে দেখান যেখানে কেউ কখনও এইভাবে বাপ্তিস্ম নিয়েছে, এবং আমি আমার পিঠে "ভন্ড ভবিষ্যদ্বক্তা" লিখে, এবং *এভাবে* রাস্তা দিয়ে হাঁটব। আর আমাকে দেখান সেখানে যিনি পূর্বে বাপ্তিস্ম নিয়েছিলেন, নতুন মণ্ডলীতে, যাকে আসতে হয়নি এবং পুনরায় বাপ্তিস্ম নিতে হয়নি,...শুধুমাত্র "যীশু" নামে নয়, কিন্তু আমাদের প্রভু যীশু খ্রীষ্টের নামে। সেটা ঠিক। দেখুন এটা ঠিক কি না।

193 এবং, এখানে, এটা কি? সে বেশ্যাদের জননী ছিল। কি তাকে বেশ্যা বানিয়েছে? কি তাকে বেশ্যা বানিয়েছে? তার শিক্ষা! কি তাদের বেশ্যা বানিয়েছে? তার শিক্ষা!

194 এবং এই জন্যই আমরা তাদের ধর্মসম্প্রদায় এবং তাদের ধর্মমতকে সহ্য করি না। আমরা এই বাইবেলের সঙ্গে স্বচ্ছ থাকি। আমি জানি না আপনারা এটি কিভাবে পালন করেন, তবে আপনাকে এটি শেখানো হয়েছে, যাইহোক। ঠিক। এটা আপনার উপর। আমি আপনাকে পালন করতে বাধ্য করতে পারব না। আমি শুধু বলতে পারি সত্য কি। সেজন্য আমরা কোনো ধর্মসম্প্রদায় নই। আমি এই ধরনের বিষয়ের মধ্যে নিজেদেরকে কলুষিত করতে—করতে দিতে চাই না, যে কোন ধরনের শিক্ষা ঠেলে দিতে হবে। আমি বরং প্রভুর জন্য অপমানিত কয়েকজনের সঙ্গে পথ নিতে চাই। আমি বরং বাক্য এবং ঈশ্বরের সামনে স্বচ্ছ এবং বিশুদ্ধ থাকতে চাই, এবং সেখানে দাঁড়িয়ে বলবো, "আমার পোশাকে কোনো মানুষের রক্ত নেই।" এইজন্য আমরা ব্রানহাম ট্যাবারনেকেলে থাকি। এইজন্য আমরা এসেম্বলিজ নই। এইজন্য আমরা ওয়াননেস নই। এইজন্য আমরা জিজাস ওনলি নই। এইজন্য আমরা মেথডিস্ট নই। এইজন্য আমরা ব্যাপটিস্ট নই। শুধুমাত্র এখানে একটি—একটি ছোট তাম্বু। আমাদের আদৌ কোনো ধর্মসম্প্রদায় নেই। আমরা খ্রীষ্টে স্বাধীন। সেজন্য আমরা আমাদের মতোই থাকি। এবং ঈশ্বর আমাদের আশীর্বাদ করেছেন, ঈশ্বর আমাদের সাহায্য করছেন।

195 এখন, আমরা আপনাকে বলতে পারি কেন আমরা সহভাগিতা করি, আমরা আপনাকে বলতে পারি কেন আমরা পা ধোয়ার ব্যবস্থা করি, কেন আমরা সদস্যদের তা নিতে বাধা দিই যদি আমরা জানি যে তারা পাপ করছে। এই কারণেই, এই গত দুই বা তিন সপ্তাহ, আমি এক সদস্য থেকে অন্য সদস্যের কাছে যাচ্ছি, যেখানে

চারপাশে আপনাদের ছোট ছোট গোলমাল হচ্ছে। ঘুরতে গিয়ে, একজন আরেকজনের সঙ্গে কথা বলবে না এবং রাস্তা দিয়ে একজন আরেকজনকে পাশ কাটিয়ে মাথা ঘুরিয়ে চলে যাবে। আপনাদের লজ্জিত হওয়া দরকার, যিনি ঈশ্বরের আশীর্বাদের পানপাত্রটি এই বেদির ওপারে নিয়ে গেছেন এবং তোমাদের ভাই ও বোন বলে ডাকলেন, এবং তারপর টেলিফোনে একে অপরের সম্পর্কে কথা বলা। আপনারা যখন এইভাবে থাকবেন তখন আপনারা খ্রিস্টান বলার যোগ্য নন। ঠিক। আপনারা টেলিফোন বন্ধ রাখুন; আপনারা যদি কারো সম্পর্কে ভাল কথা বলতে না পারেন তবে আপনারা কথা বলবেন না। মনে রাখবেন, ঈশ্বর আপনাকে দায়ী করবেন। যতক্ষণ এই ধরনের আত্মা আপনার মধ্যে আছে, আপনি জানেন যে আপনি ঈশ্বরের সঙ্গে সঠিক নন। যদি অনুভব না করেন...

196 যদি একজন মানুষ ভুল করেন, তার কাছে যান এবং মিলিত হন। যদি আপনি মিলিত হতে না পারেন, আপনার সঙ্গে কাউকে নিয়ে যান। আশ্চর্যের কিছু নেই যে ঈশ্বর তাঁর মণ্ডলীকে শৃঙ্খলাবদ্ধ করতে পারেন না, কারণ আপনি এটি সঠিকভাবে করছেন না। ফোনে এসে এই বিষয়ে কথা বলার পরিবর্তে, কি ঘটেছে, সামান্য দ্বন্দ্ব ইত্যাদি, চারপাশে। সেটা করার পরিবর্তে, আপনি বাইবেল যা বলে তা করেন না কেন ? যদি কোনো ভাই কোনো দোষে আচ্ছন্ন হয়ে থাকেন, তার কাছে যান আর দেখুন যদি আপনি তার সঙ্গে মিটমাট করতে না পারেন। "ঠিক আছে, এখন, তিনি আমাকে করেছেন !" তিনি কী করেছে তাতে আমার কিছু যায় আসে না, যেভাবেই হোক তার কাছে যান ! তাকে আপনার কাছে আসতে বলেনি। তিনি ভুল হলে আপনি তার কাছে যান। আপনি বলুন, "ঠিক আছে, তিনি ভুল ছিলেন। তার আমার কাছে আসা উচিত।" বাইবেল এটা বলে না। বাইবেল আপনাকে তার কাছে যেতে বলে। যদি তিনি ভুল করেন, আপনি তার কাছে যান।

197 আর তারপর যদি সে আপনার কথা না শোনে, তবে সাক্ষী হিসাবে কাউকে আপনার সঙ্গে নিয়ে যান।

198 এবং তারপর যদি তিনি সেই সাক্ষীকে দেখতে না পান, তবে বলুন, "এখন আমি আপনার পালককে নিয়ে আসব।" তখন আপনি তাকে বলুন, বলুন, "আমি এই বিষয়টি মণ্ডলীকে বলতে যাচ্ছি, এবং এখন থেকে ত্রিশ দিনের মধ্যে, যদি আপনারা ভাইয়েরা এটি ঠিক করতে না পারেন...এই ভাই এখানে মিটমাট করতে ইচ্ছুক। আপনি এটা করছেন না। আর আপনি যদি ত্রিশ দিনের মধ্যে তা না করেন, তাহলে কী হবে ? আপনি আর আমাদের কেউ নন।"

199 বাইবেল বলে, "আর যদি মণ্ডলীর কথাও অমান্য করে, সে তোমার নিকটে পরজাতীয় লোকের ও করগ্রাহীর তুল্য হউক।" আপনারা দেখুন, যতক্ষণ পর্যন্ত একজন ভাই মণ্ডলীর সেই সুরক্ষার অধীনে থাকে, খ্রীষ্টের রক্ত তাকে রক্ষা করে। এই কারণেই আমরা মণ্ডলীকে তার ইচ্ছা মতো চলতে দিই না। এখন, ঠিক, *এটি* ব্যাপটি-...ব্যাপটিস্ট চার্চের শিক্ষা, অথবা এখানে ব্রানহাম ট্য়াবারনাকেল, যদি আপনি এটি করেন। দেখুন, কেন...

200 আপনি এখানে আসেন, বলেন, উদাহরণস্বরূপ, দুই ব্যক্তি, ধরুন লিও আর আমি। আপনি কি আমাকে নিবেন...আর আমি বলি, "ঠিক আছে, তিনি—তিনি আমার সঙ্গে অন্যায় করেছেন।" এতে কোন পার্থক্য হয় না। আমাকে তার কাছে যাওয়া উচিত। ঠিক আছে, তিনি এই মণ্ডলীর একজন সদস্য। তিনি—তিনি একজন খ্রিস্টান হয়েছেন। তিনি এখানে আমার সঙ্গে রেলে সহভাগীতা করেছেন। এবং আমরা প্রভু যীশুর নামে বাপ্তিস্ম নিয়েছি। সোজা হয়ে হেঁটেছি, ভাই হয়ে, একে অপরের সামনে, তারপর কিছু হয়ে যায়।

201 এটি সেই মানুষ নয়। শতকরা নব্বই ভাগ সময়ই শয়তান মানুষের মাঝে চলে আসে। এটি মানুষ নয়। এটা শয়তান। আর যতক্ষণ আপনি শয়তানকে এটি করতে দিবেন, আপনি আপনার ভাইয়ের ক্ষতি করছেন। সেটা ঠিক।

202 ঠিক আছে, লিও ও আমার মধ্যে কিছু ভুল আছে; আসুন এটা মীমাংসা করা যাক। আর আপনি যদি দেখেন কিছু আছে, আমাদের কাছে আসা এটা আপনার কর্তব্য, আর বলুন, "তোমরা উভয় বালক এখানে এসে একত্রিত হও। আমরা এই বিষয়টি সোজা করতে যাচ্ছি।" এখন, তাহলে, যদি তিনি সেখানে আসেন, এবং সেখানে জানতে আসেন, তাহলে, আমরা এখানে আছি। আমি বলি, "ঠিক আছে, প্রথম জিনিস, যদি আমরা—আমরা একমত না হতে পারি, তাহলে আপনি এইভাবে মণ্ডলীতে আসুন।"

203 আর তারপর যতক্ষণ—যতক্ষণ না আপনি এই সম্পর্কে কিছুই না করেন, যীশু খ্রীষ্টের রক্ত যদিও আমাদের উভয়কে রক্ষা করে। দেখুন ? কিন্তু তখন সেই—সেই পুরানো ক্যান্সার আরেকটি ক্যান্সার শুরু করবে, আর সেই ক্যান্সার আরেকটি ক্যান্সার শুরু করবে, এবং পুরো জিনিসটি অসুস্থ হয়ে পড়বে, সম্পূর্ণ মণ্ডলী। তারপরে আপনি এমন একটি জায়গায় পৌঁছান যেখানে আপনি মণ্ডলীতে আসেন, ঠান্ডা হয়ে, আপনার জন্য দারোয়ানকে বরফ ভেঙে বেরিয়ে আসতে

হবে, মণ্ডলীতে প্রবেশ করার জন্য। এখন, আপনারা জানেন যে এটি ঠিক। এবং ঠাণ্ডা! কেউ পাশে অবস্থান করলে, আপনারা জানেন, আর কিছুই বলবেন না। "ঠিক আছে, আমরা আধ্যাত্মিক হতে অভ্যস্ত।" ঠিক আছে, কি হয়েছে? আপনি ভালোই দৌড়েছেন, কী ব্যাপার? দেখুন, আপনার পাপ আপনাকে আলাদা করে। আর ভাইয়েরা এর জন্য ঈশ্বর আপনাকে দায়ী করবেন। এখন আমি এই বিষয়টি সোজা করব।

204 আমার কোন ভুল নেই, লিওর কোন ভুল নেই; এটা শয়তান আমাদের মধ্যে আছে। সেটা ঠিক। বিষয়টা সোজা করুন। তার কাছে যান। তারপর যদি সে না শোনে, অথবা আমি না শুনি, যেই হোক না কেন, তা মন্ডলীকে বলুন। যদি সে ত্রিশ দিনের মধ্যে সেই মণ্ডলীর সঙ্গে মিলিত হতে না আসে, তাহলে সে যীশুর সুরক্ষা থেকে বেরিয়ে আসবে। আমরা তাকে হারাব। এটা একদম ঠিক। তারপর দেখুন কি ঘটে। ঈশ্বর তাহলে শৃঙ্খলা করুক। আপনি আপনার হাত সরিয়ে নিন। আপনি যা করতে পারেন তা আপনি করেছেন। তাহলে ঈশ্বরকে তাকে কিছু সময়ের জন্য গ্রহণ করতে দিন; তিনি তাকে শয়তানের কাছে ফিরিয়ে দিবেন। তখন সে আসবে। যদি তিনি তা না করেন তবে তার জীবন কেবল একটি সংক্ষিপ্ত সময়।

205 আপনার মনে আছে বাইবেলে, যেখানে একজন ভাই ছিলেন যিনি ঈশ্বরের সঙ্গে সঠিক হন নি? সেই ঘটনাটি কতজনের মনে আছে? সে তার জন্মদাতা মাকে রেখেছিল, এবং তারা তাকে সোজা করতে পারেনি। পৌল বলেছেন, "বিনাশার্থে শয়তানের হস্তে সমর্পণ করিতে।" আপনি খুঁজে পান, দ্বিতীয় করিন্থীয়তে, তিনি সোজা হয়ে গেছেন।

206 আমার একজন ভাই আছে, একজন ভালো বন্ধু, আমি এখানে তার নাম বলতে পছন্দ করি, একজন প্রচারক ভাই। আর এই প্রচারক ভাই, তার নাম ভাই রাসমুসেন। আপনারা অনেক সেবকেরা এখানে বসে আছেন, আজ রাতে আপনাদের কাগজপত্রে তার নাম আছে। সেটা শিকাগোতে আন্ত-ধর্মসম্প্রদায়িক। আর দেখুন। তার একটি ছেলে ছিল, সেবক, আর তিনি এক ক্যাথলিক মেয়েকে বিয়ে করেন এবং এভাবেই শুরু করেন। এবং তারা *এই, সেটা,* এবং *অনান্য* কাজ করতে যাচ্ছিল, আর—আর কি; কিছু সমস্যায় পড়ে যান। আর তার পিতা তার কাছে গিয়ে বললেন, "এখন দেখো, পুত্র, তুমি কি মিলিত হবে?"

বললেন, "বাবা..."

তিনি তাদের মণ্ডলীকে পবিত্র-গড়ানোর দল বললেন, তার পিতা। তিনি বলেন, "এখন, দেখো, তুমি কি এই মণ্ডলীর সঙ্গে বিষয়টি সোজা করতে যাচ্ছো?"

207 সে বলল, "এখন, বাবা, আপনি আমার বাবা, এবং আমি আপনার সঙ্গে কোন সমস্যায় পড়তে চাই না।" ঠিক আছে।

208 তিনি গিয়ে একজন ডিকনকে নিয়ে তার বাড়িতে চলে গেলেন। বললেন—বলেন, "ওয়েসলি, আমি আপনার সঙ্গে কথা বলতে চাই।" বললেন, "তুমি কি মণ্ডলীর সঙ্গে এই বিষয়টি সোজা করতে যাচ্ছো?" এবং সে তাকে এইরকম একটি সংক্ষিপ্ত দুই-উত্তর দেন। বললেন, "মনে রেখো, ওয়েসলি, আমি সেই মণ্ডলীর পালক। আমি তোমার বাবা, কিন্তু ঈশ্বর যা বলেন আমি তাই করতে যাচ্ছি। আমি তোমাকে সেই মণ্ডলীর সঙ্গে এটি ঠিক করার জন্য ত্রিশ দিন সময় দিচ্ছি, নতুবা আমরা আপনাকে ঈশ্বরের উপস্থিতি থেকে বহিষ্কার করব। তুমি আমার নিজের ছেলে; তিনি আমার পরিত্রাতা।" বললেন, "আমি তোমাকে ভালোবাসি। আর তুমি জানো আমি তোমাকে ভালোবাসি, ওয়েসলি। আমি এখনই তোমার জন্য মরে যাব। কিন্তু তোমাকে সরাসরি ঈশ্বরের বাক্য আসতে হবে। দেখো?" সে বলল, "আমি পালক। আমি সেই পালের পালক। আপনি যদি আমার সন্তান হন, অথবা আপনি যে কেউ হন, আপনাকে ঈশ্বরের বাক্যের সঙ্গে একসারিতে আসতে হবে। আপনি যদি তা না করেন, তাহলে আমি তাঁর পালক হওয়ার যোগ্য নই।"

209 বালক, সেটা একজন পালক। তিনি একজন মানুষ। আপনার কি তাই মনে হয় না? তিনি একজন মানুষ। সে তার ছেলেকে বললেন। "আর তাকে আঘাত করে," তিনি বললেন। কিন্তু বললেন, "কি? তুমি কাকে আঘাত করতে যাচ্ছো, মানুষটিকে, বা তোমার ত্রাণকর্তাকে আঘাত করবে? তাই," তিনি বললেন, "তারপর আমরা চলে গেলাম।" আর বললেন, "সে এটা করবে না। আর আমরা...আমি মণ্ডলীকে বললাম।"

210 তিনি বললেন, "আমার নিজের ছেলে, ওয়েসলি, সে এই বিষয়ে আমার কথা শুনতে রাজি নয়। সে ডিকনের কথা শুনতে অস্বীকার করে। আর আপনি এর সাক্ষী, *অমুক-অমুক* ভাই?"

"হ্যাঁ, আমি।"

"ঠিক আছে। আটটার সময়, পরের রবিবার, এখন থেকে চার সপ্তাহ পর, যদি সে এই মণ্ডলীর সঙ্গে সেটা ঠিক না করে, আমরা ওয়েসলি, আমার ছেলে, শয়তানের কাছে, মাংসের ধ্বংসের জন্য

ফিরিয়ে দিই। তার রক্ত, রক্ত...যীশু খ্রীষ্টের, আর এই মণ্ডলী, তাকে আর রক্ষা করবে না।"

211 আর সেই রাত আসে। বেদীতে দাঁড়িয়ে বললেন, "তার কাছে আর দুই মিনিট আছে।" সময় এসেছে। তিনি বললেন, "এখন, আমার পুত্র হিসাবে, ওয়েসলি রাসমুসেন...এই মণ্ডলীকে বললেন, আপনার কাছে, সর্বশক্তিমান ঈশ্বর: আপনার বাক্য এবং আপনার নির্দেশ অনুসারে আমরা যা করতে পারি তা করেছি আপনার—আপনার পুত্র, আমাদের পরিত্রাতা, আমাদের ছেড়ে চলে গেছে। আমরা এখন, আমি আমার পুত্রকে, এবং আমার সঙ্গে এই মণ্ডলী, তার মাংসের ধ্বংসের জন্য, শয়তান—শয়তানের কাছে ফিরিয়ে দিই। যেন তার আত্মা রক্ষা করা হয়।" এটুকুই বলা হয়েছিল। কিছুই হল না, এক অথবা দুই সপ্তাহ, হয়তো এক অথবা দুই মাস।

212 এক রাতে, বৃদ্ধ ওয়েসলি অসুস্থ হয়ে পড়েন। এবং যখন সে অসুস্থ হয়ে পড়ে, তখন সে আরও অসুস্থ হতে থাকে। সে ডাক্তার ডাকে। ডাক্তার এসে তাকে পরীক্ষা করেন। তার একশ পাঁচ জ্বর ছিল। তিনি এর কোন কারণ খুঁজে পাননি। শুধু অসুস্থ হতে থাকে। ডাক্তার বললেন, "পুত্র, আমি জানি না তোমার কি হয়েছে।" তিনি কি করবেন বুঝতে পারছিলেন না। বললেন, "আমরা একজন বিশেষজ্ঞকে ডাকবো।" তারা একজন বিশেষজ্ঞকে ডাকলেন, এবং সেই বিশেষজ্ঞ সেখানে আসেন। তারা তাকে হাসপাতালে নিয়ে যায়, তাকে পরীক্ষা করে, সবকিছু করে। এবং বললেন, "আমি তোমাকে বলতে পারব না। ছেলেটাকে শুধু—শুধু মরণশীল দেখায়।" তার স্ত্রী সেখানে দাঁড়িয়ে, কান্নাকাটি করছে, এমন সবকিছু। এবং শিশুরা বিছানার চারপাশে দাঁড়িয়ে এবং সর্বত্র এইভাবে। তিনি বললেন, "সে চলে যাচ্ছে। এখানেই শেষ।" বললেন, "তার নাড়ি এবং শ্বাস-প্রশ্বাস, এটি ক্রমাগত নিচে যাচ্ছে।"

213 সে বলল, "বাবাকে ডাকো।" ওহ, হ্যাঁ। এটি করার উপায় সেটি। এটাই। "বাবাকে ডাকো।" এবং তার বাবা তাকে দেখতে দ্রুত হাসপাতালে চলে আসেন। সে বলল, "বাবা, আমি এখন পারছি না, কিন্তু ঈশ্বর আমার কথা শুনেছেন। আমি সব ঠিক করে দিব। আমি এটা ঠিক করব। হ্যাঁ, আমি করব।" হ্যাঁ, মহাশয়, ভাই। তখনই তার শ্বাস-প্রশ্বাস স্বাভাবিক হতে শুরু করে।

214 এবং পরের রবিবার, তিনি মণ্ডলীর সামনে ছিলেন। সে বলল, "আমি এই মণ্ডলীর উপস্থিতিতে ঈশ্বরের সামনে পাপ করেছি। আমি পালকের কথা শুনতে অস্বীকার করেছি। আমি—আমি এখানে

ডিকনের কথা শুনতে অস্বীকার করেছি।” আর বলল, “আমি এই মণ্ডলীর কাছে অনুরোধ করছি যে আমি যে খারাপ কাজ করেছি তার জন্য আমাকে ক্ষমা করুন।” বলল, “ঈশ্বর আমার জীবন রক্ষা করেছেন।” আমি আপনাকে বলছি, সে নিজেকে ঠিক করে। হ্যাঁ। এটাই আপনাকে করতে হবে, দেখুন। দেখুন ? আপনি, যদি আপনি এটি ঈশ্বরের দেখানো পথে চলেন ! দেখুন ?

215 এখন, দেখুন, আমরা যেভাবে করি, আমাদের একটি সমিতি সভা আছে, আর আমরা বলি, “ঠিক আছে, এখন, আমাদের রাখা উচিত...” আমি ট্রয়াবারনাকেল বলি না, কিন্তু আমি বলতে চাই আমরা প্রোটেস্ট্যান্ট লোকেরা। আমাদের একটি সমিতি সভা আছে, আর, “আপনি জোন্স সম্পর্কে কি মনে করেন ? আপনি কি মনে করেন তার সঙ্গে আমাদের কি করা উচিত ? আমি মনে করি তিনি আমাদের চেয়ে মেথডিস্টকে আরও ভাল সদস্য করে তুলবেন।” আপনি সেখানে। এটা, এটা ভুল। এই কারণেই আমাদের তাদের ঐতিহ্য অনুসরণ করতে হবে না। এবং কিছু বিশপ, আমাদের তাকে ডাকতে হবে (কখনও কিছু...কি, আপনারা তাকে কি বলেন ? এই পেন্টিকোস্টাল চার্চে জেলার লোক ? “জেলা প্রেসবিটার”)—এই লোকটির আচরণ দেখার জন্য তাকে ডাকুন।

216 বাইবেল আমাদের কি করতে হবে তা বলে। এই কারণেই আমরা ধর্মসম্প্রদায়ের সঙ্গে বোকামি কাজ করি না। আমরা সেই জিনিস থেকে মুক্ত থাকি। আমেন। আপনি কি আমার উপর রাগ হননি ? আপনি এটা করবেন না। ঠিক আছে। আমি সম্ভবত আগামীকাল রাতে কিছু খুব ভালো প্রশ্ন পাব। কিন্তু, ভালো, এটা ঠিক। দেখুন ? মনে রাখবেন। জানুন...

217 আমি এখন এই কথা বলছি। আপনারা যারা বিভিন্ন ধর্মসম্প্রদায়ের মণ্ডলী থেকে এখানে এসেছেন, আপনার ধর্মসম্প্রদায়, এবং, ভাই, আমি বলছি না যে আপনি একজন খ্রিস্টান নন। আমি বলছি না যে আপনার ধর্মসম্প্রদায়ে সেখানে হাজার হাজার সুন্দর খ্রিস্টান নেই। আমি বলার চেষ্টা করছি, যে কারণে আমরা একটি ধর্মসম্প্রদায় নই। কারণ, আমি এর জন্য দাঁড়াতে পারবো না। না, মহাশয়। আমি নিশ্চিত করব না। তারা আপনাকে কী করতে হবে তা বলার চেষ্টা করছে। যদি ঈশ্বর আমাকে সুসমাচার প্রচারের জন্য ডেকে থাকেন, তাহলে আমি তা প্রচার করবো যেভাবে ঈশ্বর আমাকে তা করতে বলেন। এটা ঠিক সেইরকম, এই বাইবেলে যেভাবে লেখা আছে। এটির সঙ্গে সরল রেখায় আসবেন না, তাহলে এটিই সেটি...এর জন্য ঈশ্বর আমাকে বিচার

করবেন। কিন্তু আমি যদি—আমি যদি—আমি যদি নেকড়ে আসতে দেখি, অথবা শত্রু আসতে দেখি, এবং আমি তাদের সতর্ক করতে ব্যর্থ হই, তখন ঈশ্বর আমাকে চান। কিন্তু আমি যদি আপনাকে সতর্ক করি, তাহলে সেটা আপনার ব্যাপার। দেখুন ?

218 মনে রাখুন, "শেষ কালে বিষম সময় উপস্থিত হইবে, মনুষ্যেরা আত্মপ্রিয়, আত্মশ্লাঘী, অভিমানী, ধর্ম্মনিন্দক হইবে।" দেখুন, ধর্ম্মনিন্দক, "ওহ, ওরা বোকাদের দল। অলৌকিক ঘটনার দিন চলে গেছে। এমন কিছু নেই।" সে একজন মিথ্যা ভবিষ্যদ্বক্তা। "এখন, আমরা জানি যে আমাদের নারীদের আমাদের পুরুষদের মতোই অনুভূতি আছে।" আমি সেটা নিয়ে সামান্য বিতর্ক করছি না, তবে ঈশ্বরের বাইবেল বলে যে তাকে বেদীর থেকে দূরে রাখুন। সেটা—সেটা আমার জন্য যথেষ্ট, দেখুন। সেটা ঠিক। ঠিক আছে। দেখুন ?

আর বলেন, "ঠিক আছে, এখন, আমাদের ধর্মসম্প্রদায়, আমাদের ঠিক ততটাই সুন্দর লোক রয়েছে যতটা আপনার ট্য়াবারনাকেলে রয়েছে।" আমি সেটা বলছি না, কিন্তু বাইবেল ধর্মসম্প্রদায়ের নিন্দা করে। সেটা ঠিক। এবং, তাই, আমি বলছি না যে আপনার মণ্ডলীতে আপনার ভালো সদস্য নেই। এটা খুব ভালো। তারা ভালো মানুষ। কিছু সেরা মানুষ, আমি তাদের সঙ্গে দেখা করেছি, ক্যাথলিক এবং সর্বত্র। তাদের সকলে, আমি ভালো সদস্যদের সঙ্গে দেখা করেছি।

219 এখন, আমরা এখন যেভাবে এটি আনতে যাচ্ছি, বন্ধুরা, যদি প্রভু ইচ্ছা করেন, এই পরবর্তী কয়েকটি অধ্যয়নে, হতে পারে...আমি আপনাকে আগামীকাল সকালে জানাব যে আমাদের আগামীকাল বিকেলে দৌড়াতে হবে কি না, দেখুন, এটি বের করে আনার জন্য। যে কারণে আমরা এটি করার চেষ্টা করছি, আমি এটিকে এখন একটি স্থানে নিয়ে আসতে চাই। এখন, আপনি যদি কাউকে আপনার সঙ্গে আনতে চান তবে আপনাকে এটি করতে সম্পূর্ণ স্বাগত জানাই। কিন্তু এখন মনে রাখবেন, শুধু দোষ খোঁজার চেষ্টা করবেন—করবেন না। আপনি এখানে আসেন...আমি শুধু আমার—আমার মণ্ডলীর সঙ্গে কথা বলছি, আপনারা বুঝছেন। আমি এখানে আমার মণ্ডলীর বাইরে এটি শেখাই না, কারণ এটি অন্য ব্যক্তির কর্তব্য। যিনি, তিনি সেই পালের পালক। আর—আর আমি শুধু...[টেপের খালি অংশ—সম্পাদকীয়।]

220 ঠিক আদিতে ফিরে, আপনি এটিকে সরাসরি টেনে আনবেন এবং এটি কোথায় আছে তা দেখতে পাবেন। এখন আমরা আদিতে

ফিরে যাচ্ছি, কেন একটি অবৈধ সন্তান চৌদ্দ প্রজন্ম পর্যন্ত প্রভুর মণ্ডলীতে প্রবেশ করবে না তা খুঁজে বের করার জন্য। কেমন করে এটা...সেই পাপ ফুরিয়ে যেতে চারশো বছর লেগে যাবে। কিভাবে আমরা খুঁজে বের করতে যাচ্ছি—পিতামাতার অধার্মিকতা তাদের সন্তানদের এবং তাদের সন্তানদের মধ্যে দেখা দেয়, কিভাবে যে আদিতে শুরু হয়েছিল, আর ইত্যাদি।

221 আর আপনি...তারপরে আপনি দেখতে পাবেন যে কীভাবে, সমস্ত পথ ফিরে যায়, যে ঈশ্বর, জগৎপত্তনের পূর্বে, একটি অণু বিস্ফোরিত হওয়ার আগে, সেখানে একটি ছোট উল্কা অস্তিত্বে আসার আগে, ঈশ্বর প্রতিটি প্রাণী এবং পৃথিবীতে যা কিছু থাকবে তা জানতেন। এখানে কি কেউ আছেন...আপনি কি বাক্য ব্যাখ্যা করতে পারেননি, এবং এটি উদ্‌ঘাটন করতে পারেননি, এবং "অসীম" শব্দটির অর্থ বলতে পারেননি। ঠিক আপনার ক্যামেরা অনন্তের দিকে—দিকে ঘুরানোর মত। শুধু, এটা ঠিক সেখান থেকে, এটাই সব। দেখুন? অসীম! এবং আমরা, একটি সীমিত মনে, অসীম মন কী ধারণা করতে পারে তা কখনও বুঝতে পারি না। দেখুন, আমরা তা করতে পারি না। আপনি, আপনি এটা করতে পারবেন না। দেখুন? কিন্তু আপনি যদি শুধু দেখেন, আত্মাকে ধরে রাখুন, আপনি সেখানে এটি অনুভব করতে পারেন। এবং—এবং এখানে শাস্ত্রে ফিরে এসে আপনি এখন দেখতে পাবেন, দেখুন, পৃথিবীর ভিত্তি স্থাপনের পূর্ব থেকে।

222 এখন, বাইবেল বলে যে যীশু খ্রীষ্ট ছিলেন ঈশ্বরের মেষশাবক। এখন মনোযোগ সহকারে শুনুন, তাই, আপনাদের মধ্যে কেউ যদি আগামীকাল না থাকেন, এটির শেষ শোনার জন্য। বাইবেল বলে যে যীশু খ্রীষ্ট ছিলেন ঈশ্বরের মেষশাবক, জগৎপত্তনের সময় থেকে নিহত। এটা কি ঠিক? কখন তাকে হত্যা করা হয়েছিল? জগৎপত্তনের সময় থেকে। এটিই পৃথিবী, যদি এটি একগুচ্ছ পরমাণু বিভাজন দিয়ে তৈরি করা হয়ে থাকে, সূর্য থেকে, এটি সৃষ্টি হওয়ার আগে। তারপর, সূর্যের মধ্যে একটি পরমাণু প্রথম বিভাজন হওয়ার আগে, যদি এটি সূর্য থেকে একটি উল্কা হয়ে থাকে, যেটা হবে একশো বিলিয়ন ট্রিলিয়ন ট্রিলিয়ন ট্রিলিয়ন বছর আগে এমনকি একটি আলোক পিণ্ড হওয়ার আগে, খ্রীষ্টকে হত্যা করা হয়েছিল। ঈশ্বরের মহান মন যখন একটি বিষয়ে স্থির হয়, এটি একটি সমাপ্ত কার্য। যখন ঈশ্বর বললেন, "সেখানে হউক," এটি ইতিমধ্যে সম্পন্ন হয়। যদি এটি একশ বিলিয়ন বছর ফুরিয়ে যায়, তিনি এটি বলার সঙ্গে সঙ্গেই এটি সম্পন্ন হয়। "এবং যখন জগৎপত্তনের সময়াবধি

মেষশাবক হত হয়েছিল," একই বাইবেল, একই আত্মা লিখেছেন এবং বলেছেন, "আমাদের নাম জগৎপত্তনের পূর্বে মেষশাবকের জীবন পুস্তকে রাখা হয়েছিল।"

223 তাই যে লোকটি গানটি লিখেছেন, "সেখানে মহিমাতে একটি নতুন নাম লেখা আছে," আপনার ভালো অর্থ ছিল, কিন্তু তিনি অশাস্ত্রীয় ছিলেন। দেখুন ? সেই নাম মহিমাতে লেখা হয়েছিল যখন জগৎ...জগৎ সৃষ্টির পূর্বে। যখন মেষশাবককে হত্যা করা হয়েছিল, তখন আমাদের নাম মেষশাবকের জীবনের পুস্তকে রাখা হয়েছিল।

224 আমাকে—আমাকে শুধু একটি ছোট বাক্য পাঠ নিতে দিন। আপনি কি এক মিনিট ধরে রাখবেন ? এটা শুধু এখন আমার মনে আসছে। আমি মনে করি আমি এটি এখনই খুঁজে বের করতে পারব। আমি নিশ্চিত নই। আর এখন আমি আপনাদেরকে এতক্ষণ ধরে রাখার জন্য দুঃখিত, কিন্তু আমি আপনাকে বলেছিলাম যে এটি মধ্যরাত হবে; এটা খুব খারাপ নয়। কিন্তু আমি—আমি চাই এটি—এটি নিয়ে আসতে, শুধুমাত্র একটি বাক্য এর জন্য।

এখন আমার সঙ্গে রোমীয়দের পুস্তকটি খুলুন, এবং আমি চাই আপনি আমার সঙ্গে এটি পড়ুন। এখন, দেখা যাক, রোমীয়, যদি আমি এটি খুঁজে পাই, ঠিক এখানেই। এখন রোমীয় ৮, এবং—এবং রোমীয় ৮ অধ্যায়ের ২৮ তম পদ থেকে শুরু করা যাক। এবং আমি চাই আপনারা এখন আমার সঙ্গে প্রার্থনা সহকারে এটি পড়ুন। এখন ঈশ্বর এখানে যা বলেছেন তা শুনুন।

> *আর আমরা জানি, যাহারা ঈশ্বরকে প্রেম করে, তাহাদের পক্ষে সকলই মঙ্গলার্থে একসঙ্গে কার্য্য করিতেছে, যাহারা... তাঁহার সঙ্কল্প অনুসারে আহূত।*
>
> *কারণ তিনি যাহাদিগকে পূর্ব্বে জানিলেন,...*

225 সেটা আপনাকে দেয়...আপনারা কি আমার সঙ্গে পাঠ করবেন ? "কারন তিনি..."

> *কারণ তিনি যাহাদিগকে পূর্ব্বে জানিলেন, তাহাদিগকে আপন পুত্রের প্রতিমূর্ত্তির অনুরূপ হইবার জন্য পূর্ব্বে নিরূপণও করিলেন* (ঠিক আছে), *যেন ইনি অনেক ভ্রাতার মধ্যে প্রথমজাত হন।*
>
> *আর তিনি যাহাদিগকে পূর্ব্বে নিরূপণ করিলেন, তাহাদিগকে আহ্বানও করিলেন: আর যাহাদিগকে আহ্বান করিলেন, তাহাদিগকে ধার্ম্মিক গণিতও করিলেন:*

*আর যাহাদিগকে ধার্ম্মিক গণিত করিলেন, তাহাদিগকে প্রতাপান্বিতও করিলেন।*

226 জগৎপত্তনের সময় থেকে! যখন ঈশ্বর নিচের দিকে তাকালেন... এখন, ঈশ্বর তার কার্যালয় এভাবে চালান না, যেমন, "ঠিক আছে, এখন, আমি করতে যাচ্ছি...ওহ, আমরা এখন কি করতে যাচ্ছি?" দেখুন? সেখানে কিছুই নেই...

227 মনে রাখবেন, অধর্ম, পাপ, ধার্মিকতার বিকৃতি। শয়তান সৃষ্টি করতে পারে না। সবাই কি সেটা বুঝতে পেরেছেন? এটি এই মণ্ডলীর একটি শিক্ষা। শয়তান সৃষ্টি করতে পারে না। ঈশ্বর যা সৃষ্টি করেছেন তা সে বিকৃত করতে পারে। এখন, বিকৃতি কি? এখানে, আপনাদের বেশিরভাগকেই প্রাপ্তবয়স্কদের মতো দেখাচ্ছে। এইটা শুনুন। আমরা বিবাহিত মানুষ। এবং আপনারা বিবাহিত পুরুষ ও মহিলারা, আপনারা স্বামী এবং স্ত্রী হিসাবে একসঙ্গে বসবাস করতে পারেন, এবং মহিলারা ঠিক একই রকম যেমন তারা কখনো ছিল না...তারা কুমারী, যতক্ষণ আপনি আপনার স্বামীর সঙ্গে থাকেন। সেটা ঠিক। এখন, এটি আইনী এবং বৈধ, এবং এটি ঠিক আছে। এটা ঈশ্বরের নির্দেশিত। অন্য একজন মহিলাও আপনার স্ত্রীর মত একই আচরণ করতে পারে; তাদের মধ্যে একজন, আপনি ঈশ্বরের দৃষ্টিতে ধার্মিক; এবং অন্য মহিলার সঙ্গে সেই একই আচরণ, আপনি ঈশ্বরের সামনে দোষী, মৃত্যুদন্ড পর্যন্ত। এটা কি? ধার্মিকতার বিকৃতি, দেখুন, ধার্মিকতার বিকৃতি। এখন, শয়তান সৃষ্টি করতে পারে না, তবে সে ঈশ্বর যা সৃষ্টি করেছেন তা বিকৃত করে।

228 মিথ্যা কি? সত্যের বিকৃতি। কেউ বললেন, "ওহ, দেখুন, এটা ছিল শনিবার রাত, নয়টা, হ্যাঁ, বিল ব্রানহাম জেফারসনভিলেতে ছিলেন," ঠিক। "অ্যান্টজের সেলুনে, মাতাল হয়ে," একটি মিথ্যা। এটা কি? আমি জেফারসনভিলেতে ছিলাম। সেটা সত্য। এটা ছিল ধার্মিকতা একটি মিথ্যা বিকৃতি। দেখুন আমি কি বলতে চাইছি? দেখুন, একটি মিথ্যা, সঠিকতাকে বিকৃত করে। এটা এমন কিছু যা বলে যে আমি কোথায় ছিলাম। এখন, যদি সে বলে, "মণ্ডলীতে, প্রচার করছেন," সঠিক। এটাই ধার্মিকতা। তিনি সত্য বলেছেন। "সরাইখানায়, মদ্যপান করছেন," একটি মিথ্যা। বিকৃত; দেখুন, সত্য বিকৃত। দেখুন আমি কি বলতে চাইছি? সমস্ত অধার্মিকতা হল ধার্মিকতার বিকৃতি।

229 মৃত্যু, এটা কি? জীবন, বিকৃত। অসুস্থতা? স্বাস্থ্য, বিকৃত। আপনি একজন ভালো, শক্তিশালী মানুষ হওয়ার কথা। ঠিক আছে।

আপনি অসুস্থ হলে, এটা কি ? আপনার স্বাস্থ্য বিকৃত হয়েছে। দেখুন ? সেটাই এই বিষয়ে। এটা কি ? আপনি যুবতী ছিলেন, সুন্দরী নারী; এবং শক্তিশালী, সুন্দর পুরুষ। এখন আপনি কুঁচকে যাচ্ছেন, বুড়ো হয়ে যাচ্ছেন। এটা কি ? জীবন, বিকৃত, দেখুন, আবার ফিরে আসছেন। দেখুন ? এবং এটা ফিরে আসতে হবে। প্রভুর নাম ধন্য হোক ! ঈশ্বর এটা ফিরিয়ে আনার প্রতিশ্রুতি দিয়েছেন। এবং ঠিক যেমন নিশ্চিত—এটি যেমন আছে (আমরা জানি এটি এখানে আছে), তাই এটি যেমন নিশ্চিত, ঈশ্বর এটিকে আবার আনতে চলেছেন। তিনি প্রতিশ্রুতি দিয়েছেন এবং প্রতিজ্ঞা করেছেন যে তিনি এটি করবেন। সেটিই এটি প্রদান করে।

230 এখন, কিভাবে, আমাদের কি ধরনের মানুষ হওয়া উচিত ? এখন লক্ষ্য করুন এই জিনিসগুলো কিভাবে ঘটে। এখন, তিনি যাদের আগে থেকেই জানতেন, তিনি তাদের আহ্বানও করেন; তিনি যাদের আহ্বান করেছেন, তিনি তাদের ধার্ম্মিক গণিতও করেন। কখন ? জগৎপত্তনের পূর্বে, জগৎ শুরু হওয়ার আগে। এখন, যদি আমরা এই শাস্ত্রটি গ্রহণ করতে পারি এবং সত্যিই এটিকে ন্যায়সঙ্গত করতে পারি, তবে আমরা এটির উপর ঘন্টার পর ঘন্টা সময় নিব, কিন্তু আমরা—আমরা এটা করতে চাই না। কিন্তু এখানে এই সমস্ত অধার্মিকতা, ধার্মিকতা অধার্মিকতায় বিকৃত হয়েছে। শয়তান সেটাই করে।

এখন, আপনি যখন দায়িত্বের যুগে এসেছেন, এবং আপনি জানেন কোনটি ভুল এবং কোনটি ঠিক, আপনি আপনার ভুল থেকে ফিরে আসা উচিত। কারণ, আপনি পাপে জন্মেছেন, অন্যায়ের আকার ধারণ করে পৃথিবীতে এসে মিথ্যা কথা বলছেন। তাহলে আপনি—আপনি আসলে যৌন ইচ্ছার ফলে জন্মগ্রহণ করেছেন, আর তাহলে আপনাকে অবশ্যই নতুন করে জন্ম নিতে হবে, একটি নতুন জন্ম গ্রহণ করার জন্য, স্বর্গে প্রবেশ করার জন্য। কারণ, এই রকম একটা জন্ম আপনার এখানে...

231 দেখুন যেখানে যিহোবা উইটনেস এতটাই ভুল করেছে, এটা ভাবার জন্য যে নতুন জন্ম দেহের পুনরুত্থান ? আপনারা দেখুন, এটা হতে পারে না। দেখুন ? এটা কিছু হতে হবে...

232 আপনি, আপনি সময়ের মধ্যে আছেন। এবং একমাত্র জিনিস যেটা চিরন্তন, সেটা এমন কিছু যার কোন শুরু অথবা শেষ নেই। যা কিছু চিরন্তন কখনই তার শুরু ছিল না, অথবা এর কখনই শেষ হবে না। দেখুন ? তাই আপনি যদি ঈশ্বরের অংশ হয়ে থাকেন, তবে

আপনার মধ্যে যে আত্মা আছে তার কোনো আদি নেই অথবা এর কোনো অন্ত হবে না, এবং আপনি আপনার মধ্যে যে আত্মা আছে তার সঙ্গে আপনিও চিরন্তন। দেখুন? যেমন সেই—সেই—সেই *আগাপাও* প্রেম, তারপর এটি *ফিলিও* প্রেমে নেমে আসে এবং তারপরে লালসা প্রেমে নেমে আসে। এটি কেবল নীচে এবং নীচে নামতে থাকে, বিকৃত হতে থাকে যতক্ষণ না এটি কেবল একটি বিশৃঙ্খলার পিণ্ডে পরিণত হয়। ঠিক আছে, একমাত্র উপায়, যীশু সেই একই সিঁড়ি দিয়ে নেমে এসেছেন, এখানে নিচে সর্বনিম্ন আকার থেকে আবার সর্বোচ্চ আকারে তোলার জন্য এবং ফিরিয়ে নেওয়ার জন্য; মৃত্যু থেকে জীবনে, অসুস্থতা থেকে সুস্থতায়, অধার্মিকতা থেকে ধার্মিকতায়। দেখুন? তিনি সর্বোচ্চ থেকে সর্বনিম্ন হয়ে যান, যাতে তিনি সর্বনিম্নকে সর্বোচ্চে নিয়ে যেতে পারেন। তিনি আমি হয়ে যান যেন আমি, তাঁর অনুগ্রহ দ্বারা, তিনি হই, মহিমার সিংহাসনের উত্তরাধিকারী হতে পারি। দেখুন আমি কি বলতে চাচ্ছি? ঐ বিষয়গুলো।

এখন দেখুন। অদূরে পরমাণুর মাধ্যমে এই পৃথিবী শুরু হওয়ার অনেক আগে, যখন ঈশ্বর দেখেছিলেন কী ঘটতে চলেছে, ঠিক সেখানে তিনি আপনাকে দেখেছেন, তিনি আমাকে দেখেছেন, তিনি প্রতিটি আঠালি, প্রতিটি মাছি, প্রতিটি ব্যাঙ, প্রতিটি ডাঁশমাছিকে দেখেছেন। পৃথিবীতে যা কিছু থাকবে, তিনি ঠিক তখনই দেখেছিলেন। অবশ্যই, তিনি দেখেছিলেন।

233 এখন, তিনি কখনও বলেননি, "আমি আমার পুত্রকে নীচে পাঠাব এবং তাকে মরতে দেব, আর হয়তো কেউ তার প্রতি করুণা করবে। এবং এটি এমন একটি করুণ ঘটনা হবে, সম্ভবত কেউ রক্ষা পেতে পারে।"

234 তিনি আগে থেকেই জানতেন কে রক্ষা পাবে! হ্যাঁ, মহাশয়। তিনি বলেছিলেন, "আমি যাকোবকে প্রেম করিয়াছি, কিন্তু এষৌকে অপ্রেম করিয়াছি," তারা কি হবে তা প্রমাণ করার কোনো সুযোগ পাওয়ার আগে, কারণ তিনি জানতেন তারা কি হবে। তিনি জানতেন। তিনি সবকিছু জানেন। তিনি জানতেন আপনি কি করবেন, আপনার জন্মের আগে, অথবা যখন পৃথিবী শুরু হয়েছিল।

235 এখন দেখুন। আপনারা জানেন, আমি—আমি—আমি একজন রাইফেলব্যক্তি। আমি—আমি রাইফেল পছন্দ করি। এবং টেক্সাসের কিছু মহিলা, আমি বিশ্বাস করি এটি টেক্সাস, আমার জন্য

একটি সুইফট নিয়ে আসেন, একটি দুই-বিশ সুইফট ছিল। আমি সবসময় একটি চাইতাম। আমি এটা ব্যবহার করতে চাইতাম। এটি সবচেয়ে শক্তিশালী শ্যুটিং ছোট বন্দুক ছিল। এটি বাইশটি বুলেট ছিল, আটচল্লিশ গ্রেইনের বুলেট ছিল। আর আপনি হাত দিয়ে তা ভরতে পারেন। এখন, কারখানা বলে, "এটা করবেন না; অত্যন্ত বিপজ্জনক।" কিন্তু আপনি সেই বুলেটটি প্রতি সেকেন্ডে পাঁচ হাজার ফুট লোড করতে পারেন, আর এটিকে তার স্থানে ধরে রাখতে পারেন। প্রতি সেকেন্ডে পাঁচ হাজার ফুট, এটি সেকেন্ডে এক মাইল। অন্য কথায়, একটি বাজপাখি বসে আছে, দুইশ গজ দূরে। আপনি বাজপাখিকে গুলি করেন, বন্দুকের ধাক্কা অনুভব করার আগে আপনি পালক উড়তে দেখতে পান। বুঝলেন ? এটা, কিন্তু আপনি এটি একটি টুথপিকের সমতল অংশটি নিন এবং আপনার পাউডারে নিন এবং সেখানে আরও *এতটা* ঢেলে দিন, ঠিক যতটা আপনি এটি একটি টুথপিক ধরে রাখতে পারেন; এবং আপনি এখানে এই ভবনের শেষ প্রান্তে বসে থাকা একটি গ্রাউন্ডহোগকে গুলি করছেন, সে বসে আপনার দিকে তাকায়। কি ব্যাপার ? বুলেটটি বিচ্ছিন্ন হয়ে যাচ্ছে, এটি খুব দ্রুত যাচ্ছে, বুঝ-...এবং আপনি এখানে এবং ওখানের একটি কাগজ রাখতে পারেন এবং আপনি কখনই একটি ছোট জীবাশ্মও কাগজে পড়ে থাকতে দেখবেন না। এটা ফিরে যায়; ছাইতে নয়—নয়, আগ্নেয়গিরির ছাই, কিন্তু এটি তার চেয়ে অনেক দূরে যায়। এটি প্রকৃত অ্যাসিডগুলিতে ফিরে যায় যা সেখানে তামা এবং সীসা তৈরি করে। এটি একশ বিলিয়ন বছর আগে ফিরে যায়। এখন, এখানে একটি ছোট বুলেট, আটচল্লিশ গ্রেইন বুলেট আমি আমার হাতে ধরে আছি, এবং পরের সেকেন্ডে এটি দশ কোটি বছর আগে যা ছিল তাতে ফিরে যায়। এবং যদি পৃথিবী সম্ভবত আরও দশ কোটি বছর ধরে থাকে, তবে এটি আবার বুলেট হয়ে ফিরে আসবে, ঠিক ফিরিয়ে আনা যেতে পারে, কারণ এটি তামাতে পরিণত হবে।

236 এখন দেখুন ঈশ্বর কি করেছেন, তারপর আপনি তাকে ভালোবাসবেন। তারপর আপনি বাড়িতে যাবেন, এবং সকালে আপনি একটু দেরী করে ঘুমাবেন। এবং—এবং আপনি—আপনি তাকে আগের চেয়ে বেশি ভালোবাসবেন। এখন, ঈশ্বর একজন নির্মাণকারী। সেটা কতজন জানেন ? তিনি একজন নির্মাতা। ঠিক আছে। মনযোগ দিয়ে শুনুন। এখন, ঈশ্বর অদূরে, অথবা, তারা বলে...এখন আমরা এটির কালানুক্রমিকদের ধারণা নিতে যাচ্ছি। ঈশ্বর, একশো বিলিয়ন বছর আগে, যখন তিনি পৃথিবী তৈরি করতে

যাচ্ছিলেন, ঠিক আছে, তিনি সবে শুরু করেছিলেন। এখন, তাঁর ছিল...তার মনে একটা বুদ্ধি আসে।

237 এখন আপনি বলতে যাচ্ছেন, "ভাই ব্রানহাম, যদি তিনি ততটা মহান হন, তাহলে তিনি কীভাবে শয়তানকে পাপ করার অনুমতি দিলেন?" ঠিক আছে, তিনি জানতেন, শয়তান সৃষ্টি হওয়ার আগে, যে সে শয়তান হবে। মহিমা! এখন আমি ধার্মিক বোধ করছি। ওহ, আমার! শয়তান সৃষ্টি হওয়ার আগেই তিনি জানতেন যে সে শয়তান হবে। এখন আপনি জিজ্ঞাসা করুন, "এই বিষয়ে কি?" আপনারা বলেন, "কেন তিনি তাকে শয়তান হতে দিলেন?" যাতে তিনি ঈশ্বর বলে প্রমাণিত হন। সেজন্য তিনি এটা করেছেন। "কেন অধর্ম তৈরী হয়? কেন?"

238 কোনটি প্রথম, একজন পরিত্রাতা অথবা একজন পাপী? কোনটি প্রথম? একজন ত্রাণকর্তা। কোনটি প্রথম, একজন নিরাময়কারী অথবা অসুস্থ ব্যক্তি? কেন সেখানে পাপী হওয়ার অনুমতি দেওয়া হয়? কারণ তাঁর গুণাবলী একজন হল একজন ত্রাণকর্তা। যদি একজন পাপী কখনও না হয়, তবে তিনি কখনও একজন পরিত্রাতা হিসাবে পরিচিত হতে পারেন না। হালেলুইয়া! তিনি তাঁর মহিমার চারপাশে সব কিছু আবর্তন করাতে পারেন। "কুমোর বলতে পারেন...অথবা, পাত্র কি কুমোরকে বলতে পারে, 'তুমি আমাকে এভাবে বানিয়েছ?'" চাকায় কে আছেন? কার কাদামাটি? এটা কার হাতে আছে? পৌল বলেছেন, "ওহে, অজ্ঞ ব্যক্তি, তিনি কি বলেননি যে তিনি এই উদ্দেশ্যেই ফরৌণকে উঠিয়েছেন?" অবশ্যই। তিনি এটা জানতেন। জগৎপত্তনের আগে, তিনি জানতেন কোনটা কি হবে। এবং তিনি সেখানে পাপ হতে দিয়েছেন, যাতে তিনি একজন পরিত্রাতা হতে পারেন। তিনি সেখানে অসুস্থতা হতে দিয়েছেন, যাতে তিনি নিরাময়কারী হতে পারেন। তিনি সেখানে ঘৃণা হতে দেন, যাতে তিনি প্রেম হতে পারেন। অবশ্যই, তিনি হতে দিয়েছেন। তিনিই ঈশ্বর, এবং এটাই তাঁর গুণাবলী। এবং তার গুণাবলী প্রদর্শনের জন্য কিছু হতে হবে।

239 আপনি কীভাবে জানবেন যে সেখানে রাত আছে, আপনি কীভাবে জানবেন যে সেখানে কিছু আছে? যদি এটা শুধু দিন হয়, তবে আপনি কীভাবে জানবেন যে সেখানে রাত আছে? সেখানে রাত আছে, যেন এটি দিনের আলো প্রমাণ করতে পারে। অবশ্যই, আছে। আমেন। দেখুন তিনি কি করেছেন?

240 কিন্তু যখন তিনি দিগন্তরেখার ওপারে ছিলেন, জগৎপত্তনের পূর্বে, তিনি এই পুরানো সূর্য গ্রহণ করার আগে এবং তিনি এটিকে এই পুরানো নক্ষত্রের পাশে স্থানান্তরিত করার আগে যেখানে আমরা এখন বাস করছি, এই পৃথিবীতে, আর তিনি এটা এখানে গঠন করলেন এবং সূর্যের পাশে স্থাপন করলেন। বললেন, *এখানে* সূর্য। তিনি এটিকে *এই* দিকে গঠন করলেন, এবং তাকে সেখানে একশ বিলিয়ন বছর ধরে থাকতে দিলেন। তিনি কি তৈরি করছিল ? কিছু গ্যাস। তিনি *এদিক* ফিরে তাকিয়ে, তিনি অন্য কিছু তৈরী করলেন। তিনি সেখানে কি তৈরি করছিলেন ? কিছু পটাশ। তিনি *এদিক* ফিরে তাকিয়ে, আর তিনি এখানে কি করছিলেন ? কিছু ক্যালসিয়াম তৈরি করছিলেন। তিনি কি করছিলেন ? তিনি আপনাকে এবং আমাকে তৈরি করেছিলেন। তিনি কি করেছিলেন ? নির্মাণকারী যেমন তার দুই-বাই-চার এবং দুই-বাই-আট-এর সবগুলোই সাজিয়ে রাখেন, তার বিস্তৃতি, তার পার্শ্ব, তিনি জানতেন ঠিক কতগুলো ভবন তিনি বানাতে যাচ্ছেন। আর আমরা পৃথিবীর ষোলটি উপাদান দিয়ে তৈরি, এবং তিনি আমাদের সকলকে তৈরি করছিলেন, এবং পৃথিবীতে আসার আগে আমাদেরকে সেখানে রেখেছিলেন। আর তিনি...সে সময় হয়তো আয়তাকার ছিল; আমি জানি না এটা কিরকম ছিল। তিনি কিসের জন্য সোনা, তামা, পিতল, জল এবং এই সমস্ত জিনিস তৈরি করেছিলেন ? তিনি একজন নির্মাণকারী। তিনি হতে পারে...নির্মাণকারী, তিনি সেখানে সবকিছু বিছিয়ে রেখেছিলেন, সবকিছুই কাটা এবং সাজানো ছিল। যখন তিনি এটির সমস্ত তৈরি করলেন, তখন এটি একটি বড় আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত হয়। তিনি আগ্নেয়গিরিকে সেখানে দশ কোটি বছর ধরে জন্মাতে দেন, কিছু ক্যালসিয়াম তৈরি করার জন্য। এটি কি ? এটি আপনার অংশ।

241 আর তারপরে, এই পৃথিবীতে জীবনের একটি অংশ আসার আগে, আমাদের দেহ এখানে শুয়ে ছিল। হালেলুইয়া ! এক ফোঁটা আর্দ্রতা পৃথিবীতে আসার আগে আমরা এখানে শুয়ে ছিলাম। আদম যখন এদন উদ্যানে এদিকে-ওদিকে হাঁটছিলেন, আমি এখানে শুয়ে ছিলাম। আমেন। হ্যাঁ, মহাশয়। ওহ, গৌরব ! যখন করূবেরা, প্রভাতীয় নক্ষত্রগণ একসঙ্গে আনন্দরব করিল, এবং ঈশ্বরের পুত্রগণ সকলে জয়ধ্বনি করিল, আমি এখানে শুয়ে ছিলাম শুধু জীবনের নিঃশ্বাস আসার অপেক্ষায়। আমি এখানে ছিলাম। তিনি আমাকে এখানে তৈরি করেছেন, আমার দেহ এখানে শুয়েছিলেন। হ্যাঁ, মহাশয়। তা না হলে, এটা কোথা থেকে আসলো ? হুহ ? কিভাবে এটা এখানে আসলো ? ঈশ্বর এটা এখানে শুয়ে রেখেছিলেন।

ঈশ্বর এটা তৈরি করেছেন। আমরা ষোলটি উপাদান দিয়ে তৈরি: পেট্রোলিয়াম, পটাশ এবং মহাজাগতিক আলো এবং আরও অনেক কিছু। দেখুন, আমরা এখানে শুয়ে ছিলাম।

242 তারপর কি হল? তারপর ঈশ্বর পবিত্র আত্মাকে বললেন, আমরা শুধু প্রতীক আকারে নিব, "এখন তুমি যাও, আর তুমি সেই জগতে প্রেম করতে যাও। কারণ, আমি প্রেম, আর তোমরা আমার থেকে সৃষ্ট, তাই এখন তোমরা জগতের সঙ্গে প্রেম করতে যাও।" এবং বড় পবিত্র আত্মা, আমরা মনে করি, সেখানে বেরিয়ে আসে; এখন শুধু ছবির আকারে। এটা সেভাবে ছিল না। অবশ্যই, পবিত্র আত্মা এবং ঈশ্বর স্ব-একই উদ্দেশ্য, একই স্ব-একই উদ্দেশ্য, ব্যক্তি। আমাকে ক্ষমা করুন। আর শুধু বলার জন্য তিনি পৃথিবীর চারপাশে তার ডানা মেলে ধরেন, তিনি লালন-পালন করা শুরু করেন। লালন-পালন করা কি? যেমন মুরগি তার মুরগি ছানাদের সঙ্গে, ডাকে, প্রেম করে, "ক্লক, ক্লক, ক্লক।" উহু!

243 "হে জীবন, সামনে এসো!" তিনি চিৎকার করেছিলেন। তিনি আশেপাশে তাকালেন। "আমি এই পৃথিবীতে সৌন্দর্য চাই। আলো, সামনে এসো!" পবিত্র আত্মা একটি চলন্ত। এবং যখন তিনি করেন, আমি তাকাই; আসছে, অদূরে পাহাড়ের খাঁড়ি বেয়ে নেমে আসছে, অদূরে কিছু ক্যালসিয়াম ঢালা হচ্ছে, এবং পটাশের সাথে মিশে যায়। কিসে এটি রুপ নেয়? "জীবন, সামনে এসো!" এবং একটি ছোট্ট ইস্টার ফুল একটি পাথরের নীচে থেকে তার মাথাটি উঠায়। "পিতা, এখানে আসুন, ওটা দেখুন।"

244 "সেটা ভালো দেখাচ্ছে। শুধু লালন-পালন করা চালিয়ে যান।" তিনি লালন-পালন করে ফুল বের করে আনলেন। তিনি সমস্ত গাছপালা বের করে আনলেন। তিনি জীবজন্তু বের করে আনলেন। ধুলো থেকে পাখি উড়ে গেল। কিছুক্ষণ পর, একজন নর ও নারী উঠে এলো; একজন নর উঠে এলো, আর সেই ব্যক্তিটি নর ও নারী উভয়ই ছিল। উভলিঙ্গ নয়, এখন। শুধু, শুধুই তার মধ্যে ছিল, সেখানে একটি নারীর আত্মা ছিল।

245 আপনি যখন এমন একজন মানুষকে নিয়ে যান যে কাপুরুষ, সে হয়তো ঠিক আছে, ঠিক আছে, কিন্তু কিছু ভুল আছে। আর যখন আপনি একজন মহিলাকে নিয়ে যান, সে তার চুল কাটতে চায় এবং একজোড়া ওভারঅল পরতে চায়, এবং সেখান বাইরে যেতে চায়, আর, "ঈশ্বরকে মহিমান্বিত করুন, আমি আপনাকে বলবো!" সেখানে কিছু ভুল আছে। একজন নারীর নারীত্বের আত্মা

আছে, আর একজন পুরুষের পুরুষত্বের। আমরা সেটা জানি। এবং আপনারা সেটা জানেন। একজন মহিলাকে কি সঠিক দেখায়, একজন পুরুষের মতো আচরণ করে, হওয়ার চেষ্টা করে ?

246 কেন, আমি এক সময় বসে ছিলাম, আমি এখানে খেলার তত্ত্বাবধায়ক ছিলাম, আর আমি বাসে বসেছিলাম এবং সেখানে গিয়ে, সেই মহিলার পায়ে আমার হাত দিয়ে চাপড় মারছিলাম, তার সঙ্গে কথা বলছিলাম, এবং আমি জানতাম না এটি একজন মহিলা। তার এই ওয়েল্ডারের টুপিগুলির মতো একটি ছিল, আর *এইরকম* একটি বড় চশমা, এবং আমি ঠিক সেখানে বসে ছিলাম, এবং সে কিছু বিষয় সম্পর্কে অন্য কিছু বলছিল। সে বলছিল, “তুমি জান,” আর সে বলল, “আর গত রাতে,” সে যতটা রুক্ষ চেহারার হতে পারে, একটি সিগারেট ধূমপান করতে করতে। সে বলল, “গত রাতে, আমি আপনাকে বলছি, সেই লোকটি পিছলে পড়ে, সেই জিনিসটির উপরে। সে বলল, ‘আমার !’ সে ওখান দিয়ে পিছলে পড়ে যায়।” বলল, “আমি জীবনে এত হাসিনি।”

247 এবং আমি হাসছিলাম, আপনি জানেন, *এইভাবে*। আমি বললাম, “ছেলে, সে একজন, তাই না ?” ওখানে বসে কথা বলছে। এবং যদি সে সেই জিনিসটি সরিয়ে না নিয়ে মাথা না নাড়তো, আর সেখানে তার চুল ছিল, যে সে একজন মহিলা। আমি আমার জীবনে এত ছোট অনুভব করিনি। আমি—বললাম, “আপনি কি একজন মহিলা ?”

সে বলল, “কেন, নিশ্চয় !”

248 আমি বললাম, “আমাকে ক্ষমা করুন।” এমন কখনো দেখিনি। এখন, এটাই, এটাই সত্য।

249 আমি অন্য দিন একটি চিহ্ন দেখেছি, আমাকে রোমাঞ্চিত করে। এটি একটি বড় চিহ্ন ছিল, বলছিল, “মহিলা পোশাক পরার জন্য প্রস্তুত।” আমি ভাবলাম, “এর জন্য ঈশ্বরের প্রশংসা হউক।” দেখুন ? কিন্তু, খুঁজে পেলাম, এটি এমন এক ধরণের পোশাক যা তারা ইতিমধ্যেই তৈরি করেছে, আপনারা জানেন। আমি—আমি ভেবেছিলাম তারা সত্যিই পোশাক পরিধান করবে। আমি সত্যিই তাই ভেবেছিলাম। বলছিল, “মহিলারা পোশাক পরার জন্য প্রস্তুত।” আমি বললাম, “তাদের জন্য ঈশ্বরের প্রশংসা হউক। এটা ভালো। যে, আমি সত্যই এটির জন্য প্রভুকে ধন্যবাদ দিয়েছিলাম।” কিন্তু, দেখুন, এটি এমন কিছু পোশাক ছিল যা তারা ইতিমধ্যে তৈরি

করেছিল, কিছু। মজার কিছু হওয়ার দরকার, তাই না, এই দেশে? ঠিক আছে।

250 তারপর যখন আদম উঠে আসেন। এবং আদমকে একাকী লাগছিল, তাই তিনি তার পাশ থেকে একটি পাঁজর নিয়েছিলেন এবং হবাকে তার জন্য একটি উপজাত তৈরি করেছিলেন। তিনি তৈরি করেছিলেন...তিনি আদমের মধ্য থেকে নারীত্ব আত্মা নিয়েছিলেন এবং নারীর মধ্যে স্থাপন করেছিলেন, প্রেমের আত্মা, নারীত্ব, দয়ালু, কোমল। এবং তিনি আদমের মধ্যে পুরুষত্বের আত্মা রেখে দেন। এখন, ভিন্ন কিছু থাকলে, কোথাও একটা বিকৃতি আছে। এখন, এবং তারা দুইজন এক ছিল।

251 আর তাই বন্ধ করার আগে একটু নাটক নেওয়া যাক। এখন আসেন...এখানে, আদম হবাকে হাত ধরে বেরিয়ে আসে। আমি এই গল্পটি ভালোবাসি। আর তারা বাইরে বেরিয়ে আসে, আপনারা জানেন। আর হবা বলল, "ওহ, প্রিয়, তুমি বলতে চাইছ তুমি?"

"হ্যাঁ, আমি সেটির নাম দিয়েছি।"

"কিন্তু এটিকে তুমি কী বলো?"

"একে ঘোড়া বলে। আহ-হাহ।"

"ওটা কী?"

"ওটা গরু। আহ-হাহ।"

"এই নাম তুমি দিয়েছ?"

"হ্যাঁ। আহ-হাহ।"

252 "ওখানে যে দুজনে মাথা একসঙ্গে রেখে বসে আছে, তাদের তুমি কি বলো?"

"তারা প্রেমপাখি।"

253 "আচ্ছা, বুঝলাম। বুঝলাম।" আর এভাবেই আরো। "আর এই এখানে এটা কি?"

"আমি তাকে বলি, *সেটা*, এবং এটা এখানে।"

254 আর, "আচ্ছা, বুঝলাম। আহ-হাহ। ঐটা সুন্দর।" আর সিংহ গর্জন করে। "তুমি তাকে কি বলো?"

"এটাই সিংহ।"

"*এটা* কী?"

"বাঘ।"

255 আর, ওহ, যেমন...“ওহ, আমি বুঝতে পারলাম।” বিড়ালছানার মত, আপনারা জানেন, আর মিউ মিউ করে।

256 তাই, কিছুক্ষণ পর, সে চারপাশে তাকায়। সে বলল, “প্রিয়, ওদিকে দেখ, সূর্য অস্ত যাচ্ছে। মণ্ডলীতে যাওয়ার সময় হয়েছে।”

আপনারা জানেন, যখন সূর্য অস্ত যায় সেখানে কিছু আছে, আপনি আরাধনা করতে চান। আপনি যদি সেই রাতে মণ্ডলীতে না যান, আপনি একটি কক্ষে যেতে পছন্দ করেন, বাইবেল পাঠ করার জন্য। কতজন সেটা করতে ভালো বাসেন, নিজের কাছ থেকে সরে আসুন ? দেখুন ? এটা করা একজন মানুষের মধ্যেই আছে। আপনার এটা করা উচিত।

“মণ্ডলীতে যাওয়ার সময় হয়েছে।”

257 এখন, তারা কখনও বলেনি, “এখন, এখন এক মিনিট অপেক্ষা করুন, এখন, জোন্স অ্যাসেম্বলির অন্তর্গত, এবং আমরা এর অন্তর্গত...” না, তখন সেরকম কিছুই ছিল না, তাই তারা উঠে গেল। তাদের একটি গির্জা ছিল না, এমনভাবে বসার জন্য একটি ভাল আসন ছিল না। তারা জঙ্গলের বিশাল বড় ক্যাথিড্রালের নীচে যায় এবং নতজানু হয়।

258 এবং সেই আলোক বলয়টি ঝোপের মধ্যে ঝুলে ছিল। দেখুন ? আমি একটি আওয়াজ শুনতে পাচ্ছি এবং বলছে, “তোমাদের ঈশ্বর সদাপ্রভু তোমাদেরকে যা দিয়েছেন তা কি আজ আমার সন্তানেরা পৃথিবীতে উপভোগ করেছে ?”

259 “হ্যাঁ, প্রভু, আমরা আজ নিজেদেরকে উপভোগ করেছি।” “আমরা কি করিনি, প্রিয় ?”

260 “হ্যাঁ। হ্যাঁ, প্রিয়, আমরা করেছি।” “প্রভু, আমরা অবশ্যই আপনার প্রশংসা করি। এখন আমি ঘুমাতে শুয়ে পড়ি।” দেখুন ? এবং সে (পুরুষ) তার হাতটি বাড়িয়ে দেয়, আর সে (নারী) তার বাহুতে শুয়ে পড়ে, আর সে বাঘ এবং সিংহকে শুইয়ে দেয়, আর সকলে ঘুমিয়ে পড়ে; খুবই শান্তিপূর্ণ।

261 তাই ঈশ্বর নেমে আসেন এবং তিনি নামিয়ে আনেন, ওহ, একদল স্বর্গদূতকে, গাব্রিয়েল, তাঁর স্বর্গের সৃষ্টি। তাই তারা নেমে আসে এবং তারা শয্যাকক্ষে মধ্যে সাবধানে পদক্ষেপ করে, দেখুন, চারপাশে দেখুন। গাব্রিয়েল বললেন, “এখানে আসুন পিতা। এখানে আসুন। এখানে দেখুন। সে এখানে আছে। এখানে, এখানে আপনার সন্তানরা এখানে শুয়ে আছে।”

262 এখানে কতজন কখনও বিছানায় পাশে গিয়েছেন, আপনারা কোন কোন মায়েরা, এবং পিতারা একসঙ্গে, এবং ছোট ছেলেটির দিকে দেখেন, ছোট্ট মেয়েটির দিকে, এবং আপনারা একে অপরকে মনে করিয়ে দেন, "সে কি—সে কি তোমার মত দেখতে নয়, *এভাবে* আর *ওভাবে* ?" আপনি কি কখনও সেটা করেছেন ? কেন, অনেকবার গিয়ে মেডাকে বলি, জোসেফের কথা বলি। সে বলে, "বিল, সে তোমার মতো উঁচু কপাল পেয়েছে।"

263 "হ্যাঁ। কিন্তু, মেডা, তোমার মতো তার চোখ বড় বড়।" কেন ? সে আমাদের একটি অংশ...সে আমাদের—আমাদের মিলনের এক ফল।

264 এখন, আর পিতা বললেন, এই বিষয়ে বলতে পারেন। বললেন, "তুমি জানো..." আর গাব্রিয়েল বললেন, "আপনি জানেন, সে আপনার মত দেখতে।" ঈশ্বরকে এমনই দেখায়; নিজের দিকে দেখুন। ঈশ্বরকে এমনই দেখায়। সে আপনার মত দেখতে। আপনি তার বংশধর। কতজন সেটা জানেন ? দেখুন ?

265 এখন দেখুন। আমাদের জীবনের সর্বনিম্ন রূপ কী ? ব্যাঙ। জীবনের সর্বোচ্চ রূপ কি ? মানুষ। অবশ্যই। এবং সর্বোচ্চ রূপ কি ? এটি সর্বনিম্ন থেকে, উপরে, একটি ব্যাঙ থেকে *এটি* থেকে *সেটি*, আর পাখি, যতক্ষণ না, এইভাবে, জীবনের উচ্চতর আকারে, যতক্ষণ না এটি সর্বোচ্চ আকারে না আসে, যে পর্যন্ত এটি আসতে পারে, তারপর এটা ঈশ্বরের স্বরূপে তৈরি করা হয়েছিল। সেখানে আপনি। আর নারীকে ঈশ্বরের স্বরূপে তৈরি করা হয় নি, কিন্তু মানুষের স্বরূপে। দেখুন ?

এখন, এখন, সেখানে তারা। আর ঈশ্বর তাদের দিকে তাকিয়ে বললেন, "হ্যাঁ, তারা দেখতে—তারা সুন্দর দেখাচ্ছে।"

266 সেটা কি ছিল, ভাই ? তাদের কখনো মারা যেতে হয়নি। এটি ছিল প্রথম মুঠো ক্যালসিয়াম, প্রথম পটাশ এবং সবকিছুই এভাবে শুরু হয়েছিল। এটা কি সুন্দর না ? কিন্তু পাপ এসে ছবিটা নষ্ট করে দেয়। এখন, ঈশ্বর...ঈশ্বর এটাকে কি করার অনুমতি দেন ? আমরা কিছুক্ষণ আগে কথা বলছিলাম কেন তিনি এটি হতে অনুমতি দিলেন ? তিনি এর অনুমতি দিয়েছিলেন যাতে তিনি প্রমাণ করতে পারেন যে তিনি একজন পরিত্রাতা। তিনি এটা করেছেন। তিনি অসুস্থ হতে দেন, যাতে তিনি প্রমাণ করতে পারেন যে তিনি একজন আরোগ্যদানকারী। তিনি মৃত্যু হতে দিয়েছেন, প্রমাণ করার জন্য যে তিনি জীবন। দেখুন ? তিনি এই সমস্ত খারাপ বিষয় ঘটতে

দেন, প্রমাণ করার জন্য যে তিনি ভালো ছিলেন, তিনি কী ছিলেন। আমরা...

267 আপনি পরিত্রাণের গান গাওয়ার কথা বলেন ! কেন ভাই, যখন যীশু আসেন, এই—এই মণ্ডলী এই পৃথিবীর ধারে দাঁড়িয়ে থাকবে এবং পরিত্রাণের গান গাইবে, যখন স্বর্গদূতেরা তাদের মাথা নত করবে, আমরা কী বিষয়ে কথা বলছি তা না জেনে। ঠিক আছে, তারা কখনই হারিয়ে যায়নি। তারা জানে না আমরা কিসের মধ্য দিয়ে গেছি। আমরা জানি হারিয়ে যাওয়া এবং খুঁজে পাওয়ার অর্থ কী। ওহ, আমরা কি তাঁর প্রশংসা করতে পারি ! তিনি তাদের ত্রাণকর্তা নন। তাদের কখনই কোনো সঞ্চয়ের প্রয়োজন ছিল না। তিনি তাদের আরোগ্যদানকারী নন। না। মহিমা ! তিনি—তিনি তাদের কাছে জীবন নন। অবশ্যই না। তারা কখনই পাপ ও অপরাধে মৃত ছিল না। আমরা ছিলাম, এবং আমাদের জীবিত করা হয়েছে। সেখানে আমরা। আমরা কি বলব, আমাদের মুকুট খুলে নিয়ে, "ওহ, আপনি রেভ *অমুক-অমুক*" ? না, না, না, না, না। সমস্ত মহিমা তাঁর ! এটাই। সেখানে আপনি। তারপরে আমরা গল্পটি বলব কিভাবে আমরা পরিত্রাণ পেয়েছি। আমরা কালক্রমে এটি আরও ভালভাবে বুঝতে পারব।

268 তারপর, তারপর সেখানে, তারপর কী ঘটে ? ঈশ্বর কি তখন শুধু বলেছিলেন, "ঠিক আছে, আমি আমার সমস্ত পটাশ এবং ক্যালসিয়াম ধ্বংস করে দিব। সব নষ্ট হয়ে গেছে" ? না, না। তিনি জানতেন যে এটি এমনই হতে চলেছে।

এখন, এখন, যদি পবিত্র আত্মা আমাকে তৈরি করেন আমি যা আছি, এবং আমি খাবার খাই এবং আমার শরীরে পুনঃস্থাপন করি, এবং আমি এখন যা আছি তা তৈরি করি। এখন, তবুও, আমাকে আকারে তৈরি করা হয়েছিল। পৃথিবীর ভিত্তির আগে ঈশ্বর যে ছবি দেখেছিলেন, তা পরিপক্ক, বাস্তবায়িত হয়েছে। দেখুন ? এটি নারী থেকে বেরিয়ে আসে, যেমন তিনি বলেছিলেন; পরের বার, এটি ঈশ্বরের কাছ থেকে আসে। সেই সময়টি আসে, নারীর দ্বারা; এটা এই সময় আসে, মানুষের দ্বারা। দেখুন ? সেই সময়ে আসে, যৌন আকাঙ্ক্ষার দ্বারা; এটা ঈশ্বরের কথিত বাক্য দ্বারা এই সময় আসে। দেখুন ?

269 সেখানে, এখন, আমায় কিছু কি ক্ষতি করতে পারে ? না, মহাশয়। আমাদের ক্ষতি করতে পারে এমন কিছুই নেই। পৌল বলেছেন, "কি উপস্থিত বিষয় সকল, কি ভাবী বিষয় সকল,

অসুস্থতা, মৃত্যু; কিছুই আমাদের প্রভু খ্রীষ্ট যীশুতে অবস্থিত ঈশ্বরের প্রেম হইতে আমাদিগকে পৃথক্ করিতে পারিবে না।" আমাদের পৃথক্ করতে পারে এমন কিছু নেই।

270 যেমন আমি একটি ছোট গল্প বলেছি। আমি সম্পূর্ণভাবে টাক মাথাওয়ালা হয়ে যাওয়া থেকে প্রায় পাঁচটি চুল আছে। আর আমি কিছু সময় আগে এখানে সেই কয়েকটিকে চিরুনি করছিলাম, আমার স্ত্রী বললেন, "বিলি, আপনি প্রায় টাক মাথাওয়ালা হয়ে গেছেন।"

আমি বললাম, "তবে আমি তাদের একটিকেও হারাইনি।"

সে বলল, "তারা কোথায়?"

271 আমি বললাম, "আমি তাদের পাওয়ার আগে তারা কোথায় ছিল?" দেখুন? "আমি তাদের পাওয়ার আগে তারা যেখানে ছিল।"

এখন, এক সময় ছিল, একশো বছর আগে, এই চুলগুলি এখানে মোটেও ছিল না, তবে তারা এখানে ধুলোতে পড়েছিল। এটা কি ঠিক? তারপর প্রায় পঞ্চাশ বছর আগে, তারা আমার মাথায় আসতে থাকে। তারা কোথা থেকে আসে? ধুলোর থেকে। এবং এখন তারা যেখানে ছিল সেখানে ফিরে যাচ্ছে। এটা কি ঠিক? তখন তারা ছিল না, এখন তারা নেই। এটা কি? কি তাদের সেটা তৈরি করেছে? ঈশ্বর! তিনি সেখানে। তিনি একটি ছবি এঁকে বললেন, "আমি তাকে এভাবেই চাই।"

272 "মৃত্যু, তোমার হুল কোথায়? কবর, তোমার জয় কোথায়?" তুমি হয়তো এই একদিন আমাকে কবর দিতে পারো। আমি জানি না। কিন্তু ভাই, আমি মরবো না। আমি আপনাকে এটি বলব। না, মহাশয়। উঁহু!

আমরা পুনরুত্থিত হব, (হালেলুইয়া!)
আমরা পুনরুত্থিত হব!
সেই পুনরুত্থানের সকালে,
যখন মৃত্যুর কয়েদ ভেঙ্গে যায়,
আমরা পুনরুত্থিত হব, (হালেলুইয়া!)
পুনরুত্থিত হব।

আমাকে কিছুই পুনরুত্থিত হতে বাধা দিতে পারে না। সমস্ত নরকে যথেষ্ট শয়তান নেই যে আমাকে উঠতে বাধা দিতে পারে। আমাকে পুনরুত্থিত হতে বাধা দেওয়ার মতো পর্যাপ্ত কিছুই নেই। আমার কাছে ঈশ্বরের প্রতিশ্রুতি আছে। আমার কাছে পবিত্র আত্মা আছে। আমার কাছে জোয়ী (Zoe) আছে, ঈশ্বরের অনন্ত জীবন, এখানে

বিশ্রাম নিচ্ছে। এই পুরানো মৃতদেহ সেখান থেকে এসেছে, এবং ঈশ্বর আমাকে মাটি থেকে বের করে এনেছেন। এবং যদি তিনি আমাকে মাটি থেকে বের করে আনেন...

273 যখন আমার বয়স হয়ে গেছে, এখন, যতবারই আমি গির্জার ঘণ্টা শুনি, কিছু না কিছু আমার সঙ্গে কথা বলে, একটি ছোট্ট বালক। ঝোপ থেকে একজন স্বর্গদূত কথা বললেন, "তুমি কখনই মদ্যপান ও ধূমপান করবে না। আমার কাছে তোমার জন্য একটি কাজ আছে। আপনার শরীরকে অপবিত্র করবে না, অথবা মহিলা ইত্যাদি নিয়ে দৌড়াবে না। তুমি, যখন তুমি বড় হবে, আমার কাছে তোমার জন্য একটি কাজ আছে যা তোমাকে করতে হবে।"

"আপনি কে ? আপনি কে ?"

274 "তুমি পরে এই বিষয়ে আরও জানতে পারবে।" কিছুক্ষণ পর, তিনি এখানে আসেন। তিনি বাপ্তিস্মার সময় অদূরে অবস্থান করেন। তিনি নিজেকে প্রকাশ করেন। তিনি নিজেকে ঘোষণা করেন। তিনি উত্তর দেন। আমি তাঁকে অদূরে, সর্বত্র, সকল স্থানে দাঁড়িয়ে থাকতে দেখি।

275 আপনি কিভাবে, যদি তিনি আমাকে তৈরি করেন আমি যা আছি, কোন বিকল্প ছাড়াই... ? আমি সেখানে যাইনি এবং বলিনি, "এখন, চার্লি ব্রানহাম, তুমি এলা হার্ভেকে বিয়ে করো এবং আমাকে পৃথিবী থেকে বের করে আন।" না, মহাশয়। আমার কাছে এর কোন বিকল্প ছিল না। ঈশ্বর সেটা করেছেন।

আর যদি তিনি আমাকে তৈরি করেন আমি যা আছি, কোন বিকল্প ছাড়াই; আর কত বেশী, যখন সেই পবিত্র আত্মা আমাকে লালন-পালন করে, এবং আমি বলি, "হ্যাঁ, প্রভু, আপনি আমার সৃষ্টিকর্তা। আমি আপনাকে ভালোবাসি, আর আমি আপনাকে আমার পরিত্রাতা হিসাবে গ্রহণ করি !" আপনি কেমন করে আমাকে ধুলোয় আটকে রাখবেন ? এটা করতে পারবেন না ভাই। এটা করতে পারবেন না।

276 ঈশ্বর এই ক্যালসিয়ামের এক টুকরো, অথবা পটাশের, অথবা অন্য কিছু তৈরি করেননি, যা কখনও—কখনও নষ্ট হতে পারে। "পিতা যে সমস্ত আমাকে দেন, জগৎপত্তনের পূর্ব থেকে, সে সমস্ত আমারই কাছে আসিবে।" হু ! আমার চিৎকার করতে ইচ্ছা করছে; সত্যই তাই। "পিতা যে সমস্ত আমাকে দেন, সে সমস্ত আমারই কাছে আসিবে, এবং তাহারা কেহই হারাইবে না, কিন্তু শেষ দিনে আমি তাহাদিগকে পুনরায় উঠাইব।" আমি তাকে ডাকতে শুনেছি,

যখন আমি তার কাছে আসি। কিভাবে তারা আমাকে মাটির ধুলায় রাখবে ? আমার মুখে বেলচা দিয়ে চাপড়ানোর জন্য পৃথিবীতে পর্যাপ্ত দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি নেই, আমাকে মাটির ধুলায় রাখার জন্য। আমি একদিন উঠব এবং তাঁর সাদৃশ্যে দাঁড়াব, তাঁর রক্তে ধুয়ে, তাঁর আত্মা দ্বারা জন্মগ্রহণ করে ! হালেলুইয়া ! আপনারা যত ধর্মসম্প্রদায় চান তৈরী করুন; আমি যীশুকে গ্রহণ করব। আমেন !

277 বীমা করার লোক আমার কাছে আসেন। উইলমার স্নাইডার, আমার একজন ভালো বন্ধু। তিনি বললেন, "বিলি, আমি আপনাকে একটি বীমা পলিসি বিক্রি করতে চাই।"

278 আমি বললাম, "আমি ইতিমধ্যে এটা করেছি।" (আমার স্ত্রী তাকালেন, যেন বলতে চান, "কি জন্য মিথ্যা বলছ, ছেলে ?")

বললেন, "আপনি বীমা করেছেন ?"

আমি বললাম, "হ্যাঁ, মহাশয়।"

বললেন, "এটা কোন কোম্পানির সঙ্গে ? এটা কি ?"

279 আমি বললাম, "ধন্য আশ্বাস, যীশু আমার, ওহ, ঐশ্বরিক মহিমার কি একটি পূর্বাভাস ! পরিত্রাণের উত্তরাধিকারী, ঈশ্বরের দ্বারা ক্রয় করা, তাঁর আত্মা থেকে জন্ম নেওয়া, তাঁর রক্তে ধৌত।"

280 তিনি বললেন, "এটা ভালো, বিলি, কিন্তু এটি আপনাকে কবরস্থানে রাখবে না।"

281 আমি বললাম, "এটা আমাকে বের করে আনবে।" হালেলুইয়া ! আমি সেখানে যাওয়ার বিষয়ে চিন্তিত নই; এটা বেরিয়ে আসা।

282 সুতরাং, আমি একটি বীমা পেয়েছি যা আমাকে বলে, "আমি লইয়া আসিব। পিতা যে সকলকে আমাকে দিয়েছেন তাহারা সকলেই আমার।" আমার বাবা কী করেছেন, আমার মা কী করেছেন, কে কি ছিলেন। "পিতা যে সমস্ত আমাকে দেন, সে সমস্ত আমারই কাছে আসিবে, পিতা, যিনি আমাকে পাঠাইয়াছেন, তিনি আকর্ষণ না করিলে কেহ আমার কাছে আসিতে পারে না।" হালেলুইয়া ! কেন তিনি তাদের আকর্ষণ করেন ? "আমি পৃথিবীর ভিত্তির পূর্ব থেকেই তাদের জানতাম। যখন আমি মেষশাবককে হত্যা করি, তখন আমি তাকে তার সঙ্গে হত্যা করেছি।" আমেন। "আমি মণ্ডলীকে পূর্বনির্ধারিত করেছি।" পূর্বনির্ধারিত কাকে করা হয়েছে ? মণ্ডলীকে। আপনি কিভাবে মণ্ডলীতে প্রবেশ করতে পারেন ? "সকলেই এক দেহ হইবার জন্য একই আত্মাতে বাপ্তাইজিত হইয়াছি।" তিনি জানতেন, জগৎপত্তনের পূর্ব থেকে, আমরা সেখানে থাকব।

"তিনি যাহাদিগকে পূর্ব্বে নিরূপণ করিলেন, তাহাদিগকে আহ্বানও করিলেন। আর যাহাদিগকে আহ্বান করিলেন, তাহাদিগকে ধার্ম্মিক গণিতও করিলেন; আর যাহাদিগকে ধার্ম্মিক গণিত করিলেন, তাহাদিগকে প্রতাপান্বিতও করিলেন।"

283 ঈশ্বরের পুস্তকে, তিনি বলেছিলেন যে তিনি ঠিক সেখানেই আমার সঙ্গে দেখা করবেন। অধোলোকে সমস্ত শয়তানরা তাদের অন্য কোথাও রাখতে পারে না তবে তাদের সেখানে আসতে বাধা দেয়, কারণ ঈশ্বর তাই বলেছেন, এবং সেটা এটির নিষ্পত্তি করে। যদি একশ বিলিয়ন বছর আগে পৃথিবী সৃষ্টি হতো, প্রভাতীয় নক্ষত্রগণ একসঙ্গে আনন্দরব করেছিল এবং ঈশ্বরের পুত্রগণ সকলে জয়ধ্বনি করেছিল, পৃথিবীর ভিত্তি স্থাপন হওয়ার পূর্বে, দেখুন, ভিত্তি স্থাপন হওয়ার পূর্বে..., আর স্বর্গদূতেরা এবং বাকি সকলে আনন্দিত ছিল, এটি বিষয়ে চিৎকার করছিল, পৃথিবীর ভিত্তি স্থাপন হওয়ার পূর্বে, কিভাবে শয়তান আমাকে পৃথিবীর মাটির ধুলায় রাখবে ? এটা করতে পারবে না। আপনি ঠিক।

284 দেখা যাক, এখন। আমি এখানে গণতন্ত্রের সময় পেয়েছি। এগারোটা বাজতে বিশ মিনিট বাকি। দশটা বাজতে বিশ মিনিট বাকি। এটা কি ঠিক, ভাই উড ? এটা ঠিক, দশটা বাজতে বিশ মিনিট বাকি। সবাই খুশি ?

ওহ, আমি ভ্রমণ করার মত অনুভব করছি,
আমি ভ্রমণ করার মত অনুভব করছি;
আমার স্বর্গীয় আবাস উজ্জ্বল এবং ন্যায্য,
এবং আমি ভ্রমণ করার মত অনুভব করছি।

ওহ, আমি ভ্রমণ করার মত অনুভব করছি,
আমি ভ্রমণ করার মত অনুভব করছি;
আমার স্বর্গীয় আবাস উজ্জ্বল এবং ন্যায্য,
এবং আমি ভ্রমণ করার মত অনুভব করছি।

285 আপনি কি এমন পুরানো গান পছন্দ করেন ? একটা পুরনো গান ছিল আমরা গাইতাম, বিষয়টি ছিল, "অনুগ্রহ ও করুণা আমাকে খুঁজে পেয়েছে। সেখানে প্রভাতীয় নক্ষত্রগণ জ্বলে উঠল।" এটা কি, বোন গের্টি ? দেখা যাক। কিভাবে...এটা কি, ভাই নেভিল ? দেখুন, কিছু, "অনুগ্রহ ও করুণা আমাকে খুঁজে পেয়েছে। সেখানে উজ্জল প্রভাতীয় নক্ষত্রগণ দেখায় তাঁর... ?...আমার চারপাশে।" আহ-হাহ। হ্যাঁ। "ক্রুশে।" আমাদেরকে এর উপর একটি সুর দিন, বোন, ওটা, *ক্রুশের কাছে*। এখানে আসুন, ভাই নেভিল। ওহ,

আমি এগুলি পছন্দ করি। পুরানো অনুপ্রাণিত গানগুলি কতজন পছন্দ করেন ? আপনারা আপনাদের সমস্ত উপরে-নিচে লাফানো এবং বুগি-উগি নিতে পারেন। আমাকে এটা দিন, "এখানে অনুগ্রহ এবং করুণা আমাকে খুঁজে পেয়েছে।" এটাই। ঠিক আছে, এখন মধুর ভাবে।

যীশু, আমাকে ক্রুশের কাছে রাখুন,
সেখানে একটি মূল্যবান ঝর্ণা আছে,
সবার জন্য বিনামূল্যে, একটি নিরাময়ের স্রোত,
কালভেরী পর্বত থেকে প্রবাহিত হয়।

ক্রুশে, ক্রুশে,
সর্বদা আমার মহিমা হন;
যতক্ষণ না আমার স্বর্গারোহিত আত্মা খুঁজে পায়
বিশ্রাম নদীর ওপারে।

286 [ভাই ব্রানহ্যাম গুনগুন করেন *ক্রুশের কাছে*—সম্পাদকীয়।] ওহ, কি সুন্দর! এটা ভাবুন! যদি কোন ত্রাণকর্তা না থাকে? যদি আমাদের কাছে এই বাক্য না থাকে? তিনি যদি আপনাকে না ডাকতেন? যদি তিনি আপনাকে পূর্ব্বে না জানতেন, এবং আপনি আজ রাতে এই বাকি বিশ্বের সঙ্গে বাইরে থাকতেন? আপনি কি তাকে ভালোবাসেন? ওহ, আমার! সকাল সাড়ে নয়টার সভা ভুলে যাবেন না।

ক্রুশে, ক্রুশে,
সর্বদা আমার মহিমা হন;
যতক্ষণ না আমার স্বর্গারোহিত আত্মা খুঁজে পায়
বিশ্রাম ওপারে...

287 এখন আমাদেরকে *স্থান ঝর্ণার ধারে* -এর জন্য সুর দিন। এটি পুরানো ভালো গান, "সেখানে স্থান আছে ঝর্ণার ধারে।" এটা কতজন জানেন? "স্থান, স্থান, হ্যাঁ, সেখানে স্থান আছে, স্থান ঝর্ণায় ধারে।" আপনি যখন এটি গাইবেন, নিঃশব্দে আপনার পাশে সেই ভাইয়ের সঙ্গে করমর্দন করুন। আপনারা জানেন, এখন সকল মেথডিস্টদের জন্য স্থান আছে। ব্যাপ্টিস্টদের জন্য স্থান আছে। পেন্টিকোস্টালদের জন্য স্থান আছে। ঝর্ণায় ধারে এখন আমাদের সকলের জন্য স্থান আছে। পুরাতন গানটি কতজন জানেন? ওহ, আপনারা অবশ্যই জানেন। আপনাদের মধ্যে কিছু প্রাচীন ব্যক্তিরা, এটি একটি ভালো, পুরাতন কেন্টাকি গান এখন।

স্থান, স্থান...

করমর্দন করুন।

...হ্যাঁ, সেখানে স্থান আছে,
ঝর্ণায় কাছে আপনার জন্য স্থান আছে;
স্থান, স্থান, হ্যাঁ, স্থান আছে,
ঝর্ণায় কাছে আপনার জন্য স্থান আছে।

ওহ, স্থান, স্থান, প্রচুর স্থান আছে,
ঝর্ণায় কাছে আপনার জন্য স্থান আছে;
ওহ, স্থান, স্থান, হ্যাঁ, স্থান আছে,
ঝর্ণায় কাছে আপনার জন্য স্থান আছে।

288 এখন, আমার কাছে আপনার জন্য একটি ছোট চমক আছে। সমস্ত সাম্প্রতিক বার্তা, এবং বই, এবং সবকিছু, গির্জার অন্য প্রান্তে বিক্রি করা হবে, পরের সপ্তাহে, সভাতে; টেপ এবং সবকিছু, এবং সবকিছু, চমৎকার সাহিত্য আকারে। পিছনের দিকে একটি টেবিল থাকবে, একটি ঘরে। এবং সাহিত্য, সাম্প্রতিক বার্তা, এবং কিছু চমৎকার পাঠ্য যা প্রকাশিত হয়েছে, নতুন বই রুপে, নতুন সংস্করণ, সব কিছু রাখা হবে, ভবনের—ভবনের শেষে, পরের বুধবার রাতে।

এবং আমরা প্রত্যাশা করছি প্রভুতে একটি—একটি ভালো সময়। আসুন, এখন প্রার্থনা করি। এখন, আপনার অসুস্থ এবং পীড়িতদের ডাকুন, তাদের একটি চিঠি লিখুন। এখানে এখানে নিয়ে আসুন। আমরা...ঈশ্বর সামর্থের সঙ্গে গমনাগমন করবেন। এবং আমরা জানি যে তিনি এখন এটি করবেন।

289 এবং এখন আমি এমন প্রত্যেকের কাছে গিয়েছি যাকে আমি জানতাম, সামান্য কিছু ছিল। এখন যদি কিছু পথের বাইরে থাকে, মনে রাখবেন, আমি আপনাকে অনেক আগে বলেছিলাম, আমরা এটি সোজা করতে যাচ্ছি। আর আমি জানি যে আপনারা জানেন যে এখানে যে আত্মা ছিল তার থেকে আলাদা একটি আত্মা আছে। দেখুন ? দেখুন ? দেখুন ? সেটা ঠিক। এখন, এটিকে আর ছেড়ে যেতে দিবেন না। আমি যীশু খ্রীষ্টের সামনে আপনাকে নির্দেশ দিচ্ছি, এটিকে ছেড়ে যেতে দিবেন না। এর সঙ্গে এখানেই থাকুন, দেখুন, সবকিছু ইস্ত্রি করে রাখুন এবং এর সঙ্গে এগিয়ে যান। আপনারা ভ্রাতৃবৃন্দ। আপনার ভাই অথবা বোন কখনও ভুল করেন না; এটা শয়তানের আত্মা সেখানে প্রবেশ করে। দেখুন, সে ঘুরে বেড়াচ্ছে। শুধু ভাই অথবা বোনের জন্য দুঃখ বোধ করুন এবং জানুন এটি শয়তান এর মধ্যে রয়েছে। আপনার যদি এটি সম্পর্কে কিছু অনুভূতি থাকে তবে আপনি তা দ্রুত আপনার কাছ থেকে বের করে আনুন,

আপনি দেখুন, কারণ এটি আপনাকে বিরক্ত করবে। হ্যা, এটা করবে। সুতরাং, এটা থেকে দূরে থাকুন। শুধু মনে রাখুন।

স্থান, স্থান, প্রচুর স্থান আছে,

মেথডিস্টদের জন্য স্থান আছে, ব্যাপ্টিস্টদের জন্য স্থান আছে, প্রেসবিটেরিয়ানদের জন্য স্থান আছে। সকলের জন্য স্থান আছে।

স্থান, স্থান, হ্যাঁ, স্থান আছে,
ঝর্ণায় কাছে আপনার জন্য স্থান আছে।

290 আমাদের পুরনো বিদায় গানের কথা কতজনের মনে আছে ?

আপনার সঙ্গে যীশুর নাম নিন,
দুঃখ এবং সন্তাপের সন্তান;
এটি আপনাকে আনন্দ এবং সান্ত্বনা দিবে,
আপনি যেখানেই যান এটি নিয়ে যান।

ভালো হত যদি আপনি আমাদের সঙ্গে থাকতে পারেন, ভাই জেফ্রিস, আপনি এবং বোন জেফ্রিস আর ছেলেরা এবং তাদের সকলেই।

আর তারপর যীশুর নামে নত হওয়া,
তাঁর পায়ে প্রণত হয়ে, (ওহ, আমার !)
স্বর্গে রাজাদের রাজা আমরা তাকে মুকুট পরিধান
করাব,
যখন আমাদের যাত্রা শেষ হবে।

আপনার সঙ্গে যীশুর নাম নিন,
আজ এটিকে ঢাল হিসাবে নিন;
ওহ, যখন প্রলোভন নিকটবর্তী হয়,
প্রার্থনায় সেই পবিত্র নামটি শ্বাস নিন।

ওহ, আমি সেটা ভালোবাসি। আপনারা কি করেন না ? যীশুর সেই বিস্ময়কর নাম ! এখন, আসুন এখনই উঠে দাঁড়াই, যখন আমরা গান গাই। ঠিক আছে।

আপনার সঙ্গে যীশুর নাম নিন,
দুঃখ এবং সন্তাপের সন্তান;
এটি...(... ?...)

...ওহ্ কত মধুর!
পৃথিবীর আশা এবং স্বর্গের আনন্দ;
মূল্যবান নাম, (ওহ, মূল্যবান নাম!) হে কত মধুর!
পৃথিবীর আশা এবং স্বর্গের আনন্দ।

291 এটা এখন একটু ভিন্ন। আসুন এখন মাথা নত করি, এবং, সত্যিকারের নিঃশব্দে, আসুন এক হাত তুলে বলি:

যীশুর নামে নত হওয়া,
তাঁর পায়ে প্রণত হয়ে,
স্বর্গে রাজাদের রাজা আমরা তাকে মুকুট পরিধান করাব,
যখন আমাদের যাত্রা শেষ হবে।

অমূল্য নাম, ওহ্ কত মধুর!
পৃথিবীর আশা এবং স্বর্গের আনন্দ;
হ্যাঁ, মূল্যবান নাম, ওহ্ কত মধুর!
পৃথিবীর আশা এবং স্বর্গের আনন্দ।

292 আমাদের মাথা নত রেখে, আমরা বলি...[ভাই ব্রানহাম গুনগুন করেন *আপনার সঙ্গে যীশুর নাম নিন*—সম্পাদকীয়।]

***কেন আমরা ধর্মসম্প্রদায় নই?*** BEN58-0927

(Why Are We Not A Denomination?)

ভাই উইলিয়াম মেরিয়ন ব্রানহামের দ্বারা এই বার্তাটি, ইংরেজী ভাষায় শনিবার সন্ধ্যায়, ২৭ সেপ্টেম্বর, ১৯৫৮ খ্রীষ্টাব্দে, জেফারসনভিলে, ইন্ডিয়ানা, মার্কিন যুক্তরাষ্ট্রের ব্রানহাম ট্যাবারনাকেলে প্রচার করা হয়েছিল, ম্যাগনেটিক টেপ রেকর্ডিং থেকে নিয়ে ইংরেজীতে অসংক্ষেপিত রূপে মুদ্রিত করা হয়েছে। এই বাংলা অনুবাদটি ভয়েস অফ গড রেকর্ডিং দ্বারা মুদ্রিত এবং বিতরণ করা হয়েছে।

BENGALI

©2023 VGR, ALL RIGHTS RESERVED

VOICE OF GOD RECORDINGS, INDIA OFFICE
19 (NEW NO: 28) SHENOY ROAD, NUNGAMBAKKAM
CHENNAI 600 034, INDIA
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

VOICE OF GOD RECORDINGS
P.O. BOX 950, JEFFERSONVILLE, INDIANA 47131 U.S.A.
www.branham.org

## সত্ত্বাধিকার বিজ্ঞপ্তি

**সমস্ত অধিকার সংরক্ষিত।** যীশু খ্রীষ্টের সুসমাচার বিস্তার করার সাধনী হিসেবে এই বই বাড়িতে মুদ্রিত করা যেতে পারে ব্যক্তিগত ব্যবহারের জন্য অথবা বিনামূল্যে বাইরে বিতরণ করার জন্য। এই পুস্তক ভয়েস অফ গড রেকর্ডিংস®এর লিখিত অনুমতি ছাড়া বিক্রি, প্রচুর মাত্রায় অনুলিপি করা, ওয়েবসাইট এ প্রদর্শন করা, সংরক্ষণ করা যায় এমন প্রণালীতে, অন্য ভাষাগুলিতে অনুবাদ করা, তহবিল এর জন্য আমন্ত্রণ করা যাবে না।

দয়া করে, আরও তথ্যের জন্য বা অন্যান্য উপলব্ধ উপাদানের জন্য যোগাযোগ করুন:

ভয়েস অফ গড রেকর্ডিংস

পোঃ বক্স ৯৫০, জেফারসনভিল্লে,ইন্ডিয়ানা ৪৭১৩১, ইউ.এস.এ.

www.branham.org